আয়োজন।

অর্থাৎ

দেবার্চ্চনা, দশকর্ম্ম, শ্রাদ্ধ, যাগযজ্ঞ, ব্রত
ও ব্রত প্রতিষ্ঠায় আবশ্যক
বিধিবিহিত
দ্রব্যসংগ্রহের বিবরণ।

শ্রীমদনমোহন শর্ম্ম চৌধুরী কর্ত্তৃক
সঙ্কলিত ও প্রকাশিত।

কুড়িগ্রাম

বিভাকর যন্ত্রে
শ্রীপ্রকাশচন্দ্র বিশ্বাস কর্ত্তৃক
মুদ্রিত।

শকাব্দা ১৮১৬।

ভূমিকা।

আজ কাল হিন্দুর মধ্যে শাস্ত্রবিহিত ক্রিয়াকাণ্ড অনেকাংশে বিলোপপ্রাপ্ত হইয়াছে, তথাপি যাহা প্রচলিত আছে ও নিষ্ঠাবান্ হিন্দুগণ যাহার অনুষ্ঠান করিয়া থাকেন, তাহাতে প্রায়ই দেখিতে পাওয়া যায় যে, অনভিজ্ঞতা বশতঃ অনেকেই ক্রিয়াবিশেষের দ্রব্যসংগ্রহ উচিতমত ও উচিত সময়ে করিতে না পারাতে উপস্থিত কালে বড়ই ব্যতিব্যস্ত ও বিপন্ন হইয়া পড়েন, এবং তাহাতে কার্য্যেরও বিশৃঙ্খলতা ঘটে। আমি এইরূপ ঘটনার বিষয় অনেক শুনিতে পাই, এবং কয়েকটি প্রত্যক্ষও করিয়াছি; এই অসুবিধার কিয়দংশও দূরীকৃত হইতে পারে, এই উদ্দেশ্যে আমি "আয়োজন" নামক এই ক্ষুদ্র পুস্তক খানি হিন্দুসাধারণের নিকট উপস্থাপিত করিলাম। দেবার্চ্চনবারিধি, সর্ব্বসংকর্ম্মপদ্ধতি ও ব্রতমালা প্রভৃতি কতিপয় মুদ্রিত পুস্তক এবং এতদ্দেশে প্রচলিত কতিপয় হস্তলিখিত পুঁথি অবলম্বনে এই পুস্তকখানি সঙ্কলিত হইয়াছে। ক্রিয়াকর্ম্মে কেবল দ্রব্যসংগ্রহ ব্যতীত অন্যান্য বিষয় অর্থাৎ ক্রিয়াবিশেষের মোটামুটি ব্যয় নিরূপণ করিয়া দেওয়া যুক্তিযুক্ত বিবেচনায় তত্তদ্বিষয় সম্বলিত করিয়া এই পুস্তকের একটি পরিশিষ্টভাগ বিরচিত হইয়াছে। যে যে বিষয়ের দ্রব্যসংগ্রহ বিবরণ লিখিত হইয়াছে, সূচীপত্র পাঠ করিলেই তাহা জানিতে পারিবেন। পাঠকের সুবিধার জন্য সূচীভাগ বর্ণানুক্রমে বিন্যস্ত হইয়াছে।

ছাপা শেষ হওয়ার পর কয়েকটি স্থল ভ্রমপূর্ণ ও দুর্ব্বোধ্য পরিদৃষ্ট হওয়াতে তত্তদ্বিষয়ের সংশোধন পুস্তকের প্রথমাংশেই "বিশেষ দ্রষ্টব্য" স্থলে লিখিত হইল।

এই পুস্তকের লিখিত বিবরণ সকল যাঁহাদের সম্যক্ বিদিত ও অভ্যস্ত আছে, ইহা দ্বারা তাঁহাদের কোন সাহায্য হউক বা না হউক, কিন্তু যাঁহারা সম্পূর্ণ বা আংশিক এতদ্বিষয় অবগত নহেন, প্রত্যুত তাঁহাদিগেরই যে কতকটা উপকার হইতে পারে ইহাই আমার বিশ্বাস। অতএব কি নিম্নশ্রেণী কি উচ্চ শ্রেণী সকল হিন্দু মহোদয়ের নিকট নিবেদন এই যে তাঁহারা নিত্য প্রয়োজনীয় গৃহপঞ্জিকারন্যায় পুস্তক খানি ঘরে ঘরে রাখেন।

পরিশেষে পুনর্নিবেদন এই যে,—এই পুস্তক খানিতে কেহ কোন ভ্রম বা অসম্পূর্ণতা দেখিতে পাইলে, তাহা অনুগ্রহ পূর্ব্বক আমাকে লিখিয়া জানাইবেন, যদি কখনও ইহার দ্বিতীয় মুদ্রাঙ্কণ করিতে হয়, তখন ঐ সকল স্থল সংশোধিত হইবে, অলমতিবিস্তরেণ।

কুড়িগ্রাম, (রংপুর)
জ্যৈষ্ঠ, ১৩০১।
} শ্রীমদনমোহন শর্ম্মা।

"আয়োজন" সম্বন্ধে পণ্ডিতগণের অভিমত।

আমি মদন বাবুর প্রণীত "আয়োজন" খানি দেখিয়াছি, তাহাতে আমার বিশ্বাস, অবিলম্বে এই পুস্তক বিক্রীত হইবে;—অভাব বশতঃ পুন মুদ্রণ করিতে হইবে।

এতদ্দেশে যাজনিকতা ব্যবসায়ী অনেক লোক; তন্মধ্যে অধিকাংশ সংস্কৃতানভিজ্ঞ। ইঁহারা অতি যত্নসহকারে আয়োজন গ্রহণ করিবেন। সংস্কৃতজ্ঞ যাজকমধ্যেও অনেকে অনায়াসে প্রয়োজন সিদ্ধির নিমিত্ত এই পুস্তক লইবেন। এমন কি, বিষয়ী যজমানগণও এক এক খানি ক্রয় করিয়া গৃহে রাখিতে ইচ্ছুক হইবেন।

এই "আয়োজনে" কি কি প্রয়োজনীয় বিষয় আছে, ভূমিকা ও সূচী পাঠ করিয়া সকলে তাহা অবগত হইবেন, ইতি ১৩০১ সাল তারিখ ৩ জ্যৈষ্ঠ।

শ্রীহরিশ্চন্দ্র শর্ম্মা তর্কবাগীশ,
গ্রাম বরইবাড়ী।
(রঙ্গপুর)

আমরা "আয়োজন" খানিকে বিশেষ প্রয়োজনীয় মনে করিলাম। কারণ আজ কাল কালক্রমে হিন্দু-শাস্ত্রের চর্চ্চা প্রায়শই অন্তর্হিত। অস্মদায়েই হউক বা যে কোন কারণেই হউক বিদেশীয় বিদ্যাতেই সংপ্রতি সকলেরই ষোলকলা অনুরাগ, অথচ সেমত অবস্থাতেও স্বধর্ম্মাচরণে এখনও অনেকেই প্রোদ্যুক্ত আছেন; কিন্তু তাদৃশ ব্যক্তির সম্বন্ধে অবিজ্ঞাত বিষয়ের আয়োজন শৃঙ্খলা করা যে কতদূর সম্ভব তাহা বলা বাহুল্য।—তাই বোধকরি, এই "আয়োজনে" সে প্রয়োজন অবশ্যই পূর্ণ হইবেক সন্দেহ নাই। আমরা আশাকরি, এই পুস্তকের প্রচারবাহুল্য হইয়া ক্রমশই পরিমার্জ্জিতরূপে পুস্তকের স্বনামসার্থক হউক ইতি।

শ্রীগুরুচরণ চক্রবর্ত্তী
পরমানী।

শ্রীকৈলাসচন্দ্র কাব্যতীর্থ
বরইবাড়ী, রংপুর।

শ্রীবৈকুণ্ঠনাথ ভট্টাচার্য্য,
শ্রীহট্ট।

সূচীপত্র।

প্রথম অধ্যায়।

সংজ্ঞা প্রকরণ।

দ্বিতীয় অধ্যায়।

দেবার্চ্চনা।

তৃতীয় অধ্যায়।

দশকর্ম্ম।

চতুর্থ অধ্যায়।

শ্রাদ্ধকাণ্ড।

পঞ্চম অধ্যায়।

ব্রতমালা।

ষষ্ঠ অধ্যায়।

যাগবর্গ।

বিশেষ দ্রষ্টব্য।

ভ্রম সংশোধন।

পৃঃ	পং	অশুদ্ধ	শুদ্ধ।
১	৯	দধি দুগ্ধ ঘৃত ও চিনি।	দধি, দুগ্ধ, ঘৃত মধু ও চিনি।
৩	৮	জম্বু।	জম্বু।
৪	১৪	হরিদ্রা।	আত হরিদ্রা ও দারুহরিদ্রা।
১৩	৫	ণিমিত্ত।	নিমিত্ত।
৩১	১৩	বটশুঙ্গ।	বটশুঙ্গা।
৩৭	২২	ভোজ্য ওটি।	ভোজ্য ৩টি।
৩৮	৬	পঞ্চপল্লব।	পঞ্চপল্লব।
"	৮	মন্ত্র।	মন্ত্র।
৪৩	২	করেকটি।	কয়েকটি।
৫১	১৮	কট্টারক।	ভট্টারক অর্থাৎ সূর্য্য।
৬৫	৮	তম্মূল্য।	তন্মূল্য
"	১২	গাভী।	গাভী।
৬৮	১৩	বৎনরে।	বৎসরে।
৬৯	১২	সন্ধ্যাকালে	সন্ধ্যাকালে।
৮৭	৮	স্বর্ণাঙ্গরী ২০৲।	স্বর্ণাঙ্গুরী ১০৲।
৯৫	১২	অতীথি।	অতিথি।

২২ পৃঃ ১৮ পংক্তির পর—"অন্নপ্রাশন ব্যয়" এই কথাটি অনুমান করিয়া লইতে হইবে।

১৮ পৃঃ জগদ্ধাত্রী পূজা—৩ দিনে পূজা। কুলাচার মতে কেহ কেহ এক দিনেই (নবমীতে) ৩ তিন পূজা করিয়া থাকেন, নবমী ত্যাগ হইলে দশমীতেও বলিদানাদি হইতে পারিবে। বিজয়া দশমী ব্যতীত অন্য দশমীতে বলিদান নিষিদ্ধ নহে।

৩১ পৃঃ বৈতরণী।—বৈতরণীতে সবৎসা গাভী মুখ্যকল্প। গৌণকল্পে কেবল বকনা (বৎসতরী)।

৩৮ পৃঃ গর্ভাধান।—আদ্য ঋতুর অষ্ট দিবসের উর্দ্ধে ১০, ১২, ১৪শ ও ১৬শ দিনে গর্ভাধান প্রশস্ত।

পৃঃ	পঃ	অশুদ্ধ।	শুদ্ধ।
১০	৩	ষোড়শোপচার ১ প্রস্ত	২ প্রস্ত
১৬	৩	উত্তম চাউল ।০	১।০ আনা
ঐ	৪	দুগ্ধ ২০	২৲ টাকা
১৫	৮	৫৲	৬৲
৮৯	২১	প্রত্যহ ৫০টি লোককে খাওয়ানের ব্যয় ৪০—৬০৲	
		এই স্থলে "প্রত্যহ ৫০টী করিয়া লোককে খাওয়ানের ব্যয় ৩ তিন দিনে মোট	৪০—৬০৲
ঐ	২৫	পুরোহিতের দক্ষিণা	১০—২৫
		"এই স্থলে ন্যূনাধিক বুঝিতে হইবে	১০—২৫"

কতিপয় দুরূহশব্দের অর্থ।

পৃঃ	পঃ	শব্দ।	অর্থ।
৩	৮	চণক।	ছোলাবুট।
		নীবার।	তৃণধান্য, উড়িধান।
		কঙ্গু।	কাউন।
		শ্যামাক।	ধান্যক্ষেত্রে উৎপন্ন তৃণবিশেষ।
৪	১৪	শৈলেয়।	শৈলজ গন্ধদ্রব্য বিশেষ।
২৬	২৭	মদন বৃক্ষ।	ময়নাগাছ।
২৮	২	কাঞ্চনপট্টিকা	সোনার পটী অথবা সোণার কাজকরা রাঙ্গা রেশমী পাগড়ী।
৩০	২০	শূকশিম্বী।	আলকুশী, কপিকচ্ছু (অর্থাৎ বাঁদরবিছা, ইতি রঙ্গপুরভাষা)।

আয়োজন।

প্রথম অধ্যায়।

সামান্য কাণ্ড।

সংজ্ঞা প্রকরণ।

দেবার্চ্চনা, দশকর্ম্ম, শ্রাদ্ধ, এবং ব্রতাদিতে যে সকল সাধারণ দ্রব্য আবশ্যক হয়, এই প্রকরণে সেই সকল সামগ্রীর সংজ্ঞা ও অবশ্য জ্ঞাতব্য সাধারণ বিবরণ লিখিত হইতেছে। দৃষ্টান্ত স্বরূপ একটী দ্রব্যের উল্লেখ করা যাউক ;— যেমন "পঞ্চামৃত"। "পঞ্চামৃত" বলিলে, পাঁচটি (দধি, দুগ্ধ, ঘৃত ও চিনি) দ্রব্যের একত্র সম্মিলনে ঐ নাম হইয়াছে, বুঝা যাইবে। প্রত্যেক ক্রিয়াটীতে প্রত্যেক বার 'পঞ্চামৃত' বলিয়া পুনরায় দধি দুগ্ধাদির উল্লেখ করিলে, অতিশয় বাহুল্য হইয়া পড়ে; এজন্য একমাত্র স্থলে 'পঞ্চামৃতের বিবরণ লিখিলে, পরস্থিত ক্রিয়াগুলির প্রত্যেক স্থলেই কেবল 'পঞ্চামৃত' বলিয়া লিখিলেই চলিতে পারে। পঞ্চামৃতের দ্রব্য কি কি, এক বার অভ্যাস করিয়া রাখিলেই হইল, তাহা না হইলে, এই সংজ্ঞা প্রকরণ দৃষ্টি করিলেই হইবে। সংজ্ঞা গুলির বিবরণ প্রকৃষ্টরূপে অভ্যস্ত রাখিবার অভিপ্রায়ে প্রায় প্রত্যেক সংজ্ঞার নীচে বচন প্রমাণও লিখিত হইতেছে।

সংজ্ঞা।

১। **আসনাদি।** (কেবল দেবার্চ্চনায়) কুশাসন ১, কোশাকুশী ও টাট ১ বা যত জনে যত পূজা করিবেন, তত প্রস্থ। যক্ষ-ধূপের জন্য ধূপাতি ১, চালুন ১ (৫টী দীপ থাকিবে) পঞ্চপ্রদীপ, আর আর যথাশক্তি দীপ, ঘৃত প্রদীপ, ঘণ্টা, শঙ্খ, নৈবেদ্যস্থাপনের জন্য কাষ্ঠ বা ধাতু নির্ম্মিত আধার।

(ক) (দশকর্ম্মে) ধূপাতি ঘণ্টা ও শঙ্খ ব্যতীত সমস্ত পূর্ব্ববৎ।

২। **সঙ্কল্প সামগ্রী।** তিল, কুশ, জল, ফল (হরীতকী) এবং তণ্ডুল (আতপ)।

৩। **পঞ্চপল্লব।** পাঁচ প্রকার গাছের পল্লব, যথা—পাকুড়, প্লক্ষ (নাকুড়) আম্র, বট এবং যজ্ঞডুমুর।

বচন।

চূতাশ্বত্থবটপ্লক্ষোড়ুম্বরাঃ পঞ্চপল্লবাঃ।

৪। **ঘটকাণ্ড।** ১মতঃ ঘট।— মৃণ্ময় বা ধাতু নির্ম্মিত ঘট, ঘটের মুখে দিবার জন্য আম্র পল্লব ১; ঘটের মধ্যে দিবার জন্য ফল (হরীতকী); এবং নীচে দেওয়ার জন্য শুক্ল ধান্য, সিন্দূর।

কাণ্ড—বংশশলাকা ৪টি তাহার মস্তকের জন্য আম্র পত্র ৪টি; বেষ্টনার্থ সূত্র ১ গাছি। ইহা চতুর্দ্দিকে পুঁতিতে হয়। যে স্থলে কেবল "ঘট" উল্লিখিত আছে, সেখানে কাণ্ড ভিন্ন বুঝিবেন।

৫। **গন্ধ।** অগুরু, সার ও রক্তচন্দন এবং গন্ধ তৈল।

৬। **সামান্যার্ঘ্য।** দূর্ব্বা, পুষ্প, গন্ধ, আতপ তণ্ডুল ও জল।

৭। **পুষ্পপাত্র।** ধাতু নির্ম্মিত এক খানি থালা; তাহাতে দূর্ব্বা, তণ্ডুল, গন্ধ, * বিবিধ পুষ্প, কুশ ও তুলসীপত্র।

---

* গন্ধ স্থলে, সাধারণতঃ প্রথমোক্ত তিনটি প্রচলিত; শেষোক্ত অর্থাৎ গন্ধতৈল অধিবাস-বিষয়ে প্রযোজিত হয়।

৮। বিশেষার্ঘ্য। ত্রিপদী, শঙ্খ (জল-শঙ্খ) এবং সং ৬।

৯। অষ্টাঙ্গার্ঘ্য। গন্ধ, দূর্ব্বা, তণ্ডুল, যব, কুশ, তিল, সর্ষপ.

বচন।

গন্ধদূর্ব্বাক্ষতযবকুশাগ্রতিলসর্ষপৈঃ।
পুষ্পৈশ্চ সর্ব্বদেবানামেতদর্ঘ্যং সমীরিতং॥

অন্যচ্চ= পয়ঃ ক্ষীরং কুশাগ্রাণি দধ্যক্ষততিলাস্তথা।
যবাঃ সিদ্ধার্থকাশ্চৈব অষ্টাঙ্গার্ঘ্যঃ প্রকীর্ত্তিতঃ ॥)

১০। পঞ্চকষায়। জম্বু (জাম) শাল্মলী (শিমুল) বাট্যাল (বেড়েলা) বকুল ও বদর (কুল- ইহাদের বৃক্ষের ত্বক্।

বচন।

জম্বু শাল্মলী বাট্যালা বকুলা বদরস্তথা।
এতে পঞ্চকষাঃ প্রোক্তাঃ স্নানার্থং কথয়ামি তে॥

কিম্বা (এতেষাং বল্কলরসঃ কষায়ঃ পরিকীর্ত্তিতঃ॥

১১। পঞ্চরত্ন। মণি, মুক্তা, প্রবাল, স্বর্ণ ও রৌপ্য। ইহার কোন একটীর অভাবে ধান্য।

১২। দ্বাদশ ব্রীহি। যব, গোধুম, চণক, তিল, মুগ, মসুর, কলায়, কঙ্গু, নীবার, ধান্য, শ্যামাক ও মাষ।

১৩। পঞ্চশস্য। ধান্য, যব, মুদ্গ, মাষ ও তিল বা শ্বেতসর্ষপ।

১৪। পঞ্চামৃত। দধি, দুগ্ধ, ঘৃত, চিনি ও মধু।

দুগ্ধং সশর্করঞ্চৈব ঘৃতং দধি তথা মধু।
পঞ্চামৃতমিদং প্রোক্তং বিধেয়ং সর্ব্বকর্ম্মসু॥

১৫। পঞ্চামৃত (দুর্গা বিষয়ে)। খণ্ড (গুড়) ঘৃত, মধু, নারিকেল জল, ক্ষৌদ্র অর্থাৎ ক্ষুদ্র জাতীয় মক্ষিকা মধু।

বচন।

খণ্ডং মধু ঘৃতং ক্ষৌদ্রং নারিকেলোদকস্তথা।
পঞ্চামৃতমিদং প্রোক্তং দুর্গাস্নানবিধৌ বিদুঃ ॥

১৬। পঞ্চগব্য। গোমূত্র, গোময়, দধি, দুগ্ধ ও ঘৃত এবং কুশোদকের জন্য কুশ।

বচন।

গোমূত্রং গোময়ং ক্ষীরং দধি সর্পিঃ কুশোদকং।
পঞ্চগব্যমিদং প্রোক্তং মহাপাতকনাশনং ॥

১৭। নবপত্রিকা। কদলী, কচু, হরিদ্রা, জয়ন্তী, বিল্ব, দাড়িম, অশোক, মান এবং ধান্য। এই সকলের সপত্র বৃক্ষ।

বচন।

রম্ভা কচ্চি হরিদ্রা চ জয়ন্তী বিল্ব-দাড়িমৌ।
অশোকো মানকশ্চৈব ধান্যঞ্চ নবপত্রিকা ॥

১৮। সর্ব্বৌষধি। কুড়, জটামাংসী, হরিদ্রা, বচ, শৈলেয়, চন্দন, চম্পক, মুরা কর্পূর, মুস্তা (মুথা)।

বচন।

মুরা মাংসী বচা কুষ্ঠং শৈলেয়ং রজনী দ্বয়ম্।
শঠী চম্পক মুস্তঞ্চ সর্ব্বৌষধিগণাঃ স্মৃতাঃ ॥

১৯। ষোড়শোপচার। আসন (ক) স্বাগত (আবাহন) পাদ্য অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক (খ) পুনরাচমন, স্নান, বসন (গ) আভরণ (ঘ) গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য ও বন্দন (বন্দনা)।

(ক) রজতাসন অর্থাৎ রৌপ্য নির্ম্মিত আসন।

(খ) ক্ষুদ্র বা বৃহৎ কাংস্যপাত্রে দধি, মধু ও ঘৃত।

(গ) বসন—আহত বস্ত্র (সাধ্যানুসারে) (সং ২০)।

(ঘ) আভরণ—রৌপ্য অঙ্গুরী, শঙ্খ, সিন্দুর, আরসী, কাঁকই

২০। আহত বস্ত্র। যে বস্ত্র ঈষদ্ধৌত, নূতন, শ্বেতবর্ণ বা শুক্লবর্ণদশা বিশিষ্ট, এবং যাহা পূর্ব্বে ধারণ করা হয় নাই, এইরূপ বস্ত্রকে "আহত বস্ত্র" কহে। ইহা সর্ব্ব কর্ম্মে পবিত্র।

বচন।

ঈষদ্ধৌতং নবং শ্বেতং সদৃশং যন্ন ধারিতং
আহতন্তদ্বিজানীয়াৎ সর্ব্বকর্ম্মসু পাবনং ॥

২১। দশোপচার। পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক পুনরাচমনীয়, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য।

বচন।

পাদার্ঘ্যাচমনীয়ঞ্চ মধুপর্কাচমনানি চ।
গন্ধাদি পঞ্চকঞ্চেতি উপচারা দশোদিতাঃ ॥

২২। পঞ্চোপচার। গন্ধ, পুষ্প, ধূপ, দীপ ও নৈবেদ্য।

বচন।

গন্ধাদয়ো নৈবেদ্যান্তা, পূজা পঞ্চোপচারিকা।

২৩। ষোড়শাঙ্গধূপ। গুগ্গুল, সরল কাষ্ঠ, দারু, পত্র, (তেজপত্র) চন্দন, খদির, অগুরু, কুষ্ঠ, (কুড়) গুড়, সর্জ্জরস, (ধুনা) ঘন (মুস্ত) হরীতকী, নখী, লাক্ষা, জটামাংসী, শৈলজ। এই সমস্ত মিলিত ধূপ প্রস্তুত করিবে। ইহা দৈব ও পৈত্র, উভয় ক্রিয়াতে প্রযোজ্য।

বচন।

গুগ্গুলং সরলং দারু পত্রং মলয়-সম্ভবং।

(পাঠ্যস্তর) চিরুনী অনাবশ্যক বোধে অপর গুলির বিশেষ বিবরণ লিখিত হইল না; কারণ, সে গুলির জন্য বিশেষ দ্রব্য সংগ্রহ আবশ্যক হয় না।

হ্রীবেরমগুরুং কুষ্ঠং গুড়ং সর্জ্জরসং ঘনং।
হরীতকীং নখীং লাক্ষাং জটামাংসীঞ্চ শৈলজং।
ষোড়শাঙ্গং বিদুর্ধূপং দৈবে পৈত্রে চ কর্ম্মণি॥

২৪। মহাস্নান সামগ্রী (দুর্গা বিষয়ে)। দর্পণ, বিল্বকাষ্ঠ, (দ্বাদশাঙ্গুল), তণ্ডুলচূর্ণ, পঞ্চগব্য, পঞ্চামৃত, ধৌতবস্ত্র (গামছা ১), তিলতৈল আমলকী, কক্কোল, (ক) দ্রোণপুষ্প, পদ্ম, ফল (হরীতকী), বন্ধুক পুষ্প, চন্দন, উশীর, (খ) কহ্লার, (গ) দূর্ব্বা, অন্যান্য পুষ্প, শীতল জল, উষ্ণজল, নারিকেল জল, গঙ্গাজল, সমুদ্র জল, অগুরু (জলার্থ) অস্ত্র (কোনও প্রকার) কুঙ্কুম, জাতীফল, কর্পূর, দ্বাদশব্রীহি বা পঞ্চ শস্য, কষ্ণকষায়, পঞ্চরত্ন, বরাহদন্ত, ধন্যা, গুড়, কুশ, হরিদ্রা, শঙ্খ, সিন্দূর, গোরোচনা, শিশির, গঙ্গা-মৃত্তিকা, গজদন্ত মৃত্তিকা, বেশ্যাদ্বার মৃত্তিকা, রাজদ্বার মৃত্তিকা, বৃষশৃঙ্গ মৃত্তিকা, চতুষ্পথ মৃত্তিকা, গোষ্ঠ মৃত্তিকা, বল্মীক মৃত্তিকা, কুম্ভকীট মৃত্তিকা, চক্র মৃত্তিকা, কূর্ম্ম মৃত্তিকা, ত্রিশূল মৃত্তিকা, ইক্ষুদণ্ড, ভৃঙ্গার, (গাড়ু) সহস্র-ধারার জন্য বহুছিদ্রবিশিষ্ট মৃন্ময় ঘট ১টি।

এই সমস্ত মহাস্নান সামগ্রী সপ্তমীতে কতক, অষ্টমীতে কতক এবং নবমীতে কতক আবশ্যক, একত্র সকলগুলিই একখানি পাত্রে রাখিতে হইবে।

২৫। বিষ্ণুর মহাস্নান সামগ্রী। পঞ্চামৃত, পঞ্চগব্য, তৈল, হরিদ্রা, সর্ব্বোষধি, কর্পূর, শঙ্খ, পঞ্চরত্ন, উষ্ণজল, হস্তিদন্ত মৃৎ, বরাহদন্ত মৃৎ, নদীদ্বিকূল মৃৎ, রাজদ্বার মৃৎ, গঙ্গালগ্ন মৃৎ, কুশমূল মৃৎ, পদ্মমূল মৃৎ।

২৬। প্রশস্তিবন্ধন দ্রব্য। মহী, (মৃত্তিকা), গন্ধ, শিলা, ধান্য, দূর্ব্বা, পুষ্প, ফল, (হরীতকী), দধি, ঘৃত, স্বস্তিক (আতপতণ্ডুল), সিন্দূর, শঙ্খ,

---

(ক) কাঁকলা, গন্ধদ্রব্য বিশেষ। (খ) উশীর গন্ধ তৃণ বিশেষ। (গ) কহ্লার—শ্বেতোৎপল, সুঁদী।

কজ্জল, রোচনা (হরিদ্রা), সিদ্ধার্থ (শ্বেতসর্ষপ), স্বর্ণ, রৌপ্য, তাম্র, দীপ, দর্পণ, দুগ্ধ, (মতান্তরে,—খড়্গ) এবং বরাহ দন্ত।

বচন।

মহী গন্ধ শীলা ধান্য দূর্ব্বা পুষ্পং ফলং দধি।
ঘৃতং স্বস্তিক সিন্দূরং শঙ্খ কজ্জল রোচনা।
সিদ্ধার্থং দর্পণং তাম্রং দীপো রজত কাঞ্চনং।
পয়ো বরাহদশনং বন্ধনীয়ানি ভক্তিতঃ॥

কিম্বা।

সিদ্ধার্থং কাঞ্চনং রৌপ্যং তাম্রং দীপঞ্চ দর্পণং।
খড়্গো বরাহ-দশনং সুপ্রতিষ্ঠঞ্চ বন্ধনং॥

২৭। পঞ্চবর্ণ বা পঞ্চগুঁড়ি।

(১) পীত—হরিদ্রা চূর্ণ।
(২) শ্বেত—তণ্ডুল চূর্ণ।
(৩) রক্ত—কুসুম ফুল চূর্ণ বা আবির।
(৪) কৃষ্ণ—দগ্ধপুলাক — দগ্ধতুঁষ।
(৫) শ্যাম—বিল্বাদির পত্র চূর্ণ।

বচন।

পীতং হরিদ্রাচূর্ণং স্যাৎ সিতং তণ্ডুলসম্ভবং।
কুসুম্ভচূর্ণ মরুণং কৃষ্ণং দগ্ধ পুলাকজম্।
বিল্বাদিপত্রজং শ্যাম মিত্যুক্তং বর্ণপঞ্চকম্॥

২৮। ভোজ্য। তণ্ডুল, পাত্র (যথাশক্তি, কিন্তু ভোক্তা (কলার) মৃণ্ময় পাত্র, কাষ্ঠ পাত্র বারকোষ ইত্যাদির যে কোনও প্রকার) যজ্ঞোপবীত, উপকরণ (লবণ, হরিদ্রা ও কাঁচা তরকারি) তাম্বুল, মুদ্রা, (তাম্র মুদ্রা পয়সা বা অর্দ্ধ পয়সা)।

২৯। ব্রাহ্মণ বরণ। স্বয়ং কর্ম্ম করণাভাবে ব্রাহ্মণকে বস্ত্র ও অলঙ্কারাদি দিয়া বরণ করিবে। যত জন ব্রাহ্মণকে বরণ করিবে,

প্রত্যেককে অন্ততঃ এক এক যোড়া বস্ত্র দিতে হইবে। সাধ্য থাকিলে যথোপযুক্ত অলঙ্কার।

৩০। সাধারণ শ্রাদ্ধসামগ্রী। তিল, কুশ, জল, পুষ্প, সুরচন্দন, তুলসী পত্র, গঙ্গামৃত্তিকা, গঙ্গাজল, পঞ্চামৃত, ধূপ, দীপ, তণ্ডুল, তিল, তিলতৈল, ঘৃতপ্রদীপ, বস্ত্র (গামছা বা সাধ্যানুসারে, প্রত্যেক পক্ষে এক এক খানি।) সূত্র, পাত্র (কদলীর খোল চোঙ্গা)। ভোজ্য। (সং ২৮)

৩১। সংক্ষেপ হোম। অর্ঘ্য, কোসাকুশী, তাম্রকুণ্ড, স্থণ্ডিল, তদভাবে ভূমির উপরে, এজন্য বালুকা; বিশুষ্ক আম্রকাষ্ঠ, * তিল, ঘৃত, কুশ, জল অগ্নি, হোমদ্রব্য অর্থাৎ যে দ্রব্যে হোম করিতে হইবে (ছাগবলির কুট্টিত মাংস বা বিল্ব পত্র) যাঁহার যাহা কৌলিক প্রথা, সেই দ্রব্য সংগৃহীতব্য।

৩২। নান্দীমুখ শ্রাদ্ধ। বিবাহ এবং উপনয়নাদি ক্রিয়ার প্রথমেই এই প্রকার শ্রাদ্ধ বিধিবিহিত; ইহাকে সর্ব্বসৎকর্ম্ম সাধারণ শ্রাদ্ধ বলা যাইতে পারে। সামগ্রী যথা——

তিল ব্যতীত সাধারণ শ্রাদ্ধ সামগ্রী (সং ৩০)

ষোড়শ-মাতৃকা পূজার সামগ্রী (দে ২৬)

পুরাতন আমলকী, দ্রাক্ষাদি যথাশক্তি ফল;

পিতৃ পক্ষ ও মাতামহ পক্ষের বস্ত্র ৩ যোড়া, যব।

৩৩। কুশণ্ডিকা। (সামবেদি) হস্ত প্রমাণ * স্থণ্ডিল বা হোমস্থল; ঐ স্থল, কেশ, শর্করা, অস্থি, অঙ্গার ও তুষাদি বিরহিত হওয়া আবশ্যক; সকল প্রকার হোমস্থলই ঐরূপ করা বিধিবিহিত। সামগ্রীযথা—

ছায়ামণ্ডপ, ফল (হরীতকী), পুষ্প, কুশমূল, কুশ, সমিধ ‡ ঘৃত, জলপাত্র (তৈজস), ব্রীহি বা শালি ধান্যের তণ্ডুল § দুগ্ধ, গোময়, গন্ধ।

---

* যজ্ঞডুমুর, বক, শ্রীফল, খদির, পলাশ, বরুণ, কাষ্ঠ ইত্যাদিও দেওয়া রীতি আছে।

* ২৪ বটের হাত।

‡ সমিধ অর্থাৎ যজ্ঞীয় কাষ্ঠ, আম্র বা পলাশ, তদ্ভিন্ন হয় না।

§ ধান্যই প্রশস্ত, উহা হইতেই উদূখল করিয়া তণ্ডুল প্রস্তুত করিতে হয়

যদি প্রকৃত কর্ম্মে চরুহোম থাকে, তবে তাহার নিমিত্ত পাত্রাদি।—

১। চরুস্থালী — পিতলের হাঁতা ১, বাউলি ১, বগুনা ১, এবং একটী লোহার বেড় (ত্রিপদীর ন্যায়)।

২। আজ্যস্থালী — একটি তাম্রকুণ্ড।

৩। স্রুক্ — প্রাদেশ প্রমাণ ডাণ্ডা বিশিষ্ট এক খানি হাতা. বিল্ব, যজ্ঞডুম্বর বা পলাশ ভিন্ন অন্য কাষ্ঠের হয় না। নিম্ন লিখিত সকল গুলির সম্বন্ধেই এই নিয়ম।

৪। স্রুব্ — ঐরূপ এক খানি হাতা, কিন্তু হাতার গর্ত্ত অর্দ্ধচন্দ্রাকারে খোদিত থাকিবে।

৫। দর্ব্বী — প্রাদেশ প্রমাণ ডাণ্ডার মস্তকে চতুষ্কোণ একটি চাকৃতি থাকিবে।

৬। মেক্ষণ — ঐরূপ, দর্ব্বীর ন্যায় আর একখানি।

৭। চমস — ১ হস্ত লম্বা, নৌকাকার, মুষ্টিপরিমাণ ডাণ্ডা বিশিষ্ট ; উহার মধ্যে ৬ অঙ্গুলি দীর্ঘে, ৬ অঙ্গুলি প্রস্থে এবং ৪ অঙ্গুলি গম্ভীর একটি গর্ত্ত থাকিবে।

৮। উদূখল ও মুষল — তণ্ডুল প্রস্তুতের জন্য ক্ষুদ্রাকার ২টী।

অপর সামগ্রী। — শূর্প অর্থাৎ বাঁশের কুলা, ১ খানা, খদির পলাশ কিম্বা যজ্ঞডুম্বরের প্রাদেশ প্রমাণ বিংশতি কাষ্ঠ। ※ পঞ্চোপচার পূজোপকরণ ১ প্রস্থ, ব্রাহ্মণ বরণ (সং ২৯)। পূর্ণপাত্র ১, ‡ দক্ষিণা।

৩৪। কুশণ্ডিকা (যজুর্ব্বেদি)। ঘট ১ (তৈজস বা মৃণ্ময়) অন্যান্য সমস্ত সামবেদিবৎ (সং ৩৩)।

※ কাহারও মতে "অরত্নিপ্রমাণ।" কনুই হইতে কনিষ্ঠাঙ্গুলি পর্য্যন্ত মাপকে অরত্নি প্রমাণ কহে।

‡ ৬৪, ৩২, ১৬, ৮ বা ৪ সের। তণ্ডুলের ভোজ্য বিশেষ।

৩৫। কুশণ্ডিকা (ঋগ্বেদি)। তিন বেদিতেই ব্রহ্ম স্থাপনের জন্য ১ জন ব্রাহ্মণ, তদভাবে কিছু কুশ (ব্রাহ্মণ নির্ম্মাণের জন্য), প্রোক্ষণী* ও প্রণীতা এই দুইটি পাত্র, কৃষ্ণাজিন (কৃষ্ণসার হরিণের চর্ম্ম) রজ্জু ※ ২ গাছি, যব, ৪। ৫টি ধাতুময় পাত্র, আর২ সমস্ত সামবেদিবৎ।

৩৬। প্রতিমা। মৃণ্ময়ী, রৌপ্যময়ী, স্বর্ণময়ী, কিম্বা প্রস্তরময়ী হইতে পারে; তন্মধ্যে ধাতুময়ী ও প্রস্তরময়ী প্রতিমা চির-স্থাপনের এবং মৃণ্ময়ী প্রতিমা ২। ১ দিনের পূজার জন্য, এবং বিসর্জ্জনীয়া। মৃণ্ময়ী প্রতিমা যাঁহার যেমন শক্তি, তদনুসারে প্রস্তুত করাইতে পারেন ‡।

৩৭। মহিষোৎসর্গ। (বলি) সুলক্ষণযুক্ত মহিষ ১ কি ততোধিক, (শক্তি অনুসারে) সংগ্রহ করিবে, রশি ৫ গাছি, গলপাশের জন্য (রশি) ১ গাছি, পীতবস্ত্র (হরিদ্রাক্ত বস্ত্র) ১। আভরণ § যথা;—শৃঙ্গের জন্য স্বর্ণশৃঙ্গ ও পট্টসূত্র, ঘণ্টা, স্বর্ণ-বীরপট্ট, রজতখুর, রক্তপুষ্প (জবা) মালা, আসনাদি, পঞ্চোপচার, স্তম্ভ বা হাড়িকাঠ, কর্পূর।

(ক) রুধিরপাত্র বা রক্তমালা—রস্তাযুক্ত পাত্র ১টি (বা অধিক)

(খ) ছাগবলিতেও রক্তমালা, এবং হাড়িকাঠ পৃথক, অন্য বিশেষ কিছু নাই।

বলির প্রমাণ।

বলি দ্বিবিধ; সাত্ত্বিক এবং রাজসিক। মাংস রক্তাদি বর্জ্জিত যে বলি তাহা সাত্ত্বিক এবং মাংস রক্তাদি যুক্ত বলি রাজসিক। রাজসিক বলিতে

---

* কোসাকুসীতেও হইতে পারে।

※ রজ্জু—ইশ্ব। কুশনির্ম্মিত রজ্জু।

‡ মৃণ্ময়ী প্রতিমাও প্রতিষ্ঠার জন্য প্রমাণিত আছে। পরিশিষ্ট দেখ।

§ আভরণ না দিলেও চলে, অনেকে দেন না।

ছাগ, মেষ ও মহিষ দেওয়া হয়। ক্বচিৎ বরাহ বলি দেওয়া হয়;—এ স্থলে বলিযোগ্য ছাগপশুর লক্ষণাদি বলা যাইতেছে;—অন্যূন ৬ মাস বয়সের ছাগ বলি বিষয়ে প্রশস্ত, ঐ ছাগ কৃষ্ণবর্ণ এবং উহার শৃঙ্গ বরাহদন্ত সমান হইলে সুপ্রশস্ত হয়। জাতি বিশেষে ছাগের বর্ণভেদ আছে। যথা—ব্রাহ্মণের শ্বেত, ক্ষত্রিয়ের রক্ত ও শ্বেত, অথবা গৌর, শূদ্রের নানা বর্ণ, এবং সকলের পক্ষে কৃষ্ণবর্ণ ছাগ প্রশস্ত।

যে ছাগ বলির অযোগ্য তাহার লক্ষণ।

শিশু বা ৬ মাসের ন্যূন বয়সের, কৃশ, অঙ্গহীন, অধিকাঙ্গ, অর্থাৎ আব ও স্বাভাবিকের অতিরিক্ত শৃঙ্গ বা পদবিশিষ্ট, ক্ষুদ্রশিরস্ক, তাম্রপৃষ্ঠ অর্থাৎ তাম্রবর্ণ পৃষ্ঠ বিশিষ্ট এবং পুচ্ছহীন। ও ঘণ্টার ন্যায় যাহার গ্রীবা দেশ। শৃগালাদি কর্ত্তৃক দষ্ট ছাগও বলি বিষয়ে প্রযোজ্য নহে।

৩৮। দশাঙ্গধূপ। কুড়, গুড়, হরীতকী, গন্ধবালা, দেবদারু, লাক্ষা, অগুরু, তেজপত্র, সরলকাষ্ঠ, মুস্তক (মুথা), এই কয়েকটির মিলনে দশাঙ্গধূপ প্রস্তুত হয়।

বচন।

রোগ রোগদ রোগহর কেশাঃ
সুরতরু জতু লঘু পত্রবিশেষাঃ।
বক্র বিবর্জ্জিত, বারিদমুদ্রা
ধূপ বিবর্ত্তি রিহ সুন্দরি ভদ্রা॥

৩৯। সপ্তমৃত্তিকা। পর্ব্বত, বল্মীক, নদীসঙ্গম, দেবদ্বার, ভূপদ্বার, গজদন্ত ও গোকুল মৃত্তিকা।

৪০। ষড়ঙ্গধূপ। চিনি, ঘৃত, গুড়, গুগ্‌গুল, অগুরু, চন্দন এই ছয়টির মিশ্রণ।

বচন।

সিতাজ্য গুড়সংযুক্তং গুগ্‌গুল্বগুরু চন্দনং।
ষড়ঙ্গধূপ ইত্যেবং শৈবেন সেবিতঃ সদা॥

৪১। চতুঃসমামুলেপন। চন্দন, কস্তুরী, অগুরু, কুঙ্কুম। এই কয়েকটির সমভাগে লইতে হয়, ইহা অনুলেপনার্থ গন্ধদ্রব্য।

৪২। নবরত্ন। মুক্তা, মাণিক্য, বৈদূর্য্য, গোমেদ, বজ্র, বিদ্রুম, পদ্মরাগ, মরকত, নীলকান্ত।

দ্বিতীয় অধ্যায়।

দেবার্চ্চনা।

[১] আদৌ গণেশ পূজা।

ধ্যান যথা—

ওঁ খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং।
প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপব্যালোলগণ্ডস্থলং।
দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দূর-শোভাকরং।
বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদং॥

পূজা-সামগ্রী।

আসনাদি, সংকল্প সামগ্রী, প্রতিমা, নচেৎ ঘটে বা শালগ্রামে, ঘট, পুষ্পপাত্র, যথাশক্তি উপচার।

(ক)

[২] দুর্গোৎসব।

প্রথমতঃ কল্পারম্ভ বা ঘটস্থাপন, ষষ্ঠ্যাদি, যাহার যেরূপ কৌলিক প্রথা (নবম্যাদি বা প্রতিপদাদি) এ নিমিত্ত আসনাদি, ঘটকাণ্ড, পঞ্চশস্য, যথাশক্তি উপচার।

(খ)

বোধনাধিবাস।

বোধন স্থান (বিল্ববৃক্ষতল) গোময়োপলিপ্ত করিতে হইবে। সঙ্কল্পের জন্য বিশেষ,—শুক্তি (ঝিনুক), পাষাণ, শঙ্খ, কাংস্য, রৌপ্য, সীসক, লৌহ, বোধনের জন্য ঘটকাণ্ড, গঙ্গাজল, হরিদ্রা, মাষকলায়, শ্বেতসর্ষপ, গন্ধ, সর্কৌষধি, দর্পণ, নবপত্রিকা, প্রশস্তিবন্ধন দ্রব্য। পঞ্চোপচার পঞ্চগব্য অধিবাস সময়ে নিদ্রাকলস একটী (মৃণ্ময়)। পূর্ণঘট স্থাপনের জন্য সর্ব্বতোভদ্রমণ্ডল আঁকিতে হয়, এজন্য অধিবাস দিনে পঞ্চগুঁড়ি (সং২৭) সংগ্রহ রাখিতে হইবে।

(গ)

সপ্তমী পূজা।

আসনাদি, পূর্ণঘট (কলস), পঞ্চঘট গণপতি, নবগ্রহ, দুর্গা, বিষ্ণু, এবং দিক্‌পাল, এই পাঁচের জন্য মৃদ্ঘট ৫টি। পঞ্চপল্লব, পূর্ণঘটাচ্ছাদন (বস্ত্র) ১, নারিকেল একটি। নবপত্রিকা, নবপত্রীঘট-কাণ্ড ১, নবপত্রিকার পরিধেয় বস্ত্র ১, মহাস্নানের কলস ১, কাংস্য দর্পণ ১, অষ্টকলস স্নানের তৈজস বা মৃণ্ময় জলপাত্র ৮, পঞ্চামৃত, পঞ্চগব্য, প্রাণপ্রতিষ্ঠার বস্ত্র ১, মহাস্নান সামগ্রী (সং ২৪), কালিকা পুরাণমতে মহাস্নানে সপ্ত মৃত্তিকা (সং৩১) এবং লাজ (খৈ) অতিরিক্ত লাগে।

অপর সামগ্রী যথা,— ব্রাহ্মণ বরণ ২ * (আচার্য্য ও তন্ত্রধার), স্বর্ণ বিল্বপত্র, পূর্ণমাত্রায় পুষ্পপাত্র ও আসনাদি ষোড়শোপচার ২ প্রস্ত (মূলের ও নবপত্রিকার,) লক্ষ্মী সরস্বতী ইত্যাদির যথাশক্তি উপচার। মাল্য, শ্বেত সর্ষপ, খড়্গ, শ্বেতাপরাজিতা লতা ১, বলিদান, হোম (সং ৩১)। ঘৃত প্রদীপ ১, দশমী পর্য্যন্ত অনির্ব্বাপিত রাখিতে হইবে।

(খ)

মহাষ্টমী পূজা।

মহাষ্টমী পূজাতে মহাস্নান সামগ্রী পূর্ব্ববৎ এবং পূর্ব্ব দিনের সংগৃহীত তাবৎ জিনিস; কিন্তু যে গুলি পর্য্যুষিত বা বাসি হইলে নষ্ট হয়, এবং দেব-ক্রিয়ায় অপ্রযোজ্য, এমন সকল জিনিস এই দিন পুনঃসংগ্রহ করিতে হইবে। যেমন নৈবেদ্য, দুগ্ধ এবং পুষ্প ইত্যাদি।

বিশেষ কয়েকটি দ্রব্যের কথা নিম্নে লিখিত হইল,—অষ্টদলপদ্ম এবং সাধারণপদ্ম, ষোড়শোপচার (মূলের ও প্রতিমাস্থ প্রত্যেক দেবতার।) ঘৃত বা তিলতৈলের প্রদীপ। পত্রিকা পূজার ষোড়শোপচার ১ প্রস্ত, পঞ্চশস্য, বলি, হোম, পরমান্ন-পিষ্টকাদি যথাশক্তি।

কাম্যানি,— অষ্টাঙ্গার্ঘ্য, শঙ্খখণ্ড, অঙ্গদ, অঙ্গুরীয়, কঙ্কণ, অলক্তক এই সমস্ত অলঙ্কারার্থ; এবং নারিকেল ও মোদকাদি।

যদি যজমান শত্রুক্ষয়কাম হইয়া পূজা করেন, তবে এই দিন নিশাতে পিষ্টক পুত্তল প্রস্তুতার্থে পিষ্টতণ্ডুল (পিঠালি) এবং একটি মানপত্র সংগ্রহ করিবেন।

---

* পৃথক চণ্ডীপাঠাদিতে এবং দুর্গানাম জপেও ২ প্রস্ত বরণ আবশ্যক।

(ঘ) (১)

সন্ধিপূজা— আসনাদি পুষ্পপাত্র, মূলের জন্য ষোড়শোপচার ১ প্রস্ত, বলি ও দীপমালা।

(ঙ)

মহানবমী পূজা।

সমস্তই পূর্ব্ববৎ; অন্যান্যের যথাশক্তি উপচার, কেবল মূলের ষোড়শোপচার ১ প্রস্ত, পূর্ণপাত্র, দক্ষিণা, বলি (ছাগমহিষাদি) এবং হোম (সম্পূর্ণ)।

(চ)

বিজয়াদশমী কৃত্য।

মূলের পূজার সাধারণ উপচার, শক্ত হইলে বস্ত্র ১, বলি, হোম এবং মহাস্নান, এসকল কিছু নাই। সায়ংকালে (বা কৌলিক প্রথামত সময়ে) প্রশস্তিবন্ধন এজন্য প্রশস্তিবন্ধন দ্রব্য।

যাত্রা— বিসর্জ্জনের দিন যাত্রা করিতে হয়, এনিমিত্ত সকলের নূতন বস্ত্র পরিহিত হওয়া এবং শুক্লধান্য, দধি, মধু, রৌপ্য, স্বর্ণ ইত্যাদি সংগ্রহ করা আবশ্যক। ঐ সকল কেবল দর্শন স্পর্শনাদির জন্য, সুতরাং অতি অল্প পরিমাণ সংগ্রহ করিলেই চলিবে।

প্রমাণার্থ,— মন্ত্র যথা।—

ধেনুর্ব্বৎসপ্রযুক্তা বৃষগজতুরগা দক্ষিণাবর্ত্তবহ্নিঃ,
দিব্যস্ত্রী পূর্ণকুম্ভ দ্বিজনৃপগণিকাঃ পুষ্পমালা পতাকা।
সদ্যো মাংসং ঘৃতং বা দধি মধু রজতং কাঞ্চনং শুক্লধান্যং,
দৃষ্ট্বা শ্রুত্বা পঠিত্বা ফলমিহ লভতে মানবো গন্তুকামঃ॥

[৩] কোজাগর-কৃত্য।

লক্ষ্মীপূজা।

আসনাদি, সংকল্প, প্রতিমা, পঞ্চগুণ্ডিকা, ঘট (কেবল পল্লবঘট), নারিকেল, নারিকেলোদক, মাষকলায়, কয়েক "প্রস্ত পঞ্চোপচার," মূলের জন্য দশোপচার বা ষোড়শোপচার, যথাশক্তি উপকরণ, যথাশক্তি বলিদান। বাদ্যান্তর সঙ্গে ঘণ্টাবাদন নিষেধ।

এই দিন আমিষ ভক্ষণ নিষেধ। ব্রাহ্মণ ও বন্ধুবর্গকে নারিকেল ও চিপিটক ভক্ষণ করাইয়া, পরে স্বয়ং (কর্ম্মকর্ত্তা) ঐ ঐ দ্রব্য ভক্ষণ করিবেন। গন্ধপুষ্পাদিতে অলঙ্কৃত হইয়া, কর্ম্মকর্ত্তা অক্ষক্রীড়া করিবেন, বা অক্ষক্রীড়া দেখিবেন, ঐ ভাবে এ রাত্রি জাগরণ করিতে হইবে।

প্রমাণ যথা——

নারিকেলোদকং পীত্বা অক্ষৈর্জ্জাগরণং নিশি।
তস্মৈ বিত্তং প্রযচ্ছামি কোজাগর্ত্তি মহীতলে ॥

---

[৪] কালীপূজা।

প্রতিমা, ঘটকাণ্ড, আসনাদি, পুষ্পপাত্র, ষোড়শোপচার ১ প্রস্ত, পঞ্চোপচার যথাশক্তি ; মহাকালের জন্য বস্ত্র ১, ছাগবলি (যথাশক্তি) কিন্তু অযুগ্ম, সুলক্ষণ কৃষ্ণছাগ। সংক্ষেপ হোম। সূর্য্যকান্তাদি সম্ভূত কাষ্ঠসম্ভব অথবা শ্রোত্রিয় (বেদবিৎ) ব্রাহ্মণ-গেহজ অগ্নি আবশ্যক হয়, তদভাবে পুরোহিত "যথা কর্ত্তব্য" করিবেন।

(ক) দীপান্বিতা অমাবস্যা।

"দীপান্বিতা" শ্যামাপূজার বিশেষ এই ;——বাটীর প্রত্যেক প্রকোষ্ঠ এবং সম্মুখ পথ যথাশক্তি আলোকমালায় সুশোভিত করিবেন।

এই দিন পার্ব্বণ শ্রাদ্ধ করিতে হয়, তদশক্তে ভোজ্য উৎসর্গ; তদ্বিবরণ শ্রাদ্ধাধ্যায়ে দ্রষ্টব্য।

এই দিন সন্ধ্যায় উল্কাদান; ইহাতে,—কার্পাস, পাটখড়ি বা শিন্না, ঘৃত, কদলীর ভেলা। অগ্নি; পঞ্চোপচার সামগ্রী। শিন্না ও কার্পাসাদি দ্বারা একটি মশাল নির্ম্মাণ করিয়া ঐ ভেলাতে পুঁতিয়া রাখিতে হইবে।

[৫] ভ্রাতৃদ্বিতীয়া।

যম, যমদূত এবং চিত্রগুপ্তের পূজার যথাশক্তি উপচার, আসনাদি; ভ্রাতা ভগিনীকে দিবার জন্য (যত ভগিনী, প্রত্যেকের জন্য) যথাশক্তি বস্ত্রালঙ্কার সংগ্রহ করিবেন, ভগিনীও, যত ভ্রাতা, প্রত্যেকের জন্য বস্ত্রাদি এবং খাদ্য সামগ্রী সংগ্রহ করিবেন। এবং আচার হেতু, অঞ্জন চন্দন এবং শিশিরাদি দ্বারা ভ্রাতার ললাটে তিলক দিবেন।

[৬] বিজয়োৎসব।

আশ্বিনের শুক্লা দশমীতে শমী বৃক্ষ তলে (শাঁইগাছ) রাজবেশভূষিত রামকে সীতার সহিত সংস্থাপিত করিয়া পূজা করিতে হয়। রাম, লক্ষণ এবং হনুমানের পূজার পঞ্চোপচার; শক্ত হইলে, প্রতিমা, ঘট এবং ষোড়শ বা দশোপচার। বৈষ্ণবগণ বন্ধু বান্ধব সহ মিলিত হইয়া গীতবাদ্যে দেব-দেবীকে গৃহে আনিয়া মহোৎসব করিবেন; বানর, ভল্লুক সাজিবার সাজ; সংকীর্ত্তন।

[৭] গোবর্দ্ধন পূজা।

(কার্ত্তিকের শুক্লা প্রতিপদে)

প্রাতে গোময়ের দ্বারা একটি গোবর্দ্ধন গিরি (ক্ষুদ্র) নির্ম্মাণ করিয়া, তাহার এবং গোবৃন্দের পূজার পঞ্চোপচার সংগৃহীতব্য। গোক্রীড়ার জন্য গোবৃন্দের ভূষণ * (যথাশক্তি) এবং লাঙ্গলাদি কৃষিযন্ত্র।

* আচ্ছাদন, ঘণ্টা চামর ইত্যাদি।

[৮] জগদ্ধাত্রী পূজা।

তিন পূজার নিমিত্ত ষোড়শোপচার ৩ প্রস্থ। এবং আসনাদি, পুষ্প পাত্র, ঘট, বলিদান ও হোম।

[৯] কার্ত্তিকেয় পূজা।

পঞ্চগুণ্ডিকা দ্বারা কার্ত্তিক প্রতিমা চিত্রিত করিবে। অথবা স্বর্ণ, রৌপ্য কিম্বা মৃণ্ময়ী কার্ত্তিক প্রতিমা নির্ম্মাণ করিবে। পূর্ব্ব দিন অধিবাস হেতু প্রশস্তিবন্ধন সামগ্রী ‡—সং (২৬)। পরদিন—আসনাদি, পুষ্পপাত্র. ঘট (সাধারণ সপল্লব) এবং ধনুর্ব্বাণ ও ফল মূলাদি সমন্বিত করিয়া চিত্রিত বা অচিত্রিত ঘটসমূহ (যথাশক্তি) কিন্তু যুগ্ম। ধান্যাঙ্কুর, তদভাবে ধান্য। ষোড়শ বা দশোপচার (মূলের)। ময়ূরের জন্য কেবল বস্ত্র ১। এতদ্ব্যতীত অন্যান্য পূজার পঞ্চোপচার।

[১০] সরস্বতী পূজা।

আসনাদি, ঘট, মস্যাধার, লেখনী ও পুস্তক, ঐসকল পূজার পঞ্চোপচার। মূলের ষোড়শোপচার। ফল মূলাদি (আম্রমুকুল ও বদরিসহ) পুষ্পমালা, লক্ষ্মী পূজার যথাশক্তি উপচার, ছাগাদি বলি। এই দিন অনধ্যায়।

[১১] শীতলা পূজা।

(বিস্ফোটকাদি প্রশমন হেতু)

স্নুহীবৃক্ষ (সিজগাছ) সমীপে প্রতিমা স্থাপন করিতে হয়। স্নুহীবৃক্ষ ১; অঞ্জন, ষোড়শ বা দশোপচার, বলি।

‡ অনেক স্থলে ইহা অপ্রচলিত। কিন্তু শক্ত হইলে, করিবেন।

[১২] কালকুমার ও কৃষ্ণকুমার পূজা।

(মহাবিষুব সংক্রান্তিতে).

ঘটে বা শালগ্রামে পূজা। যথাশক্তি উপচার ২ প্রস্থ।

[১৩] মনসা পূজা।

চক্ষুর্দানার্থ অঞ্জন, প্রতিমা ও ঘট ((প্রতিমা কিম্বা যোলার সাজ)। যথাশক্তি উপচার (মূলের) অষ্টনাগের পঞ্চোপচার বলি ও হোম।

[১৪] জ্বর পূজা বা বিষ্টিভদ্রার পূজা।

প্রতিমা বা ঘটে পূজা, শ্বেতসর্ষপ, ষোড়শোপচার ১ প্রস্থ, ছাগাদি বলিদান এবং হোম। অস্তবিধ বলি, যথা,—তণ্ডুল হরিদ্রা, ৪টি পতাকা, যবাদি শস্য, গন্ধ পুষ্প ধূপ দীপাদি। বলির প্রমাণ যথা,——

রোগিণো হস্তপ্রস্থেন গৃহ্ণীয়াত্তণ্ডুলান্ ত্রিধা।
পিষ্ট্বা তদর্দ্ধং তেনৈব বলিং দদ্যাদ্যবাদিকম্।
শেষং পক্ত্বা তদর্দ্ধেন কুর্য্যাদ্বলি চতুষ্টয়ং।
হরিদ্রা রসসিক্তাভিঃ পতাকাভিশ্চতসৃভিঃ।
মণ্ডিতং গন্ধপুষ্পৈশ্চ ধূপদীপৈরনুত্তমৈঃ।
সায়ং চতুর্ভিঃ পুরুষৈ গৃহীতং বলিমুত্তমং।
বাস্তু দক্ষিণ ভাগে তু গত্বা তত্র সমর্চ্চয়েৎ॥

[১৫] কৃষ্ণকুমারাদি সহিত বনদুর্গা বা নিস্তারিণী পূজা।

বেদীর জন্য কদলী বৃক্ষ; ঘট; কৃষ্ণকুমারাদি দ্বাদশ দেবতার পূজার পঞ্চোপচার; মূলের ষোড়শোপচার; বলি ও হোম।

[১৬] গঙ্গা পূজা।

প্রতিমা বা গঙ্গানদী সমীপে পূজা; ঘট, ষোড়শোপচার, বলিদান ও হোম।

[১৭] অন্নপূর্ণা পূজা।

আসনাদি, পুষ্পপাত্র, প্রতিমা বা ঘট, ষোড়শোপচার, পঞ্চগব্য, বলিদান ও হোম।

[১৮] চণ্ডীপূজা।

এই পূজা কল্পারম্ভের দিন চণ্ডীপাঠের পূর্ব্বে, অথবা সময়ান্তরে, যথা-শক্তি উপচারে।

[১৯] পৌষ সংক্রান্তিতে বাস্তু পূজা।

আসনাদি, পুষ্পপাত্র, ঘট, যথাশক্তি উপচার, বলি ও হোম।

[২০] সূর্য্য পূজা। (মাঘী শুক্লা সপ্তমী)

ঘট, পুষ্পপাত্র, আসনাদি, যথাশক্তি উপচার, রক্তপুষ্প (জবা) আকন্দপত্র বদরীফল, দধি, দুগ্ধ, গুড় ও লাজ। অন্যান্য পূজার কতিপয় পঞ্চোপচার।

[২১] ক্ষেত্রপাল পূজা।

যথাশক্তি উপচার, বলিদান ও হোম। বলিদান ও হোম করণাশক্তে কেবল সাধারণ পূজা।

[২২] বিশ্বকর্ম্মা পূজা।

প্রতিমা বা ঘট, যথাশক্তি উপচার।

[২৩] মঙ্গলচণ্ডী পূজা।

সচরাচর মঙ্গলবারে এই পূজা করা প্রচলিত। শালগ্রাম; ঘটে বা প্রতিমা দিয়া পূজা। প্রতিমা হইলে, ঘটকাণ্ড; পুষ্পমালা; যথাশক্তি উপচার; শক্তে বলি ও হোম।

---

[২৪] জন্মতিথি কৃত্য বা জন্মোৎসব।

শালগ্রাম বা ঘটে দেব, অগ্নি, ব্রাহ্মণ এবং স্বনক্ষত্রাদি অনেক গুলির পূজা; এই পরিমাণে পঞ্চোপচার। ষষ্ঠীমার্কণ্ডেয় পূজার যথাশক্তি উপচার। আসনাদি, পুষ্পপাত্র।

প্রথমে তিলোদ্বর্ত্তন; এ নিমিত্ত তিল ও জল। পরে—গুগ্‌গুল, নিম্ব, শ্বেতসর্ষপ, গোরোচনা, মাষ, কুশণ্ডিকা (বেদ অনুসারে)। ঘৃত, তিল (পর্য্যাপ্ত) জীবিত মৎস্য ১টি। শনি মঙ্গলবার যোগ হইলে, মুক্তা, এবং স্বনক্ষত্র সম্বন্ধে স্বর্ণ দিবে। দধি, দুগ্ধাদি বিবিধ (যথাশক্তি) খাদ্য-সামগ্রী সংগৃহীতব্য।

---

[২৫] সূতিকাষষ্ঠী পূজা।

(পুত্র জন্মিবার ষষ্ঠদিনে প্রদোষে)

আসনাদি, পুষ্পপাত্র, ঘট; ষষ্ঠীর ষোড়শোপচার, জন্মাদি নয়টী দেবীর এবং মন্থন দণ্ড, খড়্গ ও বাসুদেব পূজার পঞ্চোপচার। * অন্যান্য দ্রব্য,—মাষ, যব, সাতটি বটপত্র, ব্যজন (পাখা) একখানি, শ্বেতসর্ষপ, খড়্গ ১, ধনুর্ব্বাণ, হোমের জন্য বকুল পত্র (পর্য্যাপ্ত) ঘৃত প্রদীপ।

---

[২৬] ষোড়শ মাতৃকা পূজা।
ও বসোর্ধারা (বসুধারা)।

ষোড়শমাতৃকা যথা;——গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া,

---

* নিতান্ত অশক্তে মূলের পঞ্চোপচার।

জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, ক্ষমা, আত্মদেবতা ও কুলদেবতা।

বচন।

গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া।
দেবসেনা স্বধা স্বাহা শান্তিঃ পুষ্টির্ধৃতিঃ ক্ষমা।
আত্মদেবতা কুলদেবতা চ মাতরঃ ষোড়শঃ স্মৃতাঃ ॥

পূজাসামগ্রী।

আসনাদি, প্রত্যেক মাতৃকার পঞ্চোপচার, বস্ত্র ১, আসন অঙ্গুরী ও মধুপর্ক, ১ প্রস্ত, লাজ, ঘৃত, দধি, বটপত্র ১৭টা, কুলের পাতা ১৭, কড়ি ১৭, যজ্ঞোপবীত ১৭টা।

(ক) বসুধারার জন্য ——
কড়ি ৫, ৭ কিম্বা ২টা।
সুপারি ১৭, পান ১৭,
কলা ও সিন্দুর।

---

[২৭] সত্যনারায়ণ পূজা।

শালগ্রামে পূজা। আসনাদি, পুষ্পপাত্র, ষোড়শোপচার, শক্তে বস্ত্র ১ খানি। এতদ্ব্যতীত এই গুলি বিশেষ; যথা,— আঠা (ময়দা বা তণ্ডুল চূর্ণ) গুড়, দুগ্ধ, গুবাক, তাম্বুল এব যথাশক্তি ফলমূলাদি।

ব্রতে ষোড়শোপচার। ভোজ্য, ঘটদান।

---

[২৮] শ্রীকৃষ্ণের দ্বাদশ যাত্রা।

(বারমাসে বার যাত্রা)

প্রমাণ।

বৈশাখে চান্দনী যাত্রা জ্যৈষ্ঠে স্নাপন্যুদীরিতা।
আষাঢ়ে রথযাত্রা স্যাৎ শ্রাবণে শয়নী তথা।

ভাদ্রে দক্ষিণ পার্শ্বীয়া, আশ্বিনে বাম পার্শ্বিকা।
উত্থানী কার্ত্তিকে মাসি, ছান্দনী মার্গশীর্ষকে।
পৌষে পুষ্যাভিষেকঃ স্যাৎ মাঘে শাল্যোদনী মতা।
বাসন্তী বা ভবেন্মায়ে দোলযাত্রা তু ফাল্গুনে।
কথিতা তু বুধৈঃ সর্ব্বৈশ্চৈত্রে মদন ভঞ্জিকা॥

১ম। চন্দন যাত্রা।

(বৈশাখী শুক্লা তৃতীয়াতে)

যাত্রা পূর্ব্ব দিনে— অধিবাস, এনিমিত্ত প্রশস্তিবন্ধন সামগ্রী, আসনাদি, পঞ্চোপচার, তৈল, হরিদ্রা, কর্পূর, কেতকী পুষ্প, নূতন বস্ত্র ১, পিষ্টক, প্রদীপ।

যাত্রাদিনে—শ্রীকৃষ্ণের শোভা সম্পাদক সামগ্রী, মাল্য বস্ত্র ও ধ্বজপতাকাদি (যথাশক্তি)। আসনাদি পুষ্পপাত্র, পঞ্চামৃত, পঞ্চগব্য, মহাস্নানসামগ্রী দ্বাদশব্রীহি, ভৃঙ্গার (গাড়ু) ১, স্নানের কলস ১, শঙ্খ, শুক্ল নূতন বস্ত্র (গাত্র মোচন জন্য) পরিধেয় বস্ত্র ১, অলঙ্কার (সাধ্যানুসারে) উত্তরীয় বস্ত্র ১, মাল্য যজ্ঞোপবীত, শ্বেতসর্ষপ, হোমের জন্য, সাজ্যদুর্ব্বা (ঘৃত ও দুর্ব্বা) পূজার ষোড়শোপচার ১ প্রস্ত।

২য়। স্নানযাত্রা।

(জ্যৈষ্ঠী পূর্ণিমাতে)

সুন্দর-কাষ্ঠাদি রচিত বা মৃণ্ময় মঞ্চ ১; সাজসজ্জা, পূজোপকরণ ও অধিবাস এবং হোমাদি পূর্ব্ববৎ।

৩য়। রথযাত্রা বা গুণ্ডিকোৎসব।

(আষাঢ়ের শুক্লা দ্বিতীয়া।)

সুশোভন রথ নির্ম্মাণ করিবে; এই দিন বিধিমত রথোৎসর্গ (পৃঃ ২১)

করিতে হইবে (পুষ্যানক্ষত্র সংযুক্ত দিন প্রশস্ত) যাত্রা পূর্ব্ব চতুর্থ দিবসে,— মহাদেবী গমনের পথ সমভূমি স্থির, সুখচারি করিয়া, উভয় পার্শ্বে পুষ্প গুল্ম লতাদি দ্বারা শোভা সম্পাদন পূর্ব্বক, মাল্য, কুম্ভ, চামর, ও ধ্বজপতাকাদিতে সুশোভিত করিবেন। (যথাশক্তি)। সুগন্ধি ধুপ ও ধুপপাত্র, চন্দন জল, বিবিধ পুষ্প (প্রচুর), ষোড়শোপচার সামগ্রী ৪ প্রস্ত গুণ্ডিকা মণ্ডপে রাখিবেন।

যাত্রা পূর্ব্ব দিনে,— পূর্ব্বোক্ত প্রকার অধিবাস সামগ্রী; গন্ধাদি দ্বারা পরিতোষণার্থ ৩ জন ব্রাহ্মণ; বরণ, রথাচ্ছাদন বস্ত্র ১, এই দিন রথদান।

যাত্রাদিনে—মহাস্নান সামগ্রী, বিবিধ সুপুষ্প, চন্দন কর্পূর, চামর, কুশ তুলসীপত্র, পঞ্চামৃত, পঞ্চগব্য, কস্তুরী, বিবিধ উপকরণ (ফল মূল নৈবেদ্যাদি), লাড্ডু, ক্ষীর, গুবাক তাম্বূল, এবং হোম সামগ্রী। এই রূপে এক সপ্তাহ কাল পূজা।

অষ্টম দিনে—কৃষ্ণ, বলরাম ও সুভদ্রার জন্য ষোড়শোপচার সামগ্রী ৬ প্রস্ত (দুই বার পূজার জন্য) পিষ্টক প্রদীপ। ব্রাহ্মণ ভোজন, আমোদ প্রমোদ (গীতবাদ্যাদি, যথাশক্তি)।

৪র্থ। শয়নোৎসব যাত্রা।

(শ্রাবণের শুক্লৈকাদশীতে।)

যাত্রা পূর্ব্ব দিনে—সমস্ত ১ম যাত্রাবৎ।

যাত্রাদিনে— মহাস্নান সামগ্রী, ষোড়শোপচার ১ প্রস্ত, ভগবানকে শায়িত করিবার জন্য বস্ত্র ১ (শুক্ল); চামর ব্যজন, হোম, ব্রাহ্মণ ভোজ, নৃত্যগীত।

৫ম। দক্ষিণায়নোৎসব যাত্রা।

(ভাদ্রের দক্ষিণায়ন সংক্রান্তিতে)

এই যাত্রার দ্রব্য সমস্তই ৪র্থ যাত্রাবৎ।

৬ষ্ঠ। পার্শ্ব পরিবর্ত্তন।

(ভাদ্র এবং আশ্বিনের শুক্লৈকাদশীতে)

শয়নোৎসব ও দক্ষিণায়নোৎসব যাত্রার ন্যায় দ্রব্য সংগ্রহ।

৭ম। উত্থান যাত্রা।

(কার্ত্তিকের কৃষ্ণৈকাদশীতে)

সমস্তই ৬ষ্ঠ যাত্রার ন্যায়, কেবল তুলসীপত্র পর্য্যাপ্ত।

৮ম। প্রাবরণোৎসব যাত্রা।

(অগ্রহায়ণের শুক্লাষষ্ঠীতে)

পূর্ব্ব দিন——অধিবাস পূর্ব্বোক্ত প্রকার।

পরদিন —— বেদী, পঞ্চগুণ্ডিকা (সর্ব্বতোভদ্রমণ্ডলার্থ) কুম্ভ. (কলস) ১, কুম্ভোপরি দেওয়ার জন্য ৭ খানি বস্ত্র, মূলের ষোড়শোপচার, অন্যান্য পূজায় কতিপয় পঞ্চোপচার, পুনরায় ৭ খানি বস্ত্র (সপ্তধা দেবমুখ বেষ্টনার্থ) মাষ, হোম, (যথাশক্তি) পিষ্টক, প্রদীপ নির্ম্মঞ্ছন।

৯ম। পুষ্যাভিষেক যাত্রা।

(পৌষী পূর্ণিমাতে)

ইহাতে লক্ষ্মীসহ বিষ্ণু পূজা। পূর্ব্বদিন——অধিবাস পূর্ব্ববৎ।

পরদিন——ষোড়শোপচার ২ প্রস্ত, চরুহোম, মহাস্নান।

১০ম। নবশস্যোৎসব যাত্রা; বা শাল্যোদনী।

(উত্তরায়ণ সংক্রান্তিতে)

পূর্ব্বদিন অধিবাস পূর্ব্ববৎ। বিবিধ উপকরণ সমেত শালিধান্য। শ্রীকৃষ্ণ পূজায় ষোড়শোপচার ১ প্রস্ত, তণ্ডুল, শর্করা, দধি, নারিকেল, আর্দ্রক, হোম সামগ্রী।

১১শ। দোলোৎসব বা দোলযাত্রা।

(ফাল্গুনের পূর্ণিমাতে)

প্রাসাদ (মন্দির) চারিকোণ বিশিষ্ট (চতুরস্র), উহার চারিটি দ্বার, ষোলটি স্তম্ভ; এবং উহা পুষ্প, পুষ্পমাল্য এবং ধ্বজ পতাকাদি দ্বারা সুশোভিত করিতে হইবে। তন্মধ্যে তিন থাক একটি বেদী বা মঞ্চ নির্ম্মাণ করিতে হইবে। পুষ্প ও পুষ্পমাল্যাদি দ্বারা শোভিত একটি দোলিকা অর্থাৎ এক খানি সিংহাসন বেদীর উপর ঝুলাইয়া রাখিতে হইবে।

যাত্রা পূর্ব্বদিনে — প্রথমে বহ্ন্যুৎসব; এনিমিত্ত, ঘট ১, ষোড়শোপচার ১ প্রস্ত, কুশণ্ডিকা, একটি মেষ, (কিম্বা ময়দা নির্ম্মিত মেষ) খড়, তৃণগৃহ নির্ম্মাণের অন্যান্য সামগ্রী (বংশাদি) এই দিন ঐ তৃণরাশি দ্বারা যে অগ্নি প্রজ্বলিত করিতে হইবে, তাহা যাত্রার শেষ দিন পর্য্যন্ত অনির্ব্বাপিত রাখিতে হইবে।

অধিবাস——সময়, যদি চতুর্দ্দশী ও পূর্ণিমা একই দিবসে হয়, তবে বহ্ন্যুৎসব ও অধিবাসও একই দিনে হইবে। নচেৎ, যাত্রা পূর্ব্বদিনে (চতুর্দ্দশীতে) কিম্বা যাত্রা দিনে (পূর্ণিমাতে) অধিবাস কর্ত্তব্য।

যাহাহউক, অধিবাসে—দোল গৃহের পূর্ব্বদিকে চারুচন্দ্রাতপ (সুন্দর চাঁদোয়া, শক্ত পক্ষে) এবং ধ্বজপতাকাদি শোভিত স্থান গোময়োপলিপ্ত করিয়া তথায় গোবিন্দ মূর্ত্তি লইয়া গিয়া অধিবাসন করিবে। অধিবাস সামগ্রী পূর্ব্ববৎ; ঘট, পঞ্চোপচার; নির্ম্মঞ্ছন; সংকীর্ত্তন।

যাত্রাদিনে——মহাস্নান সামগ্রী, আসনাদি, ষোড়শোপচার ১ প্রস্ত, পঞ্চোপচার; কস্তুরজ (আবীর) কর্পূরাদি সুগন্ধি পদার্থ; নির্ম্মঞ্ছন, সংকীর্ত্তন, হোম।

১২শ। মদনভঞ্জিকা যাত্রা।

(চৈত্রের শুক্লা ত্রয়োদশী)

যাত্রা পূর্ব্বদিনে অধিবাস; অধিবাস সামগ্রী পূর্ব্ববৎ। সমূল মদন বৃক্ষ, মদন বৃক্ষের শাখা; ভাং পত্র, তণ্ডুল চূর্ণ ও ক্ষীরদ্বারা প্রস্তুত কতিপয় লড্ডুক (লাড়ু)।

পরদিনে— মহাস্নান, ষোড়শোপচার ১ প্রস্ত, হোম, নির্ম্মঞ্ছন।

২৮ (ক) জন্মোৎসব বা জন্মাষ্টমী।

(শ্রাবণের শুক্লা অষ্টমীতে)

অধিবাস পূর্ব্ববৎ। পরদিন—চন্দ্রার্ঘ্য (এনিমিত্ত বিশেষার্ঘ্য) হোম, ব্রাহ্মণ ভোজ, নির্ম্মঞ্ছন।

২৮ (খ) রাসযাত্রা।

(কার্ত্তিকী পূর্ণিমাতে।)

পূর্ব্বদিন অধিবাস পূর্ব্ববৎ; যাত্রাদিনে—মহাস্নান, রাসমণ্ডল; সোলার নানাবিধ সাজ সজ্জা বৃক্ষলতা, পক্ষী ও গোপিকা দ্বারা সুশোভিত করিবে। রাসমণ্ডলস্থ গোপিকাগণের প্রত্যেকের এবং শ্রীকৃষ্ণের পূজার ষোড়শোপচার সামগ্রী। হোম, নির্ম্মঞ্ছন।

[২৯] রথোৎসর্গ। (বামনরূপী বিষ্ণুকে)

(আষাঢ়ের শুক্লা দ্বিতীয়া, পুষ্যা সংযুক্তা)

পূর্ব্বদিন—গন্ধ পুষ্পাদি ও বস্ত্র দ্বারা রথ নির্ম্মাতাকে পরিতুষ্ট করিবে; ব্রাহ্মণ বরণ (৩ জনের); ঘট, কতিপয় পঞ্চোপচার অধিবাস সামগ্রী পূর্ব্ববৎ।

পরদিন—গৌর্য্যাদি ষোড়শ মাতৃকা পূজা; আভ্যুদয়িক শ্রাদ্ধ; ব্রাহ্মণ বরণ; পঞ্চামৃত, পঞ্চগব্য, পঞ্চগুণ্ডিকা, (সর্ব্বতোভদ্রমণ্ডলার্থ), ঘট, শালগ্রাম কৃষ্ণ, বলরাম ও সুভদ্রার পূজার ষোড়শোপচার ৩ প্রস্ত, বিষ্ণুপূজার ১ প্রস্ত; চরুহোম সামগ্রী, যব বা তণ্ডুল, কুশ, দুগ্ধ ও ঘৃত পর্য্যাপ্ত: পঞ্চকষায়, আমলক্যাদি ফল, দূর্ব্বা, শুক্ল বস্ত্র ১ (গামছা), শান্তি কলস ১, (মৃণ্ময় বা তৈজস)।

ইহাতে আরও ৩টি হোম আছে; প্রায়শ্চিত্ত হোম, মহাব্যাহৃতি হোম, ও তিল হোম; তিল পর্য্যাপ্ত, সমিধ।

পাত্রপূর্ণ দক্ষিণা (পুরোহিতের); হোতা, আচার্য্য ও সদস্যের দক্ষিণা।

শ্রীকৃষ্ণকে রথ সমীপে আনিয়া পূজার নিমিত্ত;

আসনাদি, সামান্যার্ঘ্য বিশেষার্ঘ্য, কৃষ্ণ, বলরাম ও সুভদ্রার পূজার ষোড়শোপচার ৩ প্রস্ত।

রথ সম্বন্ধে।

রথ নির্ম্মাতার পরিতোষ সামগ্রী, পুষ্প ও বস্ত্রাদি, কাঞ্চন পট্টিকা (স্বর্ণপত্র); রথোপরি চক্র; তদলঙ্করণের জন্য ধ্বজ পতাকাদি; রথাচ্ছাদন বস্ত্র ১; ছত্র ১, চামর ১।

সারথি সহ রথ পূজার জন্য যথাশক্তি উপচার। দক্ষিণা।

তৃতীয় অধ্যায়।

দশকর্ম্ম।

১। বিবাহ।

(সামবেদী)

আভ্যুদয়িক শ্রাদ্ধ; ষোড়শমাতৃকা পূজা; কুশণ্ডিকা, মুগ, যব, মাষ, মসুর; কলস ১টি (মৃণ্ময়), ছায়ামণ্ডপ বা সম্প্রদান শালা (কদলী বৃক্ষ ৪, তন্মূলে সপল্লব মৃদ্ঘট ৪ এবং ঐ স্থান গুণ্ডিকা লেপিত অর্থাৎ আলিপন দিয়া শোভিত করিবে। গাভী ১টি (সম্প্রদানশালার উত্তর ভাগে রাখিবার জন্য);

(ক) বরপূজার জন্য।

পুষ্পপাত্র, আসনাদি, পুষ্পমাল্য, অঙ্গুরীয় ১, যজ্ঞোপবীত ১ জোড়া, বস্ত্র ১ যোড়া, তৈজস ঘট ১, আম্রপল্লব ১, হরিদ্রা, মধুপর্ক ১ প্রস্থ, কতিপয় ধাতুপাত্র।

(খ) কন্যার জন্য বিশেষ;

বস্ত্র ১ যোড়া, (পট্ট বস্ত্রই প্রশস্ত, বরেরও তাই), অলঙ্কার (যথাশক্তি) মধুপর্ক ১ প্রস্থ, সিন্দুর ও অন্যান্যদ্রব্য (আয়না চিরুণী ইত্যাদি);—

(গ) জামাতার যৌতুক।

দান—ভূমি (সাধ্যহইলে একখণ্ড ভূমি, নচেৎ কিঞ্চিৎ মৃত্তিকা সমেত ভূম্যাধার অর্থাৎ থালা বা রেকাব (যথাশক্তি)।

অন্ন,——অন্নদানার্থ তণ্ডুল পূর্ণ থালা, বাটি বা গেলাস।

জল——জলাধার (কলস ঘটি বা গাড়ু, যথাশক্তি)।

শয্যা——একখানি বিছানার আবশ্যক দ্রব্য অর্থাৎ খাট, তোষক, বালিশ, মশারি, লেপ ইত্যাদি।

এতদ্ব্যতীত, শক্তি থাকিলে,—স্বর্ণাঙ্গুরীয়, ছত্র, পাদুকা, (উভয় বিধ) এবং একটি গাভী, একটি পরিচারিকা। পট্ট বস্ত্র ও পট্টোত্তরীয় ১ যোড়া। পতিপুত্রবতী রমণী ১ জন, সধবা (এয়ো) কয়েক জন।

পূর্ব্ববদ্ধা গাভীর বন্ধন মোচনার্থ গোর্ব্বচন পড়িতে হয়, এজন্য, নাপিত ১ জন (ক্ষৌরকর্ম্মার্থেও) নাপিতের বস্ত্র ১ যোড়া, পাত্রের চলন-যোড় (বস্ত্র) ১।

(ঘ) পাণি গ্রহণ।

কুশণ্ডিকা, জামাতার বয়স্য ২ জন; পর্চ্চনিকা (হরীতকী) ১টি, শমীপত্র (শাঁইগাছের পত্র, কতিপয়); লাজ; শূর্প ১ খানা (বাঁশের কুলা); শিল ও নোড়া (সপুত্র শিলা), বীরণ পত্র রচিত কট (বেণার পাতার মাদুর ১) আহত বস্ত্র ১ যোড়া, উত্তরীয় বস্ত্র চাদর) ১ খানি, বরের জন্য যজ্ঞোপবীত ১ যোড়া। উষ্ণীষ, বর ও কন্যার মুকুট। বরণ বস্ত্র ২, আচ্ছাদন বস্ত্র ১, পঞ্চবিধ ফল বন্ধনার্থ বস্ত্র ১।

(ঙ) উত্তর-বিবাহ।

পুনরায় কুশণ্ডিকা সামগ্রী, বৃষের লোহিত শুষ্ক চর্ম্ম ১ খানি (উহার পৃষ্ঠে (লোম পৃষ্ঠে) বধূকে বসাইবার জন্য)। জলপূর্ণ কলস ১ টি (মৃণ্ময় বা তৈজস)। আম্র পল্লব। যজ্ঞেশ্বর পূজার বস্ত্র ২, দৈবপক্ষে বস্ত্র ২, মাতৃপক্ষে বস্ত্র ২, পিতৃপক্ষ ও মাতামহ পক্ষেও এক এক যোড়।

(চ) ভোজন ধৃতি হোম।

হবিষ্যান্ন ভোজন সামগ্রী (হবিষ্য করণের দ্রব্য) ; এই দিন (বিবাহদিন) হইতে ত্রিরাত্র পর্য্যন্ত দম্পতী সৈন্ধবাহার করিয়া, ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক ভূমি শয্যায় শয়ন করিবেন। কুশণ্ডিকা সামগ্রী, (ধৃতিহোমার্থ) শালুক ও কন্দ মূলাদি।

(ছ) চতুর্থীহোম।

বিবাহের চতুর্থ দিবসে,—কুশণ্ডিকা, বস্ত্র ১। সিন্দুর, (তিলকার্থ)

(জ) লোকাচার মতে।

হরিদ্রা, কর্পূর কুঙ্কুমাদি সুগন্ধি দ্রব্য ; পূজা সামগ্রী — যে দেব বা যে দেবীর পূজা করা হইবে, তাহার জন্য, উপচারাদি। ব্রাহ্মণাদি ভোজ, নৃত্যগীতাদি গ্রামধর্ম্ম ও জনপদ ধর্ম্ম মতে স্ত্রী-আচার। গ্রামান্তর গমনের জন্য দোলা অর্থাৎ পাল্কী (অন্ততঃ এক খানা) এবং বাহক।

(যজুর্ব্বেদি)

এই বেদি ক্রিয়াতে সমুদয় দ্রব্য সংগ্রহ পূর্ব্ববৎ।

(ঋগ্বেদি)

সমস্তই পূর্ব্ববৎ।

২। গর্ভাধান।

আদ্য ঋতুর চতুর্থ দিবসে।

(সামবেদি)

পঞ্চোপচার কয়েক প্রস্ত, সূর্য্যার্ঘ্য দান, পঞ্চগব্য, স্বর্ণ, স্বামীর সুন্দর পরিচ্ছদ ও সুগন্ধি দ্রব্য ; ব্রাহ্মণ কুমার ১ জন) নৃত্যগীত, ব্রাহ্মণাদি ভোজ, দেবার্চ্চনা। পত্নীর ঘ্রাণার্থ পিষ্টশূক সিদ্ধীরস।

(যজুর্ব্বেদি)

ষোড়শ মাতৃকা পূজা, এবং অন্যান্য সামগ্রী পূর্ব্ববৎ। (ইহাতে, একটি

কথা এই যে যদি প্রথম ঋতুতে স্ত্রীর গর্ভ না হয়, তবে পতি, অন্য ঋতুতে, পুষ্যানক্ষত্র যুক্ত দিনে, শ্বেত পুষ্প এবং কণ্টকারি মূল উঠাইয়া সংগ্রহ রাখিবেন।

(ঋগ্বেদি)

আভ্যুদয়িক শ্রাদ্ধ, ষোড়শ মাতৃকা পূজা, চরুহোম সামগ্রী, সূর্য্যার্ঘ্য মাল্য (ইহাতেও একটি কার্য্য এই যে, ক্রিয়ার পূর্ব্বে, মঘা মূলাদি ভিন্ন নক্ষত্র যুক্ত দিনে, পতি অশ্বগন্ধামূল উঠাইয়া রাখিবেন)।

৩। পুংসবন।

(গর্ভের তৃতীয়মাসে)

(সামবেদি)

ইহাতে ২ প্রকার পুংসবন ;——

১ম,—বৃদ্ধিশ্রাদ্ধ, কুশণ্ডিকা, পূজা সামগ্রী।

২য়,—ক্রিমি দ্বারা অনুপহত অর্থাৎ ক্রিমিতে নষ্ট করে নাই, এরূপ বটশুঙ্গা *, ঐ বট শুঙ্গা বট বৃক্ষের পূর্ব্বোত্তর শাখা হইতে সংগ্রহ করিবেন। মাষ, যব, গুড়, শিলনোড়া ১ যোড়া, নীহার, (সংক্ষেপ হোমসামগ্রী (শাট্যায়ন হেতু)

(যজুর্ব্বেদি)

পর্য্যুষিত অর্থাৎ বাসি জল, বটপত্র (কতিপয়) অন্যান্য সমস্ত সামবেদিবৎ।

(ঋগ্বেদি)

দধি, মাষ, যব, দূর্ব্বা, শিশির, নূতন শুক্ল বস্ত্র ১ খানি। অন্যান্য পূর্ব্ববৎ।

---

* বটশুঙ্গা— বটের ২টি ফলযুক্ত শাখাগ্র ভাগ।

৪। সীমন্তোন্নয়ন।

(প্রথম গর্ভের চতুর্থ, ষষ্ঠ বা অষ্টমমাসে)

(সামবেদি)

বৃদ্ধিশ্রাদ্ধ, কুশণ্ডিকা, অধিক পরিমাণে কুশ, একবৃন্তস্থিত ২টি পক্ক ডুমুর ফল, পট্টসূত্র, শ্রীবিষ্ণুর পাদযুগল (স্বর্ণাদি নির্ম্মিত), কিম্বা মূর্ত্তি; নিম্ব, সর্ষপ, ভেলাগাছ (ভল্লাতক) বচ, খাগড়া বা মুঞ্জা, সূত্রপূর্ণ তকু অর্থাৎ টেকো (টাকুয়া); কৃষর রূপ স্থালীপাকের জন্য অর্থাৎ তিল যাউ পাকের জন্য স্থালী (বগুনা ও অন্য সামগ্রী পাকার্থ) তিল, তণ্ডুল, মাষ এবং দুগ্ধ। সাধারণ কলস ১, পতিপুত্রবতী স্ত্রী ১ জন।

(যজুর্ব্বেদি)

বৃদ্ধিশ্রাদ্ধ, ষোড়শমাতৃকা পূজা; আচার হেতু শঙ্খ-চক্র-গদা-পদ্ম এবং বিষ্ণুর দ্বাদশনাম যুক্ত পীতবস্ত্র যুগল (পত্নীর পরিধান হেতু)। ঐ বস্ত্র গোরোচনা দ্বারা চিত্রিত করিবেন। কুশণ্ডিকা, চরুহোম সামগ্রী, তণ্ডুল, দুগ্ধ, তিল, ঘৃত, উডুম্বর (ডুমুর) ফলের ২টি স্তবক, কতিপয় ডুমুর ফল, ত্রিশ্বেতা শল্ললী (তিন স্থলে শ্বেতবর্ণ বিশিষ্ট শজারুর কাঁটা); ত্রিগুণ সূত্র (ত্রিগুণকরা সূত্র।)

(ঋগ্বেদি)

অনডুহ চর্ম্ম ১ (অর্থাৎ বৃষের শুষ্কচর্ম্ম ১ খানি)। কুশ পর্য্যাপ্ত, এবং সমিধ। অন্যান্য যজুর্ব্বেদির ন্যায়।

৫। জাতকর্ম্ম।

(নাড়ীকাটা ও দুধ দেওয়া)

(সামবেদি)

বৃদ্ধিশ্রাদ্ধ, কুশণ্ডিকা, শিলনোড়া ১, শালি ধান্য, যব, তৎপেষণের জন্য ব্রহ্মচারী, গর্ভবতী স্ত্রী অথবা শ্রুতস্বাধ্যায় হীন ব্রাহ্মণ ১ জন। ঘৃত, স্বর্ণ। পঞ্চোপচার, নাড়ীচ্ছেদনার্থ অস্ত্র ১। দীপ, মস্ত, মধু, কাংস্যপাত্র ১।

(যজুর্ব্বেদি)

বৃদ্ধিশ্রাদ্ধ, কুশণ্ডিকা ; স্বর্ণ, মধু, ঘৃত,, তণ্ডুল, সর্ষপ, পঞ্চোপচার।

(ঋগ্বেদি)

আভ্যুদয়িক শ্রাদ্ধ, সংক্ষেপ হোমসামগ্রী, ঘৃত, মধু, স্বর্ণ, রৌপ্য, (হিরণ্য)।

৬। নিষ্ক্রামণ।

(পুত্র জন্মিবার তৃতীয় শুক্ল পক্ষের তৃতীয়াতে।)

(সামবেদি)

চন্দ্রার্ঘ্য দান, নূতন বা ধৌতবস্ত্র (প্রসূতীর জন্য) অন্যান্য পক্ষত্রয়েরও সন্ধ্যাকালে এই ক্রিয়া।—এবংযজু ঋগ্বেদির ক্রিয়া সামগ্রীও সামবেদিরন্যায়।

৭। নামকরণ।

(সামবেদি)

বৃদ্ধিশ্রাদ্ধ, কুশণ্ডিকা, কুমারের আচ্ছাদন বস্ত্র ১।

(যজুর্ব্বেদি)

বৃদ্ধিশ্রাদ্ধ, কুশণ্ডিকা, তিনটি ভোজ্য, পূর্ণঘট মৃণ্ময় ১। গোরোচনা, ঘৃত-প্রদীপ, পঞ্চোপচার, শিল-নোড়া; ১।

(ঋগ্বেদি)

সংক্ষেপ হোম সামগ্রী ; ২ খানি বস্ত্র।

৮। অন্নপ্রাশন।

(পুত্রের ষষ্ঠ বা অষ্টম মাসে)।

(কন্যার পঞ্চম মাসে)।

(সামবেদি)

মাতৃকাপূজা, বৃদ্ধিশ্রাদ্ধ, কুশণ্ডিকা, সংক্ষেপ হোম সামগ্রী; মৎস্য মাংসাদি সাধিত বিবিধ ব্যঞ্জন, দধি, দুগ্ধ, ঘৃত, মধু ও অন্যান্য যথাশক্তি উপকরণ সহ অন্ন, অন্নাশনার্থ কাংস্যপাত্র। অন্নপ্রাশিত কুমারের সম্মুখে রাখিবার নিমিত্ত, স্বর্ণ, মৃত্তিকা, শাস্ত্র (পুস্তক) শস্ত্র (কোনও অস্ত্র) এবং শিল্পভাণ্ড (শিল্পকার্য্য সাধক যন্ত্র) ছত্রবৃক্ষ (গুবাক বৃক্ষের চারা) লাজ, কুমারের জন্য নূতন বস্ত্র যুগ্ম এবং অলঙ্কারাদি (যথাশক্তি) মধু। ইহা ব্যতীত যথাশক্তি দেবার্চ্চনা, ব্রাহ্মণ ভোজ ও নৃত্যগীতাদি আমোদ প্রমোদ। কাংস্য পাত্রাদি। ধাত্রীর সন্তোষার্থ শাড়ী ১।

আর দুই বেদিরও ঐরূপ জানিবেন।

৯। চূড়াকরণ।

(কুলাচার মতে ১ম বা তৃতীয় বর্ষে)।

(সামবেদি)

প্রাঙ্গণে ছায়ামণ্ডপ; বৃদ্ধিশ্রাদ্ধ, কুশণ্ডিকা, কাংস্যপাত্র, উষ্ণজল, গোময়, তাম্রক্ষুর ও লৌহক্ষুর সমেত নাপিত, তিল-তণ্ডুল-মাষ-দুগ্ধ, কৃষর পাকের জন্য (দশ ৪।)। শালিধান্য, যব, নূতন শুক্লবস্ত্র (আহত) ১ যোড়। পূজোপকরণ (পঞ্চোপচার) শজারুর কাঁটা ত্রিশ্বেতা ১টি। বস্ত্র, নবনীত, শমীপত্র, কুশ।

(যজুর্ব্বেদি)

নবনীত (তদভাবে দধিসর), শরাব অর্থাৎ সরা ২টি। ভোজ্য ৩টি। অন্যান্য সামবেদির ন্যায়।

(ঋগ্বেদি)

উক্ত উভয় বেদির ন্যায় দ্রব্য সংগ্রহ।

১০। উপনয়ন।

(সমাবর্ত্তন ও বেদারম্ভ সহ)

ব্যবস্থা,—

গর্ভাষ্টম বা অষ্টম বর্ষে উপনয়ন বিধি বিহিত; আবার ষোড়শবর্ষ পর্য্যন্ত উপনয়ন কাল; তদূর্দ্ধে সাবিত্রী-পতন-হেতু ব্রাহ্মণ উপনেতব্য নহেন।)

(সামবেদি)

প্রাঙ্গণে ছায়ামণ্ডপ, বৃদ্ধিশ্রাদ্ধ, কুশণ্ডিকা, গোময়, ভোজ্য ৩টি, সৈন্ধব লবণ, যজ্ঞোপবীত, ত্রিবৃত মুঞ্জমেখলা (শরপত্রের মেখলা ৩ বেষ্টন) নাপিত ১ জন, কুণ্ডল (কর্ণে দিবার জন্য) ক্ষৌমবস্ত্র, তদভাবে আহতবস্ত্র, কার্পাসবস্ত্র আচার হেতু ব্রহ্মচারীর কৌপীন (গৈরিকবস্ত্র যুগ্ম); কৃষ্ণসারাজিন (কৃষ্ণসার হরিণের চর্ম্ম); বিল্ব বা পলাশের দণ্ড ১টি (মাণবক পরিমিত অর্থাৎ উপনেতব্য বালকের দৈর্ঘ্য পরিমাণে); সন্ধ্যাকালে পুনঃ কুশণ্ডিকা। ঝুলিবস্ত্র ২।

চতুর্থদিনে,—

সাবিত্রীচরুহোম সামগ্রী,—তজ্জন্য যব, ব্রীহি, কাংস্যপাত্র ১টি; তণ্ডুল, দুগ্ধ, ঘৃত, (পর্য্যাপ্ত) বরুণ কাষ্ঠের উদুখল মুষল; শূর্প ১, সার্দ্ধাঙ্গুষ্ঠপর্ব্ব প্রমাণ (দেড়বট) পুষ্কর নামক মেক্ষণ (খদির, পলাশ বা ডুমুর কাষ্ঠের); শ্রুক্, শ্রুব্ প্রাদেশ প্রমাণ সমিধ্। বৈণব দণ্ড (বেড়ুবাঁশ) ১।

(যজুর্ব্বেদি)

মাণবকের পরিধেয় শুক্লবস্ত্র যুগ্ম, ক্ষৌম ও কৌপীন নাই। ত্রিবৃতমুঞ্জমেখলা; অন্যান্য সামবেদিবৎ।

(ঋগ্বেদি)

দ্রব্যসংগ্রহ সমস্তই ঐ উভয় বেদির ন্যায়। কেবল তৃতীয় দিনে পলাশ মূল কিম্বা পর্য্যাপ্ত কুশ (কুশস্তম্ব)। কতিপয় নূতন শুক্লবস্ত্র।

(ক) বেদারম্ভ ও সমাবর্ত্তন।

(সামবেদি)

বৃদ্ধিশ্রাদ্ধ, কুশণ্ডিকা, শীতল ও উষ্ণজল, দ্বাদশ ব্রীহি বা পঞ্চশস্য, পুষ্পপাত্র, পঞ্চোপচার (কয়েক প্রস্থ) ধাতুপাত্র (কতিপয়) আহত বস্ত্র ১ যোড়া, যজ্ঞোপবীত, চর্ম্মপাদুকা যুগল, কাষ্ঠপাদুকা যুগল, সর্ব্বৌষধি, যজ্ঞোপবীত, শ্বেতচন্দন, ভোজ্য ১।

(যজুর্ব্বেদি)

বৃদ্ধিশ্রাদ্ধ, সচরুহোম কুশণ্ডিকা সামগ্রী, আম্রপল্লব ও কুশসমেত জলপূর্ণ কলস ৮টি, ডুমুর কাষ্ঠের দ্বাদশ অঙ্গুলি প্রমাণ দন্তকাষ্ঠ; পিষ্ট (পেষণকরা) তিল; কর্পূর চন্দনাদি সুগন্ধি দ্রব্য, নূতন বস্ত্র যুগল, উষ্ণীষার্থ নূতন বস্ত্র ১, উত্তরীয়ার্থ পট্ট বস্ত্র ২, পুনরায় নূতন বা রজক ধৌতবস্ত্র ১, বিল্বাদি কাষ্ঠের দণ্ড ১. পূজোপকরণ, পঞ্চোপচার, মধুপর্ক ১ প্রস্থ। গো-যান ১, টোপর, পুষ্পমালা, পূর্ণপাত্র ১, দক্ষিণা ৪।

(ঋগ্বেদি)

মাণবকের কণ্ঠ পরিধান যোগ্য মণিমাল অর্থাৎ মুক্তাদির মালা; কুণ্ডল, বস্ত্র, চর্ম্ম ও কাষ্ঠপাদুকা, বেডুবাঁশের দণ্ড, পুষ্পমাল্য, করঞ্জবীজ প্রত্যেক দুইটি করিয়া; অঞ্জন, সর্ব্বৌষধি, সুগন্ধ দ্রব্য (অনুলেপনার্থ) শীতল ও উষ্ণ জল, ছত্র ২, উষ্ণীষ ২, দ্বাদশব্রীহি বা পঞ্চশস্য, শমীপত্র, চন্দনকাষ্ঠ, তাম্রক্ষুর ও লৌহক্ষুর সমেত নাপিত ১, গোময়, নবনীত, দধি; সচরুহোম কুশণ্ডিকা, যজ্ঞোপবীত।

(খ) অধিবাস।

(বিবাহাদি কর্ম্মাঙ্গভূত সর্ব্বত্রের সাধারণ অধিবাস)

পঞ্চোপচার, শালগ্রাম বা ঘটে গণেশাদির ও ষষ্ঠী মার্কণ্ডেয় পূজা। গন্ধতৈল, সুগন্ধিদ্রব্য। এবং মহী গন্ধাদি যথা ;—

মহী গন্ধঃ শিলা ধান্যং দূর্ব্বা পুষ্পং ফলং দধি।
ঘৃতং স্বস্তিক-সিন্দূরং শঙ্খ-কজ্জল-রোচনা।
সিদ্ধার্থং কাঞ্চনং রৌপ্যং তাম্রং চামর-দর্পণম্।
দীপঃ প্রশস্তপাত্রঞ্চ বন্দনীয়াঃ শুভে দিনে॥

উল্লিখিত ক্রিয়াসমূহে দক্ষিণা নিরূপণ।

বচন ,—

গর্ভাধানে চ ধান্যানি ফলং পুংসবনে তথা।
সীমন্তোন্নয়নে চাজ্যং কাঞ্চনং জাতকর্ম্মণি।
বাসসী নামকরণে তাম্রপাত্রস্তু নিক্রমে।
প্রাশনে কাংস্যপাত্রন্তু রজতং ক্ষুরকর্ম্মণি।
সুবর্ণস্তু ব্রতাদেশে বিবাহে গৌঃ পয়স্বিনী।
দক্ষিণা কথিতা হ্যেতা অন্যত্র গুরু-তুষ্টয়ে॥

১। গর্ভাধানে—ধান্যাদি। ২। পুংসবনে—ফল (হরীতক্যাদি।)
৩। সীমন্তোন্নয়নে—ঘৃত। ৪। জাতকর্ম্মে—স্বর্ণ।
৫। নামকরণে—বস্ত্রজোড়। ৬। নিষ্ক্রামণে—তাম্রপাত্র।
৭। অন্নপ্রাশনে—কাংস্যপাত্র। ৮। চূড়াকরণে—যব।
৯। উপনয়নে—স্বর্ণ। ১০। বিবাহে—দুগ্ধবতী গাভী॥

ওঁ শ্রীগুরবে নমঃ।

দীক্ষা

বা মন্ত্রগ্রহণ।

সংকল্পসামগ্রী, গন্ধ পুষ্প বস্ত্রালঙ্কারাদি দ্বারা গুরুবরণ। সর্ব্বতোভদ্র-মণ্ডলের জন্য পঞ্চগুণ্ডিকা, নূতন কুম্ভ ১ বস্ত্র সমেত, নবরত্ন, অশক্তে পঞ্চরত্ন ও সর্ব্বৌষধি, পঞ্চপল্লব, স্বর্ণপাত্র অভাবে অন্য ধাতুপাত্র, ষোড়শোপচার, গন্ধ, করবীরাদি পুষ্পপূর্ণ পুষ্পপাত্র, আসনাদি।

কর্পূর, দুগ্ধ, কুশ, কল্পোক্ত দেবতার অর্থাৎ গুরু যে দেবতার মন্ত্র দিবেন, তাহার পূজার ষোড়শোপচার, শিষ্যের নেত্রবন্ধন বস্ত্র ১ ও অন্যান্য অলঙ্কার (যথাশক্তি) শিষ্যের বস্ত্র যুগল, মিষ্টান্নপানাদি দ্বারা ব্রাহ্মণ ভোজ, গুরু দক্ষিণা (যথাশক্তি) সাধারণ হোমসামগ্রী।

চতুর্থ অধ্যায়।

শ্রাদ্ধকাণ্ড।

ব্যবস্থা,—

সধবার পক্ষে তিল ও কুশ স্পর্শ করা বিধি-নিষিদ্ধ। দূর্ব্বা ও যব তাঁহাদের জন্য বিহিত।

বিহিতপুষ্প,—

জাতি, কুন্দ, মল্লিকা, যূথিকা, এই রূপ পুষ্প এবং পদ্মোৎপল, কেতকী, করবীর, বকুল ও চম্পক।

নিষিদ্ধপুষ্প।

জবা, ভাণ্ডী, অর্কপুষ্প, পীতঝিণ্টী, উগ্রগন্ধি ও অল্পগন্ধি এবং চৈত্য (সমাধি বা শ্মশান স্থান) বৃক্ষোদ্ভব রক্তপুষ্প।

কিন্তু,—

জলজপুষ্প, করবীর এবং বকপুষ্প রক্ত হইলেও অনিষিদ্ধ।

শ্রাদ্ধ পূর্ব্বদিনে——স্ত্রীত্যাগ ও সংযম।

শ্রাদ্ধ দিনে——দন্তকাষ্ঠ ত্যাগ, উষাস্নান, মৈথুনত্যাগ, একাহার।

তিল-কাঞ্চন ও বৈতরণী।

মৃত্যুশয্যায় শায়িত রোগীর প্রাণ বহির্গত হইবার প্রাক্কালে (১) হেমগর্ভ তিল দান ও (২) বৈতরণী করিতে হয়।

(১) হেমগর্ভ তিলদান—বস্ত্র ১, টাট (তামার) ১, কিছু তিল, একটুকরা স্বর্ণ এবং গন্ধপুষ্পাদি ৪।

(২) বৈতরণী—বৎসতরী (বকনা বাছুর) ১, ভোজ্য ১, বস্ত্র ১ খানি, কুশ।

মৃতের দাহ কর্ম্ম।

অন্নপাকের পৃথক্ নূতন পাত্র ১, চন্দন কর্পূরাদি সুগন্ধিদ্রব্য, কর্ণাদি সপ্তদ্বারে প্রক্ষেপের নিমিত্ত সাতটি স্বর্ণ খণ্ডিকা (সোণার টুকরা) তদভাবে কাংস্য খণ্ডিকা।

নূতন ঐ মৃৎ পাত্রে পাচিত ঐ অন্নের অর্দ্ধেক পথে ত্যাগ করিয়া, অবশিষ্ট অর্দ্ধেক পিণ্ড দিবে। কুশ, তিল ও গন্ধ পুষ্পাদি। অন্যান্য কর্ত্তব্য কার্য্য সাধারণে অবগত আছেন। অস্থি সংরক্ষণের জন্য মৃত্তিকা পুট। ※ উর্ণা-তন্তু। দুগ্ধ, শিবমৃত্তিকা, (আমপাত্রার্থ) ১ম হইতে দশাহ পর্য্যন্ত জল ও দুগ্ধ পাত্র। জলপাত্রই দিন দিন দ্বিগুণ হইতে থাকিবে।

পূরক পিণ্ডদান।

দাহনের পর জল, গোময়, ও শ্বেতসর্ষপ স্পর্শ করিবে। তৎপর পিণ্ড-দাতা এই সকল সংগ্রহ রাখিবেন—সাধারণ শ্রাদ্ধসামগ্রী, পুষ্পমাল্য, পিণ্ড-পাকের জন্য নূতন মৃদ্ভাণ্ড। জিকার কাষ্ঠ (রলা বা ছিটকীকাষ্ঠ)।

গঙ্গায় অস্থিক্ষেপ।

পঞ্চগব্য, স্বর্ণ, তিল, মধু, কুশ, দক্ষিণা, ব্রাহ্মণ ভোজ।

পর্ণ-নর দাহ।

শরপত্রের অর্থাৎ খাগড়া বা মুজার পাতার পুত্তল নির্ম্মাণ করিয়া, অস্থি-স্থলে নিম্ন লিখিত শারীরিক অংশে নিম্ন লিখিত সংখ্যক পলাশপত্র যোজনা করিতে হয়। শিরে ৪০, গ্রীবাতে ১০, বক্ষে ৩০, উদরে ২০, বাহু ও উরু

※ মুখানলের মন্ত্র যথা ;—

কৃত্বা তু দুষ্কৃতং কর্ম্ম জানতা বাপ্যজানতা।
মৃত্যুকাল বশং প্রাপ্য নরঃ পঞ্চত্বমাগতঃ॥
ধর্ম্মাধর্ম্ম-সমাযুক্তো লোভ-মোহ-সমাবৃতঃ।
দহেঽহং সর্ব্ব-গাত্রাণি দিব্যান্ লোকান্ স গচ্ছতু॥

হৃদয়ে ৩টি করিয়া, হস্তাঙ্গুলি সমূহে ৫টি করিয়া, অণ্ডদ্বয়ে ৩টি করিয়া, শিশ্নে ৪, দক্ষিণ জানুজঙ্ঘায় ১৫, বাম জানুজঙ্ঘায় ১৫, পাদাঙ্গুলি সমূহে ৫টি করিয়া পলাশপত্র যোজনা করিবে। অতঃপর সমস্ত পর্ণদেহ মেষলোমসূত্রে বেষ্টন করিয়া, পিষ্ট যবে (ময়দা) পরিলিপ্ত করিয়া পূর্ব্ববৎ দাহ ক্রিয়া কর্ত্তব্য। দ্রব্য,—শরপত্র, পলাশপত্র, মেষলোমসূত্র, ময়দা।

অশৌচান্ত দিনে।

বস্ত্র শুদ্ধি, ক্ষৌর, নববস্ত্র পরিধান, ও মঙ্গলাদি।

অঙ্গ প্রায়শ্চিত্ত।

অগ্নি, গো, ব্রাহ্মণ, সুবর্ণ, জল, ঘৃত ও রাজাকে স্পর্শন বা দর্শন এবং সূর্য্যদর্শন করিবে।

পার্ব্বণ শ্রাদ্ধ।

দীপান্বিতা অমাবস্যা ও নবান্ন প্রভৃতি ক্রিয়াতে শ্রাদ্ধ করিতে হয়।

পূর্ব্বদিন নিরামিষ ভোজন ও সংযম; পর দিন শ্রাদ্ধকর্ত্তা নিত্য ক্রিয়া করিয়া বস্ত্রযুগ্ম পরিধান করিবেন।

পাষাণ, অস্থি, শর্করা, ইষ্টকাদিযুক্ত এবং পঙ্কিল, ক্রিমিযুক্ত, সঙ্কট (সংকীর্ণ ও জনপূর্ণ) দুর্গন্ধযুক্ত, অনিষ্টশব্দা (চীৎকার-ক্রন্দনাদি উৎকট শব্দ যুক্ত) ভূমি ত্যাগ করিয়া ঐ সকল পদার্থ বিহীন উৎকৃষ্ট স্থান গোময়োপলিপ্ত করিয়া, তথায় শ্রাদ্ধ করা কর্ত্তব্য।

সাধারণ শ্রাদ্ধ সামগ্রী, ভোজ্য ২টি (মাতামহ ও পিতৃপক্ষ), বস্ত্র ২ খানি দক্ষিণা, ব্রাহ্মণভোজন। সাধারণ শ্রাদ্ধ সামগ্রী ইহাতেও প্রত আবশ্যক

ষোড়শ।

(আদ্য শ্রাদ্ধে ও সপিণ্ডীকরণাদিতে)

ষোড়শদান, যথা—

ভূমি, আসন, জল, বস্ত্র, প্রদীপ, অন্ন, তাম্বূল, ছত্র, গন্ধ, মাল্য, ফল, শয্যা, পাদুকাযুগল, গো, স্বর্ণ ও রৌপ্য।

বচন যথা,—

ভূম্যাসনং জলং বস্ত্রং প্রদীপোঽন্নমতঃ পরং।
তাম্বূলং ছত্র-গন্ধঞ্চ মাল্যং ফলমতঃ পরং।
শয্যা চ পাদুকে গাবৌ কাঞ্চনং রজতন্তথা॥
দানমেতৎ ষোড়শকং প্রেতমুদ্দিশ্য দীয়তে॥

এক্ষণে প্রত্যেকটীর বিষয়ে এক এক করিয়া বলা যাইতেছে।——

১। ভূমি——এক খণ্ড ভূমি, তদশক্তে এক টুকরা মৃত্তিকা এবং তাহার আধার, তামার টাট এক খানা।

২। আসন——কাষ্ঠাসন, কুশাসন ও কম্বলাসন।

৩। জল——জল সহ একটি কলস, ঘটি কিম্বা গেলাস।

৪। বস্ত্র——কাপড় ১ যোড়া (যথাশক্তি)।

৫। দীপ——দীপাধার অর্থাৎ ধাতু নির্ম্মিত বা কাষ্ঠের পিলশুজ ১টি, তদাচ্ছাদন বস্ত্র ১, একটি লৌহশলাকা, এক খানি টাট এবং একটি রৌপ্য বর্ত্তিকা (রূপার বাতি)।

৬। অন্ন——এক খানি থাল তণ্ডুল পূর্ণ করিয়া রাখিতে হইবে, পিতল বা কাঁসার বাটি ২।৩টি।

৭। তাম্বূল——গুবাকাদি সহ এক খানি বাটা।

৮। ছত্র——ছাতা ১টি।

৯। গন্ধ——সারচন্দন এবং উহার আধার রেকাব বা বাটী।

১০। মাল্য——স্বর্ণ বা রৌপ্য মালা তদশক্তে পুষ্প মালা।

১১। ফল——তৈজসাধার সহিত হরীতকী বা নারিকেল।

১২। শয্যা (বিবাহবর্গ) দান দ্রষ্টব্য)।

১৩। পাদুকা——কাষ্ঠ পাদুকা ১ যোড়, চর্ম্মপাদুকা ১ যোড়।

১৪। গাবৌ——বৎস সহিত একটি গাভী।

১৫। কাঞ্চন——স্বর্ণ নির্ম্মিত অঙ্গুরীয় বা মাল্য।

১৬। রজত——রৌপ্য নির্ম্মিত অঙ্গুরীয় বা মাল্য।

উপরি লিখিত প্রত্যেক দানের সঙ্গে বস্ত্রাচ্ছাদিত ভোজ্য এক একটি দিতে হয়; ঐ বস্ত্র (যথাশক্তি)।

শয্যা-বিষয়ে একটি বিশেষত্ব আছে;——

উক্ত ষোড়শে যে শয্যা কথিত আছে, তদ্ভিন্ন আরও এক প্রকার শয্যা আছে, উহা বিলক্ষণা শয্যা।

হরীতক্যাদি ফল এবং বস্ত্র সহিত একটী কাঞ্চন পুরুষকে (স্বর্ণনির্ম্মিত পুরুষ মূর্ত্তি) এক খানি পৃথক শয্যায় শয়ান রাখিতে হইবে। কাঞ্চন পুরুষ সমেত ঐ শয্যা একটী দ্বিজদম্পতীকে (সপত্নীক ব্রাহ্মণ) নানাবিধ বস্ত্র ও অলঙ্কারে ভূষিত করিয়া দান করিতে হয়। এই দান উক্ত দ্বিজদম্পতীকে।

বৃষোৎসর্গ।

(ক) যজ্ঞমণ্ডপ।

বৃষোৎসর্গে প্রথমতঃ যজ্ঞমণ্ডপ অর্থাৎ যে গৃহে আদ্যশ্রাদ্ধ ও যজ্ঞ হইবে, সেই গৃহের বিষয় বর্ণিত হইতেছে।

যজ্ঞমণ্ডপের ৪ কোণে চারিটী খুঁটী পুঁতিতে হয়। প্রত্যেকটী ৪ হস্ত ব্যবধানে। অর্থাৎ যজ্ঞমণ্ডপের মেজে ১৬ বর্গ হস্ত হইবে। ভিত্তি ১ হস্ত উচ্চ। ঐ খুঁটির উপরে তৃণ-গৃহ নির্ম্মাণ করিতে হইবে।

যজ্ঞমণ্ডপে কতিপয় কাষ্ঠ সামগ্রীর প্রয়োজন, তন্মধ্যে সামবেদি কুশণ্ডি-কাস্থলে যে কয়েকটির বিষয় উল্লেখ করা গিয়াছে, ঐ কয়েকটি ছাড়া এ স্থলে আরও কয়েকটি আবশ্যক, তাহার বিবরণ নিম্নে লিখিত হইতেছে,——

যূপ—চারি হস্ত পরিমিত একটি বিল্বকাষ্ঠের * উপরি ভাগে একটী বৃষ খুদিতে হয়; উহাই যূপ।

উপযূপ—ঐরূপ ১ হস্ত পরিমিত ৪টী।

স্রুব—এক হস্ত পরিমিত ১ খানি হাতা। ঐ হাতের বৃদ্ধাঙ্গুষ্ঠ করতলে এবং অন্য চারিটী আঙ্গুল সোজা থাকিবে। 'কর' ধরিতে হাতের যেরূপ আকার হয় সেই রূপ।

হোমকাষ্ঠ—আম্র বা পলাশ কাষ্ঠ (সমিধ)।

ইতি কাষ্ঠ সামগ্রী।

অন্যান্য সামগ্রী, যথা—

শূর্প (কুলা) ১, কুশ, তিল, হরীতকী।

শান্তিকুম্ভ—একটী ঘট (মৃণ্ময় বা তৈজস)।

পঞ্চঘট—৫টী ঘট (মৃণ্ময় বা তৈজস)।

পঞ্চপল্লব ১ প্রস্ত এবং পঞ্চ ঘটের নিমিত্ত পৃথক রূপে ৫টী আম্রপল্লব।

শান্তিকুম্ভের মুখে দিবার জন্য—

সর্ব্বৌষধি, পঞ্চরত্ন, কুঙ্কুম, তণ্ডুল পূর্ণ একটী নূতন শরাব (সরা) তদুপরি একটী নারিকেল ও বস্ত্র ১ যোড়া।

পঞ্চঘটাচ্ছাদন——বস্ত্র ৫ খানা, অভাবে ১ খানা।

চন্দ্রাতপ——যজ্ঞমণ্ডপের পরিমাণে (১৬বর্গ হস্ত) একখানি চাঁদোয়া।

আজ্যস্থালী ও চরুস্থালী ১ প্রস্ত।

---

* যূপ এবং উপযূপ বিল্বকাষ্ঠের করা বিহিত। স্রুক স্রুবাদি বকুল, যজ্ঞডুমুর পলাশ কিম্বা খদির কাষ্ঠের করা বিহিত।

রুদ্রপূজার জন্য।

আসনাঙ্গুরী ও মধুপর্ক ২ প্রস্ত, বস্ত্র ১ খানি, কাঁসার টাট ১। পঞ্চোপ-চার ও পুষ্পপাত্র।

বিষ্ণুপূজার জন্য।

তামার টাট ১, কোসাকুসী ১, পুষ্পপাত্র ১, নৈবেদ্যপাত্র ১, আসনাঙ্গুরী মধুপর্ক ১ প্রস্ত, বস্ত্র ১।

ব্রহ্মপূজায়।

অগ্র্যাধার অর্থাৎ একখানি কাঁসার টাট, ভোজ্য ১, ছত্র ১, পাদুকা ১ যোড়া (কাষ্ঠপাদুকা) কমণ্ডলু অর্থাৎ গাড়ু বা ঘটি ১, ঘণ্টা ১, জলশঙ্খ ১, ত্রিপদী ১।

পঞ্চগব্য, গণেশ, গ্রহ, ও বিষ্ণু পূজার ষোড়শোপচার, আসনাদি, পুষ্প-পাত্র, ঘৃত ও তণ্ডুল।

(খ) বৃষোৎসর্গ।

বৃষ—ষাঁড় ১টী (রক্তবর্ণ হইলে প্রশস্ত হয়) বয়স্ ৪ দাঁত) ক্ষতহীন, হৃষ্টপুষ্ট।

বৎসতরী—রক্ত, নীল ও কৃষ্ণবর্ণের ৪টী বকনা।

বৃষাচ্ছাদন—বস্ত্র ১ (শালদোশালা বা কম্বল, যথাশক্তি) বৃষের পৃষ্ঠে দিবার বস্ত্র ১ যোড়া।

কাংস্যক্রোড়—কাঁসার পাতরা ২ খানা, বৃষের পৃষ্ঠ দিয়া উভয় পার্শ্বে ঝুলাইয়া দিবার জন্য।

তাম্রপৃষ্ঠ—বৃষের পৃষ্ঠে দিবার জন্য তামার পাতরা ১।

লৌহ বলয় বা নূপুর ২০ খানা। (বৃষের ৪, বৎসতরীর ১৬)।

দর্পণ—কাঁসার দর্পণ, ছিদ্র বিশিষ্ট ১ খানা।
(বৃষের ললাটে ঝুলাইয়া দিতে হয়)

শ্বেতচামর—লেজে বান্ধিবার জন্য শাদা চামর ১।

ঘণ্টা—গলদেশে বান্ধিবার জন্য ঘণ্টা ১।

স্বর্ণশৃঙ্গ—বৃষের শৃঙ্গে দিবার জন্য সোণার শৃঙ্গ ২।

রজতখুর ৪টি—(বৃষের ৪ পায়ের খুরে দিবার জন্য)।

বীরপট্ট—বৃষের ললাটে দিবার জন্য স্বর্ণ নির্ম্মিত অর্দ্ধচন্দ্রাকৃতি পাৎরা ১ খানা।

বন্ধনবস্ত্র—(বৃষের ১, বৎসতরীর ৪ খানা)

বৎসতরীর —

আচ্ছাদন বস্ত্র ১ খানা।

অলঙ্কার—তদশক্তে কাংস্যক্রোড় ৪ খানা।

বাঁশের ডালা ছোট ছোট ৪টী।

সিন্দূর, ফাইল ও খোপ (পট্টসূত্র), চিরুণী, আরসি, এই সকল ৪ প্রস্থ।

যূপাচ্ছাদন বস্ত্র ২ খানা। (বৎসতরীর)

গো-পালকের বস্ত্র ১ খানা

অন্যান্য সামগ্রী যথা—

লৌহত্রিশূল ১; লৌহ চক্র ১; চটচটের ত্রিশূলাকার শাখা ১টী; কুঙ্কুম, অভাবে হরিদ্রা; সারচন্দন; তর্পণের কোসা ১; জলাধার (তৈজস বা মৃণ্ময় পাত্র ১টী); বৃষস্নানের কলস ১, সর্ব্বৌষধি।

গীতা ও বিরাট পূজায়।

বস্ত্র ১, আসনাঙ্গুরী মধুপর্ক ১ প্রস্থ, পুষ্পপাত্র, পঞ্চোপচার।

(গ) বরণ ও দক্ষিণা।

ব্রহ্মা, হোতা, আচার্য্য, গীতাপাঠক ও বিরাট পাঠক এবং সদস্য এই ছয় জন ব্রাহ্মণপণ্ডিতকে বরণ করিতে হয়; তাঁহাদের প্রত্যেকের জন্য এক এক যোড়া বস্ত্র (ব্যবহার যোগ্য) এবং এক এক খানা কুশাসন।

বিরাট ও গীতাপাঠ-স্থলে ২ জন ধারক, ২ জন শ্রোতা ও ২ জন সদস্য থাকেন; তাঁহাদের প্রত্যেকের এক এক যোড় বস্ত্র ও আসন।

দক্ষিণা—প্রত্যেক বরণের (বৃত ব্রাহ্মণের) সাধ্যমত। কেবল ব্রহ্মার জন্য অতিরিক্ত ১ খানি তণ্ডুলপূর্ণ থালা দিতে হয়, ইহাকে তূর্ণপাত্র কহে।

সাধ্য থাকিলে—ব্রহ্মার স্বর্ণাঙ্গুরী, হোতার স্বর্ণ, বস্ত্র যোড় ও কাংস্য-পাত্র, এবং আচার্য্যের বৃষোৎসর্গ দক্ষিণা বৃষতুল্য বয়স্ক গো একটী, কিম্বা তন্মূল্য।

অশৌচান্তদ্বিতীয়দিনশ্রাদ্ধ বা আদ্যশ্রাদ্ধ।

কেবল আদ্যশ্রাদ্ধ ক্রিয়াটিতে বিশেষ রূপে যাহা আবশ্যক হয়, তাহাই বলা যাইতেছে ——

পঞ্চোপচার, সাধারণ শ্রাদ্ধ সামগ্রী, শালি বা ব্রীহি।

আসন ১, (কুশাসন বা কম্বলাসন)।

ছত্র ১।

পাদুকা (চর্ম্মপাদুকা বা কাষ্ঠ পাদুকা)।

দীপ, দীপাধার পিলসুজ বা অন্যরূপ।

বস্ত্র ১ যোড়া, শয্যা ১ (ষোড়শ দ্রষ্টব্য)।

প্রেতোপভোগ্য অর্থাৎ প্রেতের সন্তোষ জনক ভোগ্য যান, অলঙ্কার ও বস্ত্রাদি।

মাসিক ও ষাণ্মাসিক শ্রাদ্ধ।

মাসিক বা ষাণ্মাসিক শ্রাদ্ধে এক একটি ভোজ্য এবং সাধারণ শ্রাদ্ধ সামগ্রী ও এক এক খানি বস্ত্র। আর বিশেষ কোনও আবশ্যক হয়না।

কিন্তু যদি আদ্যশ্রাদ্ধে দান ও বৃষোৎসর্গ না করা হইয়া থাকে, তবে ষাণ্মাসিকে বা সপিণ্ডীকরণে তাহা করিতে পারা যায়।

সপিণ্ডীকরণের বিবরণ নিম্নে লিখিত হইতেছে।——

সপিণ্ডীকরণ।

শ্রাদ্ধ দিনে শেষ মাসিক; অপরাহ্নে মূল ক্রিয়া *।

---

* দেব ও পিতামহাদির পার্ব্বণানুসারে এবং প্রেতের একোদ্দিষ্টানুসারে শ্রাদ্ধ।

সপিণ্ডীকরণে, প্রথমতঃ দান। যাঁহারা পূর্ব্বোক্তরূপ "ষোড়শ" দান করিতে অক্ষম, তাঁহারা কেবল ৪ দান মাত্র করিতে পারেন।

৪ দান যথা ——অন্ন, জল, বস্ত্র ও তাম্বুল ("ষোড়শ" দ্রষ্টব্য)।

শ্রাদ্ধ সামগ্রী যথা—

সাধারণ শ্রাদ্ধ সামগ্রী (তিল ও যব সহ)। সূত্র। বস্ত্র ৪ খানা ; পৈতে ৪ যোড়া। ভোজ্য ৫টি ; (প্রত্যেক দানের এক একটি, শ্রাদ্ধের ২টি)।

হলায়ুধমতে সাম্বৎসরিক একোদ্দিষ্ট শ্রাদ্ধ।

সূর্য্যার্ঘ্যদান সামগ্রী ; যথাশক্তিদান ; তদশক্তে ভোজ্য ১টী. সর্ব্বোপকরণ অন্নদান, সাধারণ শ্রাদ্ধ সামগ্রী। যথাশক্তি অন্নব্যঞ্জন ও পায়স পাক করিবেন।

সামবেদি নিত্য শ্রাদ্ধ।

ইহাতে কেবল সাধারণ শ্রাদ্ধ সামগ্রী।

চন্দন-ধেনু দান।

ক্রিয়াস্থল গোময়োপলিপ্ত করিতে হইবে। ধেনু অর্থাৎ গাভী একটি (পুষ্টাঙ্গ)। ধেনুবন্ধনের বস্ত্র ১, সবৎস-ধেনু-খোদিত যূপ ১টি *।

ধেনুর অন্যান্য সামগ্রী যথা,—

শুক্লবস্ত্র ২, সিন্দুর, গোরোচনা, স্বর্ণশৃঙ্গ ২ ; রৌপ্যখুর ৪ ; কাংস্যক্রোড় ২ ; তাম্রপৃষ্ঠ ১, চামর ১।

ব্রাহ্মণ বরণ, পঞ্চোপচার, পঞ্চগব্য, পঞ্চামৃত, ষড়ঙ্গুল (৬ অঙ্গুলি পরিমিত) ত্রিশূল ১ (লৌহের) পঞ্চাঙ্গুল (৫ অঙ্গুলি পরিমিত) চক্র (লৌহের)।

---

* এই যূপস্ত বিল্বকাষ্ঠের ; ৪ হস্ত দীর্ঘ, উহার মস্তকে বৎস-সহিত একটি ধেনু খোদিত থাকিবে।

অশ্বত্থাদি বৃক্ষ প্রতিষ্ঠা।

অর্থাৎ

বৃক্ষরূপী নারায়ণের পূজা।

পত্র, পুষ্প, এবং ফল সংখ্য-বর্ষাবচ্ছিন্ন স্বর্গবাস কামনায় মনুষ্য অশ্বত্থাদি বৃক্ষ প্রতিষ্ঠা করিবে।

ঘট বা শালগ্রাম ও পঞ্চোপচার কয়েক প্রস্ত। এই ক্রিয়া সাধারণতঃ স্ত্রীদিগেরই কর্ত্তব্য ; কিন্তু পুরুষক ক্রিয়া হইলে, অর্থাৎ পুরুষ এই ক্রিয়া করিলে, মাতৃকাপূজা এবং বৃদ্ধিশ্রাদ্ধ করিবেন, প্রথমে এই মাত্র বিশেষ। তৎপর হোতা ও সদস্যের (আবশ্যক মত অন্য ব্রাহ্মণের●) বরণ বস্ত্র ; প্রত্যেকে এক এক যোড়া।

ঘট, বেদী, পঞ্চগব্য, বাসুদেব পূজার ষোড়শোপচার ১ প্রস্ত। অন্যান্য কতিপয় দেব দেবীর পূজার পঞ্চোপচার কয়েক প্রস্ত।

সর্ব্বকর্ম্মসাধারণী কুশণ্ডিকা সামগ্রী ; দক্ষিণা, পঞ্চামৃত, বৃক্ষাচ্ছাদন অশ্বত্থ বৃক্ষের চতুর্দ্দিকে পুঁতিবার জন্য ৪টী কদলী বৃক্ষ।

অশ্বত্থবৃক্ষপূজার—আসনাঙ্গুরী ও মধুপর্ক ১ প্রস্ত, বস্ত্র ১, ঘণ্টা ১, মাল্য ১, পতাকাদি, পিষ্টক প্রদীপ দ্বারা নির্ম্মঞ্ছন। ব্রাহ্মণ ভোজ।

পুষ্করশান্তি।

পুষ্কর যথা,——

ভগ্নপাদেঽপি নক্ষত্রে ভৌমার্ক-শনি-বাসরে।
ভদ্রাতিথিসমাযোগে ত্রিপুষ্কর ইতি স্মৃতঃ॥

ত্রিপুষ্কর যোগ হইলে, ঘোরতর অনিষ্ট সংঘটিত হয়, অতএব পুষ্করশান্তি কর্ত্তব্য।

ক্রিয়া সামগ্রী।

তিন জন ব্রাহ্মণকে পরিতোষণের জন্য গন্ধ পুষ্পাদি, সঙ্কল্প সামগ্রী, বরণ, ঘট, মণ্ডল-হেতু পঞ্চগুণ্ডিকা। মণ্ডলের উপরে ৩টী কলস (মৃন্ময় বা তৈজস)

উক্ত কলস চতুষ্টয়ের উপরে এক একটি পাত্রে এক একটি দেব প্রতিমা স্থাপন করিতে হয়, যথা——

১। ব্রীহিযবপূরিত লৌহ পাত্রে লৌহময়ী যম প্রতিমা, কৃষ্ণ বস্ত্র দ্বারা বেষ্টন করিয়া স্থাপন করিবে।

২। তিলপূরিত তাম্রপাত্রে তাম্রময়ী ধর্ম্মপ্রতিমা শুক্লবস্ত্র দ্বারা বেষ্টন করিয়া স্থাপন করিবে।

৩। যবপূরিত কাংস্যপাত্রে কাংস্যময়ী চিত্রগুপ্ত প্রতিমা, পীতবস্ত্রে বেষ্টন করিয়া স্থাপন করিবে।

৪। গোধূম-পূরিত রৌপ্যপাত্রে রৌপ্যময়ী পুষ্কর প্রতিমা স্থাপন করিবে।

বস্ত্র—ধর্ম্মপূজার ১ যোড়, চিত্রগুপ্ত পূজার ১ যোড়, পুষ্কর পূজার ১ যোড়, বিষ্ণুপূজার ধুতি ১, গামছা। শান্তিকুম্ভাচ্ছাদন ২, কুম্ভাচ্ছাদন ৪, উষ্ণীষ ১, চন্দ্রাতপ ১, আসন ১৪, সীসকাসন ১, সীসকাঙ্গুরী ১, স্বর্ণাসন ৪, স্বর্ণাঙ্গুরী ৪, লৌহাসন ৩, লৌহাঙ্গুরী ৩, রজতাসন ৬, রজতাঙ্গুরী ৬, তাম্রপাত্র ৪, পঞ্চামৃত অন্যূন /৫ সের। ধান্য, সিন্দূর, হরীতকী, ধূপ, গুগ্‌গুল, ধুনা, কুশাসন ২, যব, তিল, গোধূম, মাষকলাই, অর্কসমিধ, ০৮, বৈকঙ্কত (বৈঁচ) সমিধ্ ২৮, যজ্ঞোপবীত ১, নারিকেল ১০ কলস, ঘট ৯, মালসা ১, হাঁড়ী ১, পাত, মাগুরমৎস্য ১। পঞ্চামৃত, পঞ্চোপচার কয়েক প্রস্ত। পুষ্পপাত্রাদি।

ইহাতে যম, যমের মন্ত্রী চিত্রগুপ্ত, পুষ্কর পুরুষ এবং তিথিবার ও নক্ষত্রাদির পূজা। পূজাসামগ্রী সাধারণ। চরুহোম, অশক্তে সাধারণ হোম। হোমার্থ বঁইচ কাষ্ঠ ও অশ্বত্থ সমিধ। বৈঁচ—বৈকঙ্কত। ব্রাহ্মণকে যব, তিল এবং গোদান করিবে।

গোভিল মতে বিশেষ এই —

ব্রাহ্মণকে স্বর্ণ দান করিবে, বিষ্ণুপূজা করিবে এবং মধু ঘৃত মিশ্রিত তিল দ্বারা সহস্র হোম করিবে।

প্রমাণ।

সুবর্ণং বিপ্রায় দদ্যাদ্বিষ্ণুং সংপূজয়েত্ততঃ।
মধ্বাজ্যমিশ্রিতস্তিলৈর্হোমং কুর্য্যাৎ সহস্রকম্‌॥

৫ম অধ্যায়।

ব্রতমালা।

এই অধ্যায়ে প্রচলিত যাবতীয় ব্রত এবং তৎপ্রতিষ্ঠার দ্রব্য সংগ্রহের বিবরণ লিখিত হইতেছে। এই বিবরণ, সাধারণের সুবিধার জন্য, একটু বিস্তৃত ভাবে লিখিত হইতেছে।

প্রথমতঃ বিধিনির্দ্দিষ্ট ব্রত।

১। অক্ষয়াতৃতীয়া ব্রত।

(বৈশাখী শুক্লা তৃতীয়াতে)

আসনাদি, পুষ্পপাত্র, পঞ্চোপচার, কতিপয় ঘট এবং ভোজ্য। ব্রহ্ম পুরাণ মতে——যব (যথেষ্ট) শ্রাদ্ধ, হোম।

২। জলসংক্রান্তি ব্রত।

(মহাবিষুব সংক্রান্তিতে কর্ত্তব্য)

সলক্ষ্মীকনারায়ণের পূজা।

আসনাদি, পুষ্পপাত্র, পঞ্চোপচার, কতিপয় ঘট এবং ভোজ্য। তৈল বা ঘৃতপ্রদীপ দান (যথাশক্তি)। ব্রতান্তে তাম্র নির্ম্মিত ঘট বস্ত্রাচ্ছাদিত করিয়া ব্রাহ্মণকে দান।

৩। সাবিত্রী ব্রত।

(জ্যৈষ্ঠের কৃষ্ণা চতুর্দ্দশীতে আরম্ভ করিয়া চতুর্দ্দশ বর্ষ পর্য্যন্ত।)

কতিপয় ভল্লক, পতিপূজন এবং ষষ্ঠী, যম, কট্টারক, বটবৃক্ষ, সাবিত্রী ও সত্যবানের পূজার পর্য্যাপ্ত সামগ্রী উপচার (যথাশক্তি)। বটবৃক্ষ বেষ্টনার্থ চতুর্দ্দশ সূত্র, বট বৃক্ষের যথাশক্তি ভূষণ। নিজ পতির নিমিত্ত গন্ধমাল্যাদি। ব্রাহ্মণ ভোজ।

৪। অরণ্যষষ্ঠী ব্রত।

জ্যৈষ্ঠের শুক্লা ষষ্ঠী।

আসনাদি, পুষ্পপাত্র, পঞ্চোপচার, ব্যজন শূরণ ও মূলকাদি। তাল-পত্রের ব্যজন। ফলমূলান্বিত ডল্লক।

৫। নাগপঞ্চমী ব্রত।

(শ্রাবণের কৃষ্ণা পঞ্চমীতে)

স্নুহীশাখা (সিজগাছের শাখা) আসনাদি, পুষ্পপাত্র পঞ্চোপচার, স্নানার্থ গব্য দুগ্ধ, ঘৃত, ক্ষীর, নৈবেদ্য। গন্ধচন্দনাদি, মাল্য, সিন্দুর। মিষ্টান্নাদি উপকরণ। প্রতিমাসের কৃষ্ণাপঞ্চমীতে এই রূপ।

৬। জন্মাষ্টমী ব্রত।

(ভাদ্রের কৃষ্ণাষ্টমীতে)

ষোড়শোপচার ১ প্রস্থ; পঞ্চোপচার কতিপয়।

৭। অঘোর চতুর্দ্দশী ব্রত।

(শ্রাবণের কৃষ্ণা চতুর্দ্দশীতে)

শিব পূজার সাধারণ উপকরণ ১ প্রস্থ।

৮। আলোকামাবস্যা ব্রত।

(ভাদ্রের অমাবস্যাতে। ৬ বর্ষ পর্য্যন্ত।)

প্রতিমাসের অমাবস্যাতে দীপদান, সলক্ষ্মীক নারায়ণের পূজার পঞ্চোপ-চার ও যথাশক্তি উপকরণ, ভোজ্য এক একটী। প্রথম ২ বর্ষে তৈল প্রদীপ, পরে ৪ বৎসর ঘৃত প্রদীপ, মাসে মাসে ভোজ্যদান। প্রতিষ্ঠা সময়ে— দীপ সৌহস্তি যুক্ত তাম্রাধার, ঘৃত পূর্ণ—রজতশলাকা দান, ভোজ্য দান, যজ্ঞো-পবীত, নানাবস্তু পূর্ণ ডল্লক দান।

৯। কুক্কুটী ব্রত।

(প্রতিভাদ্রের শুক্লা সপ্তমীতে) ৮ বর্ষ পর্য্যন্ত।

গৌরীসহ শিব পূজার পঞ্চোপচার ও অন্যান্য কতিপয় উপচার অষ্টগ্রন্থি যুক্ত সূত্র ডোর, তৎপ্রতিনিধিস্থে রজতাঙ্গুরীয়, ভোজ্যোৎসর্গ এক একটি। পিষ্টক নৈবেদ্যাদি। প্রতিষ্ঠাতে অষ্টভোজ্য, ডালক ৪। শিব দুর্গার স্বর্ণ-রৌপ্যময়ী মূর্ত্তি।

১০। ঋষিপঞ্চমী ব্রত।

(প্রতিবর্ষ ভাদ্রের শুক্লা পঞ্চমীতে) ৭ বর্ষ পর্য্যন্ত।

গণেশাদি নানা দেবতা সপ্তর্ষি এবং সলক্ষ্মীক বিষ্ণু পূজার উপচার (ষোড়শ) ভোজ্য ১টী। পল ও মাষ প্রমাণ স্বর্ণ রৌপ্যের সপ্তর্ষি মূর্ত্তি. পঞ্চগুণ্ডিকা (মণ্ডলার্থ) নূতন কুম্ভ, বস্ত্রযুগ্ম, সপ্ত ধান্য *। পায়স আজ্য তিল যুক্ত শতপত্র দ্বারা হোম। গো দক্ষিণা, বস্ত্রালঙ্কারাদি, পঞ্চামৃত, চন্দনাগুরু, কর্পূরাদি সুগন্ধি দ্রব্য।

১১। অনন্ত ব্রত।

(ভাদ্রের শুক্লা চতুর্দ্দশীতে) ১৪শ বর্ষ পর্য্যন্ত।

ইহাতে অনন্তরূপী বিষ্ণু. ইন্দ্র, ও সমুদ্রাদির পূজা। বিষ্ণুর (অনন্তের) ষোড়শোপচার, অন্যের যথাশক্তি উপচার কয়েক প্রস্ত। শালগ্রাম বা ঘট। যজ্ঞোপবীত (সাবিত্রী গ্রন্থি যুক্ত)। পুরাতন ডোরক (সূতার ডোর) ১, নূতন ডোর ১, (১৪গ্রন্থিযুক্ত) দুগ্ধ পূর্ণ পাত্র (তৈজস) ১, ভোজ্য ১। অনন্ত প্রতিমা। চতুর্দ্দশ ফল যুক্ত অপূপ। ডালক ১।

১২। রাধাষ্টমী ব্রত।

রাধাকৃষ্ণ পূজার ষোড়শ উপচার। উপকরণ।

---

* কঙ্গু. শ্যামাক, মাষ, ব্রীহি, গোধূম, মুদ্গ, যব, (তিলসহ এইগুলি)।

১৩। দূর্ব্বাষ্টমী ব্রত।

(ভাদ্রের শুক্লাষ্টমীতে কর্ত্তব্য)

সলক্ষ্মীক নারায়ণ পূজার নিমিত্ত পঞ্চোপচার, উপকরণ। যথা ফল পুষ্পাদি বকুল, নাগর, বীজপূরক, দাড়িম, খর্জ্জুর, নারিকেল, দ্রাক্ষা, আমলকী ইত্যাদি। কর্পূর, অক্ষত, দুর্ব্বা দধি ও দুগ্ধাদি। বিবিধ ফল; অষ্টগ্রন্থি যুক্ত ডোরক।

১৪। তালনবমী ব্রত।

(ভাদ্রের শুক্লা নবমীতে)

সলক্ষ্মীক নারায়ণ পূজার পঞ্চোপচার তালফল, যজ্ঞোপবীত সহ ভোজ্য ১টি। মণ্ডল, ঘট, পিষ্টক, ষোড়শোপচার পূজা সামগ্রী।

১৫। মানচতুর্থী ব্রত।

(আশ্বিনের শুক্লা চতুর্থীতে) (৪র্থ বর্ষ পর্য্যন্ত)।

পঞ্চোপচার সামগ্রী পর্য্যাপ্ত। ইহার মূল শিবগৌরী পূজা। ভোজ্য ১, মানক পত্র ২ টি। স্বর্ণপত্র (সাধ্য থাকিলে)। হবিষ্যান্ন ভোজন।

১৬। শ্রবণা দ্বাদশী ব্রত।

(ভাদ্রের শুক্লা দ্বাদশী, শ্রবণা নক্ষত্র যুক্তা বা)

সন্ধ্যাকালে বিষ্ণু পূজার জন্য পঞ্চোপচার ও অন্যান্য উপকরণ। পূর্ব্ব দিন শ্রবণা নক্ষত্র থাকিলে ঐ একাদশীতে এবং পর দিন দ্বাদশীতেও উপবাস মাত্র আর পূর্ব্বোক্ত পূজা।

১৭। দুর্গা ব্রত।

(প্রতিমাসের শুক্লাষ্টমীতে ৮ বর্ষ পর্য্যন্ত)

ঘট, ঘৃতপ্রদীপ, আসনাদি, পঞ্চোপচার কয়েক প্রস্থ, অষ্টগ্রন্থি যুক্ত নূতন ডোরক, অষ্টফল, নৈবেদ্য ভোজ্য ১।

১৮। সর্ব্বজয়া ব্রত।

(কার্ত্তিকের বিষ্ণুপদী সংক্রান্তিতে আরম্ভ করিয়া আগামী সংক্রান্তি পর্য্যন্ত একবৎসর কাল প্রতিসংক্রান্তিতে কর্ত্তব্য)।

শাকাদি দ্রব্য পরিত্যাগার্থ এই ব্রত, ইহাতে শিব দুর্গার পূজা। সাধারণ উপচারে। দ্বাদশমাসে ১২ দ্রব্য ত্যাগ ※।

১৯। ভূতচতুর্দ্দশী ব্রত।

(কার্ত্তিকের কৃষ্ণা চতুর্দশীতে) চতুর্দ্দশ বর্ষ।

ফল ও কণ্টক সহ অপামার্গ পল্লব (ভ্রামণার্থ)। তিল ও তুলসীপত্র (তর্পণার্থ)। প্রদোষে দীপদান, ব্রহ্মা-বিষ্ণু-শিবপূজায় পঞ্চোপচার। আসনাদি পুষ্পপত্র। এই দিন চতুর্দ্দশ শাক ভক্ষণ যথা—ওল, কেমুক, বাস্তুক, সার্ষপ, কাল, নিম্ব, শালঞ্চী, হিলমোচিকা, পটুক, শৌলফ, গুড়ূচী, ভণ্টকী, সুনিষণ্ণক। এই ১৪ শাক।

২০। বীরাষ্টমী ব্রত।

আশ্বিনের মহাষ্টমীতে) ৮ বর্ষ পর্য্যন্ত।

ষোড়শোপচার ১ প্রস্ত, অষ্টপুষ্প, সভোজ্য ঘট ১টি জলপূর্ণ, অষ্টগ্রন্থিযুক্ত কুঙ্কুমাক্ত ডোরক ১টি। ভোজ্য ১। প্রতিষ্ঠায় অষ্টবৃন্ত, কুম্ভোপরি বস্ত্র সহিত উল্লক ৮।

২১। কালিকা ব্রত।

(শুদ্ধকালে কৃষ্ণাচতুর্দশীতে)

কদলীতরুযুক্ত অঙ্গন।

দক্ষিণকালিকা পূজা (দেব (৪) দ্রষ্টব্য)।

※ অগ্রহায়ণ হইতে কার্ত্তিক পর্য্যন্ত, শাক, লবণ, তৈল, পূগ, পুষ্প, ভক্ত, ধারাজল, দধি, বস্ত্র, জল, ঘৃত, শয্যা। মাসান্তে সকলগুলি দ্বিজকে দিয়া নিজে উপভোগ করিবে। ব্রত পূর্ণে বিবিধ দান, শয্যাদান।

২২। দধিসংক্রান্তি ব্রত।

(উত্তরায়ণ সংক্রান্তিতে আরম্ভ, প্রতিসংক্রান্তিতে এক বর্ষ যাবৎ।)

গণেশাদি করিয়া নারায়ণের পূজার পঞ্চোপচার যথেষ্ট। স্বর্ণতাম্রাদি-ময়ী সলক্ষ্মীক নারায়ণ মূর্ত্তি বা ঘটে। ষোড়শ উপচার, গব্যদধি পর্য্যাপ্ত। ভোজ্য ১। ব্রাহ্মণ ভোজ।

২৩। উত্থানৈকাদশী ব্রত।

একাদশীতে উপবাস। পর দিন প্রাতঃ স্নানান্তর বিষ্ণু পূজা, এনিমিত্ত সাধারণ উপচার ※।

২৪। কার্ত্তিকেয় ব্রত।

দেখ (৯) দ্রষ্টব্য। কেবল ১টি ভোজ্যমাত্র বিশেষ।

২৫। ষট্‌পঞ্চমী ব্রত।

(মাঘের শুক্লা পঞ্চমীতে। ৬বর্ষ পর্য্যন্ত।)

প্রতিমাসের শুক্লা পঞ্চমীতে।

সলক্ষ্মীক নারায়ণের ষোড়শ উপচারে পূজা। ভোজ্য ১টি।

২৬। আরোগ্যসপ্তমী ব্রত।

(মাঘের শুক্লা সপ্তমীতে, সংবৎসর কাল)।

ষষ্ঠীতে সংযম, এই দিন উপবাস। শালগ্রামে সূর্য্য পূজা, এনিমিত্ত সাধারণ উপচার। ভোজ্য ১।

※ উত্তিষ্ঠোত্তিষ্ঠ গোবিন্দ ত্যজ নিদ্রাং জগৎপতে।
ত্বয়া চোত্থাপমানেন উত্থিতং ভুবনত্রয়ং॥

২৭। বিধানসপ্তমী ব্রত।

(মাঘের শুক্লা সপ্তমীতে) (সংবৎসর কাল)।

ব্রাহ্মণ পরিতোষণার্থ গন্ধাদি, সঙ্কল্প সামগ্রী। দ্বাদশমাসের প্রতি সপ্তমীতে (অষ্টমীযুক্ত না হয়) দ্বাদশ প্রকার বস্তু ভক্ষণের নিয়ম; তদ্ভিন্ন অন্ত কিছু খাওয়া বিধিনিষিদ্ধ।

মাঘে—অর্কপত্রের অঙ্কুর (অর্ক—আকন্দ)

ফাল্গুনে—অন্তরীক্ষ অর্থাৎ শূন্যে গৃহীত গাভীর গোময় (ঐ গাভী পুরীষ ত্যাগ কালে মৃত্তিকা স্পর্শ না করিতেই তাহার গোময় গ্রহণ কর্ত্তব্য)।

চৈত্রে একটিমাত্র মরিচ। বৈশাখে— কিঞ্চিৎ জল।

জ্যৈষ্ঠে—পক্ক কদলী ফলের কণামাত্র। আষাঢ়ে—যব প্রমাণ কুশমূল।

শ্রাবণে—অল্প পরিমাণে হবিষ্যান্ন। ভাদ্রে—উপবাস।

আশ্বিনে—ময়ূরাণ্ড প্রমাণ হবিষ্যান্ন। কার্ত্তিকে—অর্দ্ধ প্রসৃতিমাত্র দুগ্ধ।

অগ্রহায়ণে—পূর্ব্বমুখে বায়ুসেবন। পৌষে—স্বল্প ঘৃত। তৎপর আবার মাঘে গুড়ক্ষীর ইত্যাদি ব্রাহ্মণকে ভোজন করাইয়া স্বয়ং ঐ দ্রব্য ভোজন করিবে।

২৮। সন্তান দ্বাদশী ব্রত।

(মাঘের শুক্লা দ্বাদশীতে। সম্বৎসরকাল। প্রতি শুক্লা দ্বাদশীতে)

পঞ্চোপচার কয়েক প্রস্থ। আসনাদি, পুষ্পপাত্র। বাসুদেব পূজায় ষোড়শ-উপচার, অপরকে পঞ্চোপচার। ঘৃত পর্য্যাপ্ত। কারণ অনেক স্থলে ঘৃতের প্রয়োজন। বাসুদেবের রজত প্রতিমা বা শালগ্রামে পূজা। ঘৃতপ্রদীপ। ভোজ্য ১, শুক্ল নূতন বস্ত্র ১ খণ্ড (গামছা)।

২৯। দানসংক্রান্তি ব্রত।

(মহাবিষুব সংক্রান্তিতে আরম্ভ করিয়া প্রতি সংক্রান্তিতে)

গণেশাদির পূজায় পঞ্চোপচার। লক্ষ্মীনারায়ণের ষোড়শোপচার। ভোজ্য ১, ঘট ১, বস্ত্র ২, তাম্বূলাদি পর্য্যাপ্ত। বৈশাখে—জলকুম্ভ বস্ত্র

সহিত। জৈ্যষ্ঠে—ছত্র। আষাঢ়ে—সচন্দন ব্যজন। শ্রাবণে—পদ্মাসন; জাতীপুষ্প। ভাদ্রে, আশ্বিনে—ঘৃতভাণ্ড। কার্ত্তিকে—তিল মোদক। অগ্রহায়ণে—গন্ধদ্রব্য দান। পৌষে—পট্টদান। মাঘে—তাম্বূল। ফাল্গুনে রজত। চৈত্রে—স্বর্ণদান ব্রতপ্রতিষ্ঠা লিখিত প্রতিষ্ঠাবং দক্ষিণা সবৎসা গাভী দান।

৩০। শিবরাত্রি ব্রত।

ফাল্গুনের কৃষ্ণা চতুর্দ্দশী।

পূর্ব্বদিন——সংযম।

পরদিন——শিবপূজার উপকরণ (পঞ্চোপচার) মৃণ্ময় শিবলিঙ্গ। ৪ প্রহরে ৪ পূজা (রাত্রিতে); এনিমিত্ত ১ম স্নানে দুগ্ধ, দ্বিতীয় স্নান দধি দ্বারা; তৃতীয় স্নান ঘৃত দ্বারা; চতুর্থ স্নান মধু দ্বারা। পর দিন, ব্রাহ্মণকে ভোজন করাইয়া, স্বয়ং পারণ করিবে।

৩১। আমলকী দ্বাদশী ব্রত।

(মাঘের শুক্লা দ্বাদশীতে। ১বর্ষ পর্য্যন্ত প্রতিমাসে) দ্বাদশীতে।

সলক্ষ্মীক নারায়ণের পূজা। ভোজ্য, আমলকী, ঘট ১। রাধা ও কৃষ্ণের ষোড়শোপচার ২ প্রস্থ। আমলকী সহিত উদক উৎসর্গ করিয়া, মধুমিশ্রিত আমলকীখণ্ড বিষ্ণুকে দান। স্বয়ং আমলকী মিশ্রিত হবিষ্যান্ন করিবেন। এই রূপ সম্বৎসরকাল। কর্পূরাদি সুগন্ধি দ্রব্য, তাম্বূল, বস্ত্র ১, ধাত্রীপত্র এবং ধাত্রীফল (ধাই)।

ব্রত দিন যদি রবিবার হয়, তবে ঐ দিন, দধি, দুগ্ধ, পায়স এবং ঘৃতাক্ত আমলকী দ্বারা হোম কর্ত্তব্য।

প্রতিষ্ঠা——স্বর্ণ বা রৌপ্য দ্বারা শিবদুর্গা ও লক্ষ্মীনারায়ণের মূর্ত্তি নির্ম্মাণ পূর্ব্বক পূজা করিয়া, আচার্য্যকে দান করিবে। আমলকী পত্রে হোম। দক্ষিণা যথা, ধাত্রীফল সহিত স্বর্ণপুষ্প। দ্বাদশ জন ব্রাহ্মণকে ভোজন করাইবে।

৩২। ফল সংক্রান্তি ব্রত।

(মহাবিষুব সংক্রান্তিতে আরম্ভ করিয়া প্রতিসংক্রান্তিতে।)

বহু সন্তান কামা স্ত্রীর এই ব্রত।

নারিকেল জাতীফলাদি (দ্বাদশ) ফলদান। সলক্ষ্মীক নারায়ণের ষোড়শোপচার ২ প্রস্ত। আসনাদি পুষ্পপাত্র।

বিষুব সংক্রান্তিতে——সবস্ত্রাধার নারিকেল দান। বিষ্ণুপদীতে——জাতীফল। আষাঢ়ে——এলাফল। দক্ষিণায়নে——দাড়িম। ভাদ্রে——তাল। আশ্বিনে——কপিথ। কার্ত্তিকে——নাগরঙ্গ। অগ্রহায়ণে——পূগ। পৌষে——হরীতকী। মাঘে——কক্কোল। ফাল্গুনে——শ্রীফল। চৈত্রে——নবনীত সলক্ষ্মীক বিষ্ণুকে দান। প্রতিষ্ঠাতে পূর্ব্বোক্ত গুলি।

৩৩। ধর্ম্মঘট ব্রত।

(মহাবিষুব সংক্রান্তিতে আরম্ভ করিয়া বিষ্ণুপদী সংক্রান্তি পর্য্যন্ত প্রতিদিন কর্ত্তব্য।)

কর্পূরাদি সুগন্ধি দ্রব্য যুক্ত শীতল জল-পূরিত ধর্ম্মঘট দান (সবস্ত্র) (মৃণ্ময় বা তৈজস) ঘটটি চন্দনলিপ্ত করা কর্ত্তব্য। অতএব সারচন্দন। ভোজ্য ১টি।

৩৪। মঙ্গলবার ব্রত।

(প্রতিমঙ্গলবারে)

রক্ততণ্ডুল (লাল চাউল) পূর্ণ ২টি সরা। গণেশাদির পঞ্চোপচার, মঙ্গল পূজার পঞ্চোপচার; দ্বাদশ গ্রন্থি (গাঁইট) যুক্ত লালবর্ণ পট্টসূত্র ১, দ্বাদশগুণ নির্ম্মিত সূত্র ডোর ১। আসনাদি পুষ্পপাত্র।

৩৫। অন্নসংক্রান্তি ব্রত।

(চৈত্রের বিষুব সংক্রান্তিতে, বৃষরাশিগত সূর্য্যে)

প্রতিসংক্রান্তিতে।

পূর্ব্বদিন হবিষ্য। লক্ষ্মীনারায়ণ এবং অন্যান্য দেবদেবীর পূজার পঞ্চোপ-

চার। প্রতিসংক্রান্তিতে অন্নদান কর্ত্তব্য; এনিমিত্ত তণ্ডুল পূর্ণ থালা। লক্ষে, অন্যান্য উপকরণ সহ। ভোজ্য ১।প্রতিষ্ঠায় উহার দ্বাদশগুণ দ্রব্য।

৩৬। উমামাহেশ্বর ব্রত।

আসনাদি, পুষ্পপাত্র, ব্রাহ্মণ বরণ, তিন কর্ষ অর্থাৎ ৪৮ মাষা পরিমিত স্বর্ণদ্বারা উমা-মহেশ্বর প্রতিমা নির্ম্মাণ করিবে এবং রৌপ্যের বৃষ নির্ম্মাণ করিবে। প্রচুর শুক্ল বস্ত্র, ব্যাঘ্র চর্ম্ম ১; পঞ্চোপচার কয়েক প্রস্ত। মূলের জন্য ষট্‌ত্রিংশ উপচার ২ প্রস্ত।

আহ্নিকচিন্তামণিমতে ষট্‌ত্রিংশ উপচার যথা ;—

১ ২ ৩ ৪
আসনাভ্যঞ্জনে তদ্বদুদ্বর্ত্তন-নিরূপণে।
৫ ৬ ৭ ৮
সম্মার্জ্জনং সর্পিরাদি স্নপনাবাহনে ততঃ।
৯ ১০ ১১ ১২
পাদ্যার্ঘ্যাচমনীয়ঞ্চ স্নানায় মধুপর্ককৌ।
১৩ ১৪ ১৫
পুনরাচমনীয়ঞ্চ বস্ত্র-যজ্ঞোপবীতকে।
১৬ ১৭ ১৮ ১৯ ২০
অলঙ্কারো গন্ধ-পুষ্পে ধূপ-দীপৌ তথৈব চ।
২১ ২২ ২৩
তাম্বূলাদিক নৈবেদ্যং পুষ্পমালা তথৈব চ।
২৪ ২৫ ২৬
অনুলেপন শয্যা চ চামরব্যজনং তথা।
২৭ ২৮ ২৯
আদর্শ দর্শনঞ্চৈব নমস্কারোথ নর্ত্তনম্।

৩০ ৩১ ৩২ ৩৩ ৩৪

গীতবাদ্যে চ দানানি তিলহোম প্রদক্ষিণং।

৩৫ ৩৬

দন্তকাষ্ঠ প্রদানঞ্চ ততো দেব বিসর্জ্জনম্।

উপচারা ইমে জ্ঞেয়া ষট্‌ত্রিংশৎ সুরপূজনে॥

সাধারণ হোমসামগ্রী, বিল্বপত্র দ্বারা সহস্র হোম। এই সমস্ত পূর্ব্ব দিন সংগৃহীতব্য ও কর্ত্তব্য।

পরদিন বিশেষ এই ——

পূর্ব্বোক্ত রূপ উপচারে উমামহেশ্বরের পূজা করিয়া প্রতিমা বেদজ্ঞ ব্রাহ্মণকে দান করিবে। দক্ষিণা যথাশক্তি। দশের অন্যূন ব্রাহ্মণকে ভোজন করাইবে।

৩৭। বুধাষ্টমী ব্রত।

(অষ্টমীযুক্ত বুধবারে আরম্ভ করিবে।)

শিবদুর্গা পূজা। ইহা অষ্টমুষ্টি পরিমিত তণ্ডুলান্ন ভোজন রূপ ব্রত। জলপূর্ণ ঘট, ভোজ্য। অষ্টদলমণ্ডলে বা শালগ্রামে শিবদুর্গার পূজা। ষোড়শোপচার ২ প্রস্ত। অষ্টফল, বুধাষ্টমীতে অষ্টভোজন যথা—১ম ঘৃত গুড়যুক্ত গোধূম চূর্ণ। ২য় পায়স ও তিলপিষ্ট। ৩য় দুগ্ধ সংযুক্ত শর্করা। ৪র্থ মধু দধি যুক্ত যবচূর্ণ। ৫ম পঞ্চামৃত। ৬ষ্ঠ মুগ, ইক্ষু, আর্দ্রক। ৭ম ফলসহ চণক। ৮ম ঘৃত, মধু, দুগ্ধ লাড্ডুক। ভোজ্য ফল সহিত।

বুধ পূজার ষোড়শোপচার ১ প্রস্ত। আবরণ পূজা। পঞ্চোপচার। গোধূমচূর্ণের পিষ্টক। আসনাদি, পুষ্পপাত্র এবং অন্যান্য উপকরণ। ভোজ্য ১, সবস্ত্র জল ঘট ১। একগ্রন্থি তিন্তিড়ী।

৩৮। পিপিতকী দ্বাদশী ব্রত।

(বৈশাখের শুক্লা দ্বাদশীতে। ৪ বর্ষ পর্য্যন্ত কর্ত্তব্য)

লবণ, দধি, শর্করা, তিল, মোদক, ক্ষীর, ঘৃত, ৪, ৮, ১২ এবং ১৬টি

সভোজ্য কুম্ভদান। বিষ্ণুর ষোড়শোপচার পূজা। ভোজ্যোৎসর্গ। ১ম কুম্ভ, লবণ যুক্ত; ২য় শর্করা ও দধি; ৩য় তিলমোদক সংযুক্ত; ৪র্থ দুগ্ধ মোদক সংযুক্ত। দক্ষিণা কাঞ্চন বা মূল্য দেয়।

৩৯। নৃসিংহ চতুর্দ্দশী ব্রত।

(বৈশাখের শুক্লা চতুর্দ্দশী)

ষোড়শ উপচারে নৃসিংহ পূজা। গীত বাদ্যে রাত্রি জাগরণ। গোময় বা শ্রীফল বা তিল সংযুক্ত জলে স্নান। পঞ্চরত্ন সমন্বিত তাম্র ঘট। তণ্ডুল নৃসিংহ ও লক্ষ্মীর হৈমী মূর্ত্তি, পল বা তদর্দ্ধ পরিমিত স্বর্ণ। পঞ্চামৃত, ষোড়শোপচারে পূজা। পুনঃ পূজা ঐরূপ (প্রাতে)।

৪০। পুষ্পদোল।

বৈশাখী পূর্ণিমায়। গন্ধ পুষ্পাদি দ্বারা (শক্তি অনুসারে) শ্রীগোবিন্দপূজা। ষোড়শোপচার ১ প্রস্ত, গন্ধতৈল, যজ্ঞোপবীত, সংক্ষেপ হোম।

৪১। উমাচতুর্থী ব্রত।

উমার যথাশক্ত্যুপচারে পূজা। জ্যৈষ্ঠী শুক্লা চতুর্থীতে।

৪২। নিত্যষষ্ঠী ব্রত।

প্রতিমাসীয় শুক্লাষষ্ঠীতে, সাধারণ উপচারে ষষ্ঠী পূজা।

৪৩। নির্জ্জলৈকাদশী ব্রত।

জ্যৈষ্ঠের শুক্লৈকাদশীতে আরম্ভ। সবস্ত্রোপকরণ জলপূর্ণ ঘট ১, স্বর্ণময় বিষ্ণুর পূজা, ষোড়শোপচার ২। পঞ্চগব্য। হোম, নৃত্যগীতাদিতে রাত্রি জাগরণ।

৪৪। মনোরথ দ্বিতীয়া ব্রত।

আষাঢ়ের শুক্লা দ্বিতীয়াতে। পূর্ব্বাহ্ণে পঞ্চোপচারে বিষ্ণু পূজা, দিন-

মানে উপবাস, রাত্রিতে সূর্য্যার্ঘ্যদান। চন্দ্রাস্তে ব্রত ভঙ্গ। এই দিবস অনধ্যায়।

৪৫। চাতুর্ম্মাস্য ব্রত।

আষাঢ়ের শুক্লা দ্বাদশীতে আরম্ভ। কার্ত্তিকের ঐ তিথিতে সমাপন। ষোড়শোপচারে বিষ্ণু পূজা। হোমসামগ্রী। দ্রব্যবিশেষ ভোজন নিবৃত্তি বা নখলোম ধারণ।

৪৬। অশূন্য শয়ন দ্বিতীয়া ব্রত।

শ্রাবণের কৃষ্ণা দ্বিতীয়াতে। সলক্ষ্মীক বিষ্ণুপূজার ষোড়শোপচার ২ প্রস্ত, ভোজ্যোৎসর্গ বস্ত্রাদি দান। দীপ অন্ন ও বস্ত্র সহিত শয্যা দান। ইহাকে বিলক্ষণা শয্যা কহে।

৪৭। তুলসী ব্রত।

ভাদ্রের বিষ্ণুপদী সংক্রান্তিতে। তুলসী পূজা (যথাশক্তিউপচার) ঘৃত প্রদীপ, ব্রাহ্মণ ভোজন। ব্রাহ্মণ পরিতোষণার্থ গন্ধপুষ্পাদি। চতুর্থ বর্ষ পর্য্যন্ত করিবে।

৪৮। হরিতালিকা ব্রত।

ভাদ্রের শুক্লপক্ষীয় তৃতীয়াতে। বালুকা দ্বারা শিবদুর্গার মূর্ত্তি স্থাপন করিয়া, পূজা। ষোড়শোপচারে পূজা।

৪৯। রাধাষ্টমী ব্রত।

যথাশক্ত্যুপচারে রাধাপূজা। ভোজ্যোৎসর্গ।

৫০। বামনদ্বাদশী ব্রত।

স্বর্ণ, রৌপ্য বা তাম্রপাত্র, ছত্র ১, পাদুকা, বাঁশের যষ্টি ১, অক্ষসূত্র, বিবিধ ফল, প্রচুর নৈবেদ্য। নারিকেল ফল।

স্বর্ণনির্ম্মিত বামন মূর্ত্তি, বস্ত্র ২, যথাশক্তি দান।

ব্রতপ্রতিষ্ঠা।

পূর্ব্বোক্ত ব্রত সমূহের প্রতিষ্ঠা সামগ্রীর বিষয় নিম্নে লিখিত হইতেছে। কেবল আমলকী দ্বাদশী ব্রতের প্রতিষ্ঠা বিষয়ে যথাস্থানে লিখিত হইয়াছে।

(সামবেদী)

ব্রত শেষ দিনে পূর্ব্ববৎ ব্রত সামগ্রী ১ প্রস্থ। পৃথক ক্রিয়া হইলে, মাতৃকা পূজা ও বৃদ্ধিশ্রাদ্ধ, ব্রাহ্মণের নিমিত্ত বস্ত্র অঙ্গুরীয় ও গন্ধপুষ্পাদি। হোমকরণ সামর্থ্যে হোতৃবরণ এই বিশেষ। তদ্ব্যতীত নিম্ন লিখিত দ্রব্য সমূহ সংগৃহীতব্য)

পঞ্চগুণ্ডিকা, শান্তিকুম্ভ, পঞ্চঘট, পঞ্চামৃত, ধান্য, পঞ্চগব্য, পঞ্চঘটাচ্ছাদন, মণ্ডপাচ্ছাদন, চন্দ্রাতপ, শান্তিকুম্ভ, তৎ যোড়, কনকময় অর্থাৎ স্বর্ণনির্ম্মিত বিষ্ণুমূর্ত্তি এবং রৌপ্য নির্ম্মিত লক্ষ্মীমূর্ত্তি *। তৎ পূজার যোড়শোপচার ১ প্রস্থ। শ্বেতসর্ষপ। পঞ্চোপচার পর্য্যাপ্ত। আসনাদি পুষ্পপাত্র। পঞ্চপল্লব। ব্রহ্মবরণ ১ যোড়, আচার্য্য বরণ ১ যোড়, প্রতিষ্ঠাঙ্গ ৪ দান। অন্নাদি ৪।

বহ্নিস্থাপন——হস্তপ্রমাণ স্থণ্ডিল, গোময়, কুশ, পুষ্প, সমিধ, ঘৃত। ইহাতে চরুশ্রপণ কর্ত্তব্য। চরুহোম সামগ্রী পূর্ব্বে লিখিত হইয়াছে। পলাশ সমিধ ১৪০, উডুম্বর সমিধ ২০। (১) প্রাদেশ (২) দ্বি প্রাদেশ। পূর্ণপাত্র ১। দক্ষিণা——কাঞ্চন মূল্য বা পূর্ণমাত্রানুকল্প ভোজ্য ১।

যে ব্রতে যে দেবের প্রাধান্য, তাহার পূজার যোড়শোপচার। পুনরায় ১২টি ভোজ্য, শঙ্খ বস্ত্রালঙ্কারাদি পূর্ণ ৪টি ডালা।

কতিপয় ব্রতে বিশেষ দ্রব্য।

জলসংক্রান্তিতে——১২টী ঘট, তাম্রকুণ্ড ১। আলোকামাবস্যা ব্রতে——বস্ত্র সহিত লৌহযষ্টি ১টি, এবং রজতশলাকা (রৌপ্যশলা) যুক্ত বট প্রদীপদান। ষষ্ঠীপঞ্চমী ব্রতে,——স্বর্ণশৃঙ্গ রৌপ্যখুর যুক্তা করিয়া ১টি গাভীদান।

---

* যে ব্রতে যে দেবদেবীর প্রাধান্য, তৎ প্রতিষ্ঠাতেও সেই সেই দেবদেবীর স্বর্ণরৌপ্যময়ী প্রতিমা আবশ্যক করে।

(যজুর্ব্বেদি)

অগ্রে পূর্ব্ববৎ ব্রত করিবে। (প্রতিষ্ঠা দিনে)। আসনাদি, পুষ্পপাত্র, পঞ্চোপচার, পঞ্চামৃত, পঞ্চগব্য, পঞ্চমৃত্তিকা, পঞ্চঘট, শান্তিকলস, পঞ্চপল্লব, পঞ্চরত্ন, রৌপ্য নির্ম্মিত পৃথিবী মুর্ত্তি, রৌপ্যনির্ম্মিত বিষ্ণু মুর্ত্তি, স্বর্ণ নির্ম্মিত লক্ষ্মী মূর্ত্তি, হরীতকী সর্ব্বৌষধি, ধান্ত, নূতন শুক্ল বস্ত্র (গামছা) স্বর্ণনির্ম্মিত শঙ্খ। ষোড়শোপচার ২ প্রস্ত, যজ্ঞোপবীত (কতিপয়) কুশণ্ডিকা (পূর্ব্ববৎ)।

দক্ষিণা—পূর্ণপাত্র ১টি, স্বর্ণ-বস্ত্র-তিল পূর্ণ পাত্র ১টি। বস্ত্রালঙ্কার ভূষিতা গাভী ১টি বা তন্মুল্য।

শক্তি থাকিলে দক্ষিণা নিম্ন লিখিত রূপ,—

ভূমি, আসন, জল, অন্ন, বস্ত্র, দীপ, পাদুকা, ছত্র, গন্ধ, মাল্য, তাম্বুল, স্বর্ণ, রৌপ্য, হরীতকী, গো. চামর, কিঙ্কিনী, কমণ্ডলু, পতাকা, বাদ্যভাণ্ড, দর্পণ, চতুর্দ্দোল, শিবিকা, বৃক্ষ, ধেনু (গাভী হস্তী, অশ্ব, ধন ইত্যাদি।

অপর দ্রব্য যথা,—দ্বাদশটি ভোজ্য (বস্ত্র ও উপকরণ সহ) তন্নক ৪টি। যথা— ১। নানা দ্রব্য যুক্ত। ২। ঘৃতাক্ত। ৩। দধিযুক্ত। ৪। দধি, স্বর্ণ, বস্ত্রালঙ্কারাদি যুক্ত।

[যজুর্ব্বেদিবৎ সামবেদিরও ৪ তন্নক দান এই রূপ।]

অমাবস্যা ব্রতে——তাম্র নির্ম্মিত ঘট প্রদীপ দান সবস্ত্র, লৌহ যষ্টি আধার, রজত শলাকা ইত্যাদি।

অনন্ত ব্রত প্রতিষ্ঠাতে——স্বর্ণময়ী অনন্ত প্রতিমা, স্বর্ণডোর, চতুর্দ্দশ ফল, গন্ধতৈল, হরিদ্রা, পূজোপচার, (সাধারণ), শয্যা ১ প্রস্ত। পরদিনে—সামান্য পূজোপচার।

সাবিত্রী ব্রত প্রতিষ্ঠাতে——চতুর্দ্দশ যম পূজার পঞ্চোপচার ভোজ্য ১৪টি।

সর্ব্বজয়া ব্রত প্রতিষ্ঠাতে——গৌরী ও শঙ্কর পূজার যথাশক্তি উপচার।

ঋগ্বেদি পূর্ব্ববৎ, (যজুর্ব্বেদিবৎ)

সর্ব্বব্রত প্রতিষ্ঠাতে দান সামগ্রী

ভূমিরন্নং জলং হেম রজতং বস্ত্রমেব চ।
গন্ধোমাল্যং ফলং ছত্রং তাম্বূলমাসনং তথা।
দ্বাদশৈতানি দানানি কর্ম্মাঙ্গানি বিদো বিদুঃ॥ *

৫১। জিতাষ্টমী ব্রত।

রাজা জীমূতবাহনের পূজা।
(আশ্বিনের কৃষ্ণাষ্টমীতে)

এই ব্রত স্ত্রীদিগেরই মধ্যে প্রচলিত। প্রাঙ্গণে চতুরস্র (চারিকোণ বিশিষ্ট) পুষ্করিণী (ক্ষুদ্র) অর্থাৎ, এই পুষ্করিণী অতিক্ষুদ্র, একটু স্থান খনন করিয়া জল পূর্ণ করিতে হইবে। আসনাদি পুষ্পপাত্র। পঞ্চোপচার। আর বিশেষ কিছু নাই।

এই দিন ব্রতকারিণী উপবাস করিবেন। অন্যথা মৃতবৎসা হইতে হয়।

অপর কতিপয় ব্রত।

ষষ্ঠিকাষষ্ঠী, মঙ্গলচণ্ডী, শীতলা এবং সত্যনারায়ণ ব্রত বিষয়ে আবশ্যক দ্রব্যাদির বিবরণ দেবার্চ্চনাধ্যায়ে পাইবেন। বিশেষ দ্রব্য সংগ্রহ আবশ্যক হয় না। ঐ সকলের প্রতিষ্ঠা পূর্ব্ববৎ।

৫২। সীতানবমী ব্রত।

বৈশাখের শুক্লা নবমীতে কর্ত্তব্য। পূর্ব্বদিন সংযম।

ষোড়শ বা অষ্টস্তম্ভ বা চতুঃস্তম্ভ যুক্ত মণ্ডপ, তোরণবিতানশোভিত

---

* পূর্ব্ব লিখিত দান সামগ্রী দৃষ্টি করিলে, এই সকলের বিবরণ জ্ঞাত হইবেন।

দ্বার শঙ্খচক্রাদি, ধ্বজপতাকাদি দ্বারা অলঙ্কৃত করিবে। প্রতিস্তম্ভে কলস স্থাপন করিবে। তণ্ডুলপূর্ণপাত্র। মধ্যে চতুর্হস্ত প্রমাণ চত্বর করিবে। ২ পল, ১ পল বা অর্দ্ধ পল, স্বর্ণ বা রৌপ্যের জানকী প্রতিমা চতুর্হস্তা। পিত্তল, উড়ুম্বর বা মৃণ্ময় বৃক্ষ ও মেষ দেয়ালে পটে অঙ্কিত সূতিকাগার, তথায় পর্য্যঙ্কে জানকীজননী শয়ানা। তৎসমীপে, স্তনপায়িনী জানকী ও জনক, শতানন্দ, পুরোহিত ইত্যাদি ঐ চিত্রে লিখিতব্য। এতদ্ভিন্ন স্বর্ণ নির্ম্মিত হল, রৌপ্যের ক্ষেত্র, স্বর্ণ সিংহাসন, তাম্রময় কুম্ভ, তন্মুখে পূর্ণপাত্র ঐ কুম্ভের জন্ত পঞ্চরত্ন, পঞ্চপল্লব, ধান্ত, বস্ত্রযুগ্ম। আচার্য্য বরণ। বরণ ১৬টা বা ৮টা (ঋত্বিকের) পঞ্চগুধিকা, পূর্ব্বদিন অধিবাস। পূজা সামগ্রী প্রচুর। তাম্র ও স্বর্ণ নির্ম্মিত পাত্র ২।

যোড়শোপচার, পঞ্চগব্য, পঞ্চামৃত কর্পূরাদি সুগন্ধি দ্রব্য, জনক, জনক পত্নী, শতানন্দ হল, সুভগা ইত্যাদির পূজাসামগ্রী। শর্করাযুত পায়স। গীতবাদ্যে রাত্রি জাগরণ।

পর দিন পূর্ব্বোক্ত রূপে ঐ প্রতিমার পূজা। আচার্য্য পূজা।—তাঁহাকে সবৎসা গাভীদান। দক্ষিণা যথাশক্তি। প্রতিমা ও মণ্ডপস্থ অন্যান্য দ্রব্য আচার্য্যকে দান।

যোষিৎপ্রচলিত

অর্থাৎ

স্ত্রীদিগের মধ্যে প্রচলিত ব্যবহারিক ব্রতানুষ্ঠান।

১। মধুসংক্রান্তি ব্রত।

মহাবিষুব সংক্রান্তিতে, শুদ্ধকালে, এই ব্রত গ্রহণ করিবে। মধুপর্ক ১টি যজ্ঞোপবীত ২, এবং দক্ষিণা ব্রাহ্মণকে দিবে। এই রূপ প্রতি সংক্রান্তিতে। বৎসরান্ত হইলে উদ্‌যাপন; দ্রব্য যথা——মধুপূর্ণ ১৩টী মধুপর্ক যজ্ঞোপবীত ও দক্ষিণা বিষ্ণুকে উৎসর্গ করিয়া ১৩জন ব্রাহ্মণকে দান করিবে। ব্রত গ্রহণ কালে প্রথমতঃ যে ব্রাহ্মণকে মধুপর্ক দান করা হইয়াছে, তাঁহাকে বস্ত্রাদি দ্বারা পূজা করিয়া মধুপূর্ণ ১টি কাংস্যপাত্র প্রদান করিয়া বিদায় করিবে।

২। বৈশাখ চম্পক ব্রত।

শুভকালে, মহাবিষুব সংক্রান্তিতে আরম্ভ করিবে। ইহা ৪ বৎসর পর্য্যন্ত করিবে। প্রথমে ১ জন বা ৪ জন ব্রাহ্মণকে অর্চ্চনা করিয়া বিবিধ উপকরণ সংযুক্ত ভোজন সামগ্রী ভোজন করাইবে।
ব্রাহ্মণ ভোজের পর তাঁহাকে কর্পূরাদি বাসিত তাম্বুল ও দক্ষিণা প্রদান করিবে। এই প্রকারে সমগ্র বৈশাখ মাস ব্রাহ্মণ পূজা ও ব্রাহ্মণ ভোজ। ৪ বৎসর পরে উদ্‌যাপন; দ্রব্য যথা ——

ছত্র, পাদুকা, যজ্ঞোপবীত, বস্ত্র, আসন, ব্যজন ও দক্ষিণা ৪ জন ব্রাহ্মণের প্রত্যেককে দিবে।

৩। ফলদান ব্রত।

মহাবিষুব সংক্রান্তিতে এই ব্রত গ্রহণীয়। এক জন দ্বিজকে আহ্বান করিয়া তাঁহাকে যজ্ঞোপবীত ও দক্ষিণা সহ একটি গুবাক দান করিবে। এই প্রকারে, সমস্ত বৈশাখ মাস প্রতিদিন দান কর্ত্তব্য। দ্বিতীয় বৎসরে ঐ সময়ে একটি কদলী দান। তৃতীয় বৎসরে, আম্রফল। চতুর্থে নারিকেল একটি। কিন্তু সেই বৎসরেই ব্রতের উদ্‌যাপন। ক্রম যথা :৩ জন বিপ্রকে ডাকিয়া, প্রত্যেকের হস্তে দক্ষিণা, যজ্ঞোপবীত ও নারিকেল দিয়া প্রণাম করিবে। কিন্তু পূর্ব্বনির্দ্দিষ্ট ব্রাহ্মণকে রৌপ্য নির্ম্মিত গুবাকাদি ফল চতুষ্টয় এক এক খানি বস্ত্রের সহিত দান করিবে।

৪। পৌর্ণমাসী ব্রত।

বৈশাখের পূর্ণিমায় এই ব্রত গ্রহণীয়। সম্বৎসর কাল প্রতিপূর্ণিমায়, লড্ডুক (লাড়ু) যজ্ঞোপবীত এবং দক্ষিণা সহ এক একটি জাতীফল বিপ্রকে দান করিবে। উদ্‌যাপন, যথা——

বৎসরান্তে ত্রয়োদশ বিপ্রকে ঐরূপ দান করিবে।

৫। দাড়িম্ব সংক্রান্তি ব্রত।

বিষুব সংক্রান্তিতে গ্রহণীয়। অতঃপর সম্বৎসর কাল প্রতিসংক্রান্তিতে দক্ষিণা ও যজ্ঞোপবীত সহ এক একটি দাড়িম্ব ফল বিপ্রকে দিবে।

উদ্‌যাপন যথা ——বৎসরান্তে ১৩ জন বিপ্রকে ঐরূপ দান করিবে।

৬। কলাছড়া ব্রত।

ঐ সময়ে গ্রহণ করিবে। প্রতিসংক্রান্তিতে দক্ষিণা, উপবীত সহ এক এক ছড়া কলা বিপ্রকে দিবে। বৎসরান্তে উদ্‌যাপন ——

১৩ জন বিপ্রকে ঐ রূপ দান করিবে। কেবল ব্রত গ্রহণ যে ব্রাহ্মণের দ্বারা হয়, তাঁহাকে বস্ত্রাদি দিয়া পরিতুষ্ট করিবে।

৭। মনোরথ ব্রত।

শুক্লা দ্বিতীয়াতে এই ব্রত গ্রহণ করিবে। পূর্ব্বাহ্ণে শুচি হইয়া পঞ্চোপচারে বিষ্ণুপূজা করিবে। সমস্ত দিন উপবাস; সন্ধ্যাকালে চন্দ্রদর্শন এবং চন্দ্রার্ঘ্য দান। চন্দ্র অস্ত গেলে ব্রতভঙ্গ।

৮। আদর সিংহাসন ব্রত।

বিষুব সংক্রান্তিতে গ্রহণ করিবে। একটি সধবা স্ত্রীকে আপন বাটীতে ডাকিয়া আনিয়া পিটালি দ্বারা একটি সিংহাসন ভূমির উপর চিত্রিত (আলেপন) করিয়া তাহার উপর এক খানি আসন প্রদান পূর্ব্বক তাঁহাকে উপবেশন করাইবে।

নাপিত ১জন, আল্‌তা, তৈল ও হরিদ্রা, সিন্দুর, পুষ্পমালা, সুগন্ধিদ্রব্য, উত্তম খাদ্যসামগ্রী। অর্থাৎ এক জন নাপিত স্ত্রীকে ডাকিবে, নাপিত স্ত্রী ঐ সধবা স্ত্রীর ক্ষৌরকর্ম্মাদি করিবে। তৎপর তৈলহরিদ্রাদি দ্রব্য দিয়া সধবাকে বিদায় করিবে। সমস্ত বৈশাখ মাস প্রত্যহ এইরূপ করিবে। চারিবর্ষ পরে। উদ্‌যাপন, যথা; ——

১ম বর্ষের সেই সধবাকে ডাকিয়া পূর্ব্বোক্ত রূপ সমাদর পূর্ব্বক, শঙ্খ, সিন্দুর বস্ত্রালঙ্কারাদি যথাশক্তি সামগ্রী দান করিয়া দক্ষিণা প্রদান পূর্ব্বক তাহাকে বিদায় করিবে।

৯। আইও সংক্রান্তি ব্রত।

মহাবিষুব সংক্রান্তিতে গ্রহণ। সধবা একটি বিপ্রকন্যাকে নিজালয়ে ডাকিয়া আনিয়া চিত্রিত পীঠোপরি বসাইয়া তাঁহাকে নিম্নলিখিত রূপে সাজাইবে।

রমণীর কেশসংযম ও কবরীবন্ধন করিবে, তাঁহার গাত্রে তৈল ও হরিদ্রা মর্দন করিয়া সীমন্ত দেশে (সিঁথিতে) সিন্দুর দিবে। তৎপর পদদ্বয় অলক্তক রসে রঞ্জিত করিয়া পুষ্পমালা এবং সুগন্ধি অনুলেপন দ্বারা উত্তম রূপে সাজাইয়া সুখাদ্য ভোজ্য (যথাশক্তি) ভোজন করাইয়া তাঁহাকে বিদায় করিবে। উদ্‌যাপন যথা,——ব্রতসাঙ্গ দিবসে ১৩ জন সধবাকে ঐ রূপ অর্চ্চনা করিবেক। অগ্রে প্রথমানীতা সধবাটীকেই বস্ত্রালঙ্কারাদি দিয়া বিদায় করিবে। এবং অন্যান্য স্ত্রীগণকে যথাশক্তি দক্ষিণা প্রদান পূর্ব্বক এক একটী সিন্দুর পূর্ণ কৌটা দিয়া বিদায় করিবে।

১০। নখছুটের ব্রত।

ইচ্ছানুসারে চৈত্রের প্রথমে যে কোনও দিবসে এই ব্রত আরম্ভ করিবে। দিবসের নিশ্চয় নাই। বৎসর চতুষ্টয় এই ব্রত করিবে। প্রথম বৎসর ৪ জন সধবাস্ত্রীকে নাপিতের ১ জন স্ত্রী দ্বারা আপন বাটীতে নিমন্ত্রণ করাইয়া আনিবে। অতঃপর এক খানি নূতন গামছা লাল রং করিয়া উঠানে ভূমিতে পাতিবে। তদুপরি নাপিত স্ত্রী কতিপয় কড়ি দিয়া একটী পুত্তল চিত্রিত করিবে। তৎপর ৪ জন স্ত্রীলোকের নখ ও কিঞ্চিৎ পরিমাণে মাংস ছেদন করিয়া পূর্ব্বোক্ত রূপ গামছার উপর নিক্ষেপ করিবে। পরে নাপিত স্ত্রী ঐ নখ মাংসাদি দুই ভাগ করিয়া গামছার দুই খুটে বান্ধিবে এবং তাহা ব্রতকারিণী স্ত্রীর স্কন্ধে দিয়া ঐ সকল স্ত্রীর সহিত মিলিত হইয়া নদী কিম্বা পুষ্করিণীর তীরে স্নানার্থ উপস্থিত হইবে। অনন্তর নখ মাংসাদির

গামছা ভূমিতলে রাখিয়া সকলে স্নান করিবে। পরে ব্রতকারিণী স্ত্রী নাপিতাঙ্গনাকে প্রশ্ন করিবেন "আমার নখমাংসের ভার উঠিল?" নাপিতাঙ্গনার উত্তর,—"তোমার নখমাংসের ভার উঠিল।" এই রূপ কথা বার্ত্তার পর নাপিতাঙ্গনা ঐ কড়ি এবং গামছা লইবে। ব্রতকারিণী স্ত্রী ঐ সকল স্ত্রীকে গৃহে আনিয়া কিছু২ চাউল দাইল দিবে. পরে দ্বিতীয় বৎসরে ৮ জন স্ত্রীকে গৃহে ডাকিয়া আনিয়া, তাহাদিগকে আট ভার দধি দিয়া বিদায় করিবে। তৃতীয় বৎসরে ১২ জনকে ১২ ভাগ খৈ দিবে। চতুর্থ বৎসরে ১৬ জনকে জলপান করাইয়া ব্রত সমাপন করিবে। প্রত্যেক বর্ষে পূর্ব্বোক্ত রূপে সমস্ত ক্রিয়া করিয়া ঐরূপ দান করিবে। কিন্তু শেষ বৎসরে নাপিতের স্ত্রীকে বস্ত্রাদি দান পূর্ব্বক বিদায় করিতে হইবে; নচেৎ ব্রত পণ্ড হয়।

১১। ধনগছান ব্রত।

মহাবিষুব সংক্রান্তিতে আরম্ভ। ব্রাহ্মণ, পতি, ভ্রাতা, পিতৃব্য, মাতা, ভগিনী প্রভৃতি সকলেরই হস্তে দক্ষিণা সহিত শয্যা, ধান্য, আর্দ্রক, লড্ডুক এবং যজ্ঞোপবীত প্রদান করিবে। এইরূপে বৎসর চতুষ্টয় ব্রত করিয়া, উদ্‌যাপন দিবসে বস্ত্রাদি প্রধান পূর্ব্বক গ্রহীতার পরিতুষ্টি জন্মাইবে।

১২। সোমবার ব্রত।

প্রতি সোমবার, যথাশক্ত্যুপচারে শিব দুর্গার পূজা।

ষষ্ঠ অধ্যায়।

যাগকর্ম্ম।

নবগ্রহযাগ দ্রব্য ও বিবরণ।

রবি, সোম, বুধ, গুরু এবং শুক্রবারে; চিত্রানুরাধা মৃগশিরা রেবতী পুষ্যাশ্বিনী, হস্তা, রোহিণী নক্ষত্রের, যে কোনও নক্ষত্রে; চন্দ্র তারানুকূলে শুভ লগ্নে, নানাবিধ অরিষ্ট প্রশমনার্থ রবি হইতে কেতু পর্য্যন্ত নব গ্রহের পূজা এবং তদুদ্দেশ্যে হোমকর্ম্ম কর্ত্তব্য। প্রথমে ——

গোময়োপলিপ্ত স্থান, আসনাদি, পুষ্পপাত্র, সংকল্প সামগ্রী, শ্বেতসর্ষপ, ষোড়শমাতৃকা পূজা, বসুধারা, আভ্যুদয়িক শ্রাদ্ধ তদঙ্গে ভোজ্যদান. ব্রাহ্মণ বরণ ৪ প্রস্ত। পল্লব সহিত মৃৎকলস ৩, গণেশাদির পূজা বিষ্ণুপূজা, (সাধারণ উপচারে)।

প্রকৃতকর্ম্ম।

মণ্ডপের উত্তর পূর্ব্বভাগে বিতস্তি দ্বয় পরিমিত বিস্তৃত স্থান গোময়োপলিপ্ত করিবে, উহাই গ্রহবেদী। অতঃপর, বস্ত্র, আচমনীয়, গন্ধাদি অনুলেপন, পুষ্প, ধ্বজপতাকা দীপ এবং বলি ইত্যাদি দ্বারা নবগ্রহের পূজা। এতন্মধ্যে আসনাঙ্গুরী, বস্ত্র, পুষ্প এবং অনুলেপন ও ধূপাদিতে যাহা বিশেষ আছে, তাহা বলা যাইতেছে;——আসন ও অঙ্গুরী এই কয়েক প্রস্ত সংগ্রহ করিবে, যথা——রৌপ্যের ২ প্রস্ত, সোনার ২ প্রস্ত, সীসক ২ প্রস্ত, তামা ২ প্রস্ত, লৌহ ১ প্রস্ত।

বস্ত্রে বিশেষ এই—সূর্য্যের রক্তবস্ত্র, সোমের শুক্ল, কুজের রক্ত, বুধ ও বৃহস্পতির পীতবস্ত্র, শুক্রের শুক্ল, শনির কৃষ্ণ বস্ত্র এবং রাহু ও কেতুর ধূম্র বস্ত্র। পুষ্পে বিশেষ—ঐ ঐ বর্ণের পুষ্প, তদভাবে সকলেরই শুক্ল পুষ্প। গন্ধে বিশেষ——সূর্য্যের রক্তচন্দন, সোমের শ্বেত চন্দন, মঙ্গলের কুঙ্কুমানুলেপন, শুক্রের শ্বেত চন্দন, শনির কস্তুরীর অনুলেপন, রাহুর কৃষ্ণাগুরু

অগুরুলেপন, কেতুর পদ্মকাষ্ঠানুলেপন। ঐ ঐ গন্ধানুলেপনাভাবে সকলেরই শুক্ল চন্দন। ধূপে বিশেষ——সূর্য্যের গুগ্গুল ধূপ, সোমের সরলকাষ্ঠ ধূপ, মঙ্গলের দেবদারু ধূপ, রাহুর গুরুত্বগ্ ধূপ, কেতুর মধুগুড়ত্বগ্ ধূপ, বুধের ঘৃত দেবদারু ধূপ, বৃহস্পতির দশাঙ্গ ধূপ, শুক্রের অগুরু ধূপ, শনির কৃষ্ণাগুরু ধূপ। ঐ ঐ ধূপাভাবে সকলেরই গুগ্গুল ধূপ। বলিতে বিশেষ যথা—— সূর্য্যের গুড়োদন, সোমের ঘৃত পায়স, মঙ্গলের যাবক, বুধের ক্ষীরান্ন, বৃহস্পতির দধ্যোদন, শুক্রের ঘৃতোদন, শনির কৃষর, রাহুর ছাগমাংস, কেতুর ছাগরক্ত মিশ্রিত দুগ্ধ শর্করা শালি তণ্ডুল; ইহার নাম চিত্রৌদন। যে খানে যাবকাদি চতুর্দ্রব্যের অভাব, সেখানে ভক্ষ্যান্তর দিবে। ধ্বজপতাকা পূর্ব্বোক্ত রক্তাদি বর্ণের বস্ত্রের।

গ্রহাদির চতুপার্শ্বস্থ ত্র্যম্বকাদি নানা দেব দেবীর পূজা। সাধারণ উপচারে। ঘৃত পায়স বলি।

অতঃপর কুণ্ডের ঈশান কোণে শ্যামবর্ণ রহিত (কোনও স্থানে কালো-দাগ না থাকে) এবং অব্রণ অর্থাৎ ফুট্কা ফুট্কি দাগ রহিত নূতন মৃণ্ময় কুম্ভ ১। পঞ্চপল্লব ১, পঞ্চরত্ন ১। ঘটে দিবার জন্য হরীতকী ১, গলদেশ বেষ্টনার্থ বস্ত্র যুগ্ম। অশ্বস্থান, গজস্থান, রথ্যা, বল্মীক, নদীসঙ্গম, হ্রদ, গোকুল এই সপ্ত স্থানের সপ্তমৃত্তিকা। সর্ব্বৌষধি, চরুহোম সামগ্রী, ব্রীহি ও যব তদভাবে তণ্ডুল। খদির বা পলাশের মেক্ষণাদি সহ কুশণ্ডিকা সামগ্রী ১। সমিধ যথা,——সূর্য্যের মধুঘৃত দ্বারা দধ্যাক্ত বা দুগ্ধাক্ত প্রাদেশ প্রমাণ আকন্দ সমিধ্ (সাগ্র) অন্যের যথাক্রমে;——পলাশ, খদির, অপামার্গ, অশ্বত্থ, উডুম্বর, শমী এবং দূর্ব্বাদলাত্মক সমিধ ও কুশ।

বচন যথা—

অর্কঃ পলাশঃ খদির স্ত্বপামার্গোথ পিপ্পলঃ।
উডুম্বরশমী দূর্ব্বাঃ কুশাশ্চ সমিধঃ স্মৃতাঃ॥

তৎপর সূর্য্যাদি নবগ্রহের পূজার দক্ষিণা যথাক্রমে লিখিত হইতেছে।

ধেনু, শঙ্খ, বৃষ, স্বর্ণ, বস্ত্র, ঘোড়া, কৃষ্ণা গাভী, খড়্গ, ছাগ। এ সকল অশক্তে স্বর্ণ।

দক্ষিণার প্রমাণ।

ধেনুঃ শঙ্খস্তথানড্বান্ হেম বাসো হয় স্তথা।
কৃষ্ণা গৌ রায়সঞ্চ খড়্গা শ্ছাগশ্চ দক্ষিণা ক্রমাৎ ॥

বাস্তুযাগ।

কোনও দেবগৃহারম্ভ করিলে সর্ব্বদোষ প্রশমন হেতু বাস্তু পূজা কর্ত্তব্য। তদুদ্দেশে হোমও কর্ত্তব্য। আসনাদি, পুষ্পপাত্র, সংকল্প সামগ্রী, ষোড়শ মাতৃকা পূজা, পঞ্চগুণ্ডিকা, আভ্যুদয়িক শ্রাদ্ধ, পঞ্চগব্য, ব্রাহ্মণ বরণ ৪ প্রস্ত, দ্বাদশ ব্রীহি বা পঞ্চশস্য, খদিরশঙ্কু অর্থাৎ খয়েরের শলাকা ৪টি, রক্তসূত্র ডোরক ১, স্বর্ণ শলাকা ১, মণ্ডলের চতুষ্কোণে বস্ত্র ও মাল্যাদি দ্বারা অলঙ্কৃত ৪টি কলস। শান্তিঘট ১, বড়ঘট ১, মণ্ডলকরণাসামর্থ্যে শালগ্রামে বা ঘটে। ষোড়শোপচার সামগ্রী ১, স্বর্ণ, রৌপ্য, দধি, কলস, পঞ্চপল্লব, পঞ্চরত্ন, গ্রহযাগোল্লিখিত সপ্তমৃত্তিকা, সর্ব্বৌষধি, কুশণ্ডিকা সামগ্রী, একবর্গ হস্তপরিমিত এবং চতুরঙ্গুলি বেধ বিশিষ্ট ইষ্টক একখণ্ড * ; পঞ্চামৃত, তিল, যব, কুশ, হোমার্থ ডুমুরকাষ্ঠ, (বিল্বপঞ্চক), সনাল গর্গরী (ঝারি) ১, শুক্লপুষ্প, পায়স বলি, শুক্ল মৃত্তিকা, ব্রাহ্মণাদির অর্চ্চনা ও পরিতোষণ, ব্রাহ্মণ ভোজ, নৃত্যগীতাদি।

বাস্তুযাগ সংশ্লিষ্ট দেবপ্রতিষ্ঠা দ্রব্য।

সঙ্কল্প, ষোড়শোপচার ১ প্রস্ত, ষোড়শ মাতৃকা, বসুধারা, আভ্যুদয়িক শ্রাদ্ধ, ব্রাহ্মণ বরণ গুরুবরণ, ব্রাহ্মণ বরণ ১২ প্রস্ত। শিল্পীর পরিতোষ সামগ্রী, ঘট ৩, নৈবেদ্য পর্য্যাপ্ত, বল্মীকমৃত্তিকা, গজদন্ত মৃত্তিকা, অশ্বখুর মৃত্তিকা, কুশমৃত্তিকা, গোময় ভস্ম, গন্ধ, পঞ্চনদ জল, পঞ্চামৃত, পঞ্চগব্য, পঞ্চকষায়। তিলতৈল, শালিচূর্ণ, তিলখানি বিল্বপত্র চূর্ণ, উষ্ণজল, চম্পকাদি বিবিধ পুষ্প, তুলসী কুন্দ এবং শ্রীফল, পত্র, হোমসামগ্রী, দক্ষিণা, ব্রাহ্মণ ভোজ।

---

* ঐ ইষ্টক প্রস্তুত না থাকিলে, প্রস্তুত করিয়া লইতে হইবে।

জলাশয়োৎসর্গ।

সর্ব্বৌষধি, সঙ্কল্পসামগ্রী, শ্বেত সর্ষপ, ষোড়শমাতৃকা পূজা, বসুধারা, আভ্যুদয়িক শ্রাদ্ধ, স্বস্তি, ঋদ্ধি, পুণ্যাহ বরণ ব্রাহ্মণবরণ, গুরুবরণ. পঞ্চগব্য, সাধারণ হোমসামগ্রী, শুক্লতণ্ডুল। এস্থলেও নবগ্রহের পূজা আছে, পূজা-সামগ্রী, নবগ্রহযাগবৎ।

স্বর্ণনির্ম্মিত কূর্ম্ম১ মকর১; রৌপ্যনির্ম্মিত মৎস্য১, সর্প১, তাম্রনির্ম্মিত কুলীর (কাঁকড়া) ১ ও মণ্ডূক ১। বিষ্ণু, লক্ষ্মীপূজার ষোড়শোপচার ২ প্রস্ত। মণ্ডলের চারিকোণে ৪টি কলস স্থাপন করিবে; ঐ কলস ভূষণার্থ বস্ত্র। পুনরায় ঘট ১টি, পঞ্চরত্ন ২ প্রস্ত, ঘটের জন্য বস্ত্র ১, ঘট পূরণার্থ নদীজল, চরুহোম সামগ্রী. ব্রীহি, যব, তিল, সাধারণ হোমসামগ্রী, পূজোপকরণ প্রচুর, পঞ্চামৃত, জলাবতারণের জন্য সালঙ্কারা ধেনু ১ একটী। গুরু দক্ষিণার্থ স্বর্ণাদি ভূষিতা ধেনু ১টি, স্বর্ণ, এবং বস্ত্র যোড়।

বিল্বকাষ্ঠাদি নির্ম্মিত শূলচক্রাঙ্কিত যষ্টি ১। বিল্বকাষ্ঠ ছোট ছোট আরও কতিপয়। কনিষ্ঠাঙ্গুল্যবচ্ছিন্ন হস্ত পরিমিত বিল্বদণ্ড ১। হরিদ্রা, তৈল, দূর্ব্বা, সপ্তমৃত্তিকা, হরীতকী, পূর্ব্বোক্ত যষ্টিতে বন্ধনার্থ ক্ষুদ্র ঘণ্টিকা যুক্ত পতাকা। লক্ষ্মীনারায়ণের রৌপ্য মূর্ত্তি। জলাশয়ে আরোপণার্থ ছাগ ১টি হোত্রাদি দক্ষিণা। মণ্ডপের উপকরণ গুরুকে দিবে। ব্রাহ্মণকে দুগ্ধাদি পান করাইবে।

কূপোৎসর্গ।

সঙ্কল্পসামগ্রী, সর্ব্বৌষধি, শ্বেতসর্ষপ, ষোড়শমাতৃকা পূজা, বসুধারা, আভ্যুদয়িক শ্রাদ্ধ, ব্রাহ্মণ বরণ, পঞ্চগব্য, পঞ্চামৃত, দুগ্ধ পর্য্যাপ্ত, সাধারণ হোম-সামগ্রী, চরুহোম সামগ্রী, বিংশতির অন্যূন ভোজ্য ব্রাহ্মণের জন্য। দক্ষিণা (সাধ্যানুসারে)।

সোপানপ্রতিষ্ঠা।

প্রত্যেক ইষ্টকাদি-পরমাণু সমসংখ্যক শতবর্ষাবচ্ছিন্ন স্বর্গপ্রাপ্তি কামনায়

মঙ্গুব্য সোপানপ্রতিষ্ঠা করিবে।

যদি এই দিনে বাস্তুযাগ করেন, তবে তদর্থে ষোড়শমাতৃকা, বসুধারা ও আভ্যুদয়িক শ্রাদ্ধ করিতে হইবে, সুতরাং সেই সেই ক্রিয়ার সামগ্রী সংগ্রহ করিতে হয়। বাস্তুযাগ মণ্ডল করণাশক্ত হইলে কেবল সোপান প্রতিষ্ঠা।

সামগ্রী যথা,——আসনাদি পুষ্পপাত্র, সর্ব্বৌষধি, পঞ্চগব্য, পঞ্চামৃত চরুহোম সামগ্রী বরণ, দক্ষিণা।

পুত্রেষ্টিযাগ।

পঞ্চগব্য, পঞ্চামৃত, পঞ্চগুণ্ডিকা, পঞ্চপল্লব, পঞ্চরত্ন, বস্ত্রযোড়, নারিকেল, শান্তিকুম্ভ, স্বর্ণ ১ মাষা পরিমিত, ঐ শান্তিকুম্ভ মৃণ্ময় বা তৈজস, মৃণ্ময় হইলে আচ্ছাদনার্থ সরা, তৈজস হইলে, রেকাব। আভ্যুদয়িক শ্রাদ্ধ, ষোড়শমাতৃকা, বসুধারা সচরুহোম কুশণ্ডিকা সামগ্রী। বরণ বস্ত্র, উষ্ণীষ, ব্রহ্মা পূজার ষোড়শোপচার, সাবিত্রী পূজার ষোড়শোপচার। পুত্রদান কর্ত্তার স্বর্ণ দক্ষিণা (যথাশক্তি)

মঠাদি প্রতিষ্ঠা।

ব্রাহ্মণ বরণ ৩, সঙ্কল্প সামগ্রী, ষোড়শ মাতৃকা পূজা, বসুধারা, আভ্যুদয়িক শ্রাদ্ধ,হোতা আচার্য্য ও সদস্যের বরণ ৩, ঘট, চরুহোম সামগ্রী, উডুম্বর সমিধ ব্রীহি, যব, তিল, কপিলাদুগ্ধ, তদভাবে অন্য গো দুগ্ধ, পূর্ণ-পাত্র দক্ষিণা (হোমান্তে)। তৎপর হোম দক্ষিণা,—হেমযুক্ত সবস্ত্র তিল পাত্র ১, এবং গাভী ১। স্থপতির অর্থাৎ গৃহনির্ম্মাতার পরিতোষণার্থ বস্ত্র।

চক্র ত্রিশূলাদি গৃহোপরি বিন্যস্ত করিয়া, বস্ত্রদ্বারা গৃহ আচ্ছাদন করিয়া গৃহ দ্বারের অনুরূপ তোরণ নির্ম্মাণ করিবে। গৃহানুরূপ ষোড়শ হস্ত প্রমাণ ঘণ্টা চামরাদি দ্বারা শোভিত যষ্টি সংযুক্ত ধ্বজ গৃহের ঈশান কোণে স্থাপন করিবে।

ঘট ২৫ টা, নারিকেল জল, পঞ্চগব্য পঞ্চামৃত, ষোড়শ উপচার ২ প্রস্থ, বিষ্ণুগৃহ হইলে গরুড়, শিব গৃহ হইলে, বৃষ, দেবী গৃহ হইলে সিংহ মূর্ত্তি গৃহ দ্বার সম্মুখে স্থাপন করিবে। দক্ষিণা স্বর্ণ। গরুড় স্তম্ভ আরোপণ করিবে। পূর্ব্বোক্ত বাহনের সাধারণ পূজাসামগ্রী। পিষ্টক প্রদীপাদির দ্বারা নির্ম্মঞ্ছন। বিংশতির অন্যূন ব্রাহ্মণকে ভোজন করাইবে। অনাথ আতুরদিগকে ভোজন করাইবে। নৃত্যগীতাদি মহোৎসব।

দশবিধাচল দান।

প্রথমে ধান্যশৈলস্যাদ্দ্বিতীয়ে লবণাচলঃ।
গুড়শৈলস্তৃতীয়স্তু চতুর্থো হেম-পর্ব্বতঃ।
পঞ্চমস্তিল-শৈলঃস্যাৎ ষষ্ঠঃ কার্পাস পর্ব্বতঃ।
সপ্তমো ঘৃত-শৈলশ্চ রত্নশৈলস্তথাষ্টমঃ।
রাজতো নবমস্তদ্বদ্দশমঃ শর্করাচলঃ ॥

১। ধান্যাচলদান।

ধান্যের পরিমাণানুসারে উত্তমাধম নির্ণীত হয়, উত্তম পরিমাণে ফল অধিক, অশক্তে মধ্যম ও অধম।

সহস্রদ্রোণ ধান্যে উত্তম, পাঁচশত দ্রোণে মধ্যম, তিন শত দ্রোণে অধম গিরি হয়, ইহার ফলও তদ্রূপ, কর্ম্মকর্ত্তা যথাশক্তি করিতে পারেন (উক্ত পরিমাণের মধ্যে)।

বৃদ্ধিশ্রাদ্ধ, ব্রাহ্মণ বরণ ৩, হোমার্থ অষ্টতাম্র পাত্র, আসন ৪, স্রুক্ ৪, প্রচুর কুশ, তিল, যব, ঘৃত, সমিধ, দুগ্ধ, তজ্জ্বালনার্থ ইন্ধন (জ্বালানি কাষ্ঠ)। গুরু ও ঋত্বিক্‌গণের জন্য বস্ত্রালঙ্কারাদি ও মধুপর্ক।

মণ্ডপ চতুরস্র একদ্বার বিশিষ্ট। মণ্ডপমধ্যে, ভূমি গোময়োপলিপ্ত করিবে। প্রচুর কুশ ঐ স্থলে স্থাপন করিয়া, পূর্ব্বোক্ত পরিমাণে ধান্যরাশি

আরোপণ করিবে; ঐ ধান্যরাশির উর্দ্ধভাগে গোমেদ, পদ্মরাগ; পশ্চিম ভাগে মরকত, নীল; উত্তর ভাগে বৈদুর্য্য ও পদ্মরাগ আরোপণ করিয়া সকল স্থানে চন্দন-খণ্ড এবং প্রবাল, মুক্তা, শুক্তিখণ্ড ছড়াইয়া রাখিবে। ঐ মেরুর (ধান্যরাশির) উপরে স্বর্ণনির্ম্মিত ব্রহ্মা, বিষ্ণু, শিব এবং সূর্য্যের মূর্ত্তি স্থাপন করিবে, অধোদেশে স্বর্ণনির্ম্মিত ঋষিমূর্ত্তিসমূহ ও পক্ষী মূর্ত্তি আরোপণ করিবে। এবং চতুর্দ্দিকে রৌপ্যময় ৪ শৃঙ্গ স্থাপন করিবে।

মেরুর নিতম্বদেশ বেষ্টনার্থ রৌপ্যপত্রিকা। মেরুর অধোভাগে চতুর্দ্দিকে বা উভয় পার্শ্বে কতিপয় ইক্ষুবৃক্ষ। পূর্ব্বাদি ক্রমে শুক্ল, পীত, নানা বর্ণের বস্ত্র স্থাপন করিয়া মেঘাবলী করিবে। মেরুর ঊর্দ্ধ পূর্ব্বদিকে আরোপণার্থ যথাশক্তি রৌপ্যনির্ম্মিত অষ্টলোকপাল মূর্ত্তি। মেরুর পার্শ্বে রোপণার্থ বিবিধ ফল এবং উৎকৃষ্ট মাল্য ও বিলেপনাদি (অগুরু কস্তুরী আদি)।

উপরিউক্ত প্রণালীতে মেরু আরোপণ করিয়া বিষ্কুম্ভ পর্ব্বত চতুষ্টয় নির্ম্মাণ করিয়া সাজাইবে; যথা——

(১) মেরুর পূর্ব্বদিকে মেরুর ধান্যের চতুর্থাংশের পরিমাণে যব রাশি করিয়া, তদুপরি নানাবিধ ফল, রাখিযা যবরাশির উর্দ্ধভাগে কদম্ববৃক্ষ এবং পশ্চিমাভিমুখ কামদেব মূর্ত্তি স্থাপন করিবে এবং প্রচুর পুষ্প বিলেপন ও ক্ষীরপূর্ণ রৌপ্যকুণ্ড স্থাপন করিবে।

(২) মেরুর দক্ষিণ দিকে ধান্যরাশির চতুর্থাংশের পরিমাণে গোধূম রাশীকৃত করিয়া, তদুপরি জম্বুবৃক্ষ এবং উত্তরাভিমুখ দক্ষ প্রতিমা স্থাপন করিবে, এবং ঘৃতপূর্ণ রৌপ্যকুণ্ড ১টী, বস্ত্র কতিপয়, রাজভবন, প্রচুর পুষ্প বিলেপন স্থাপন করিবে।

(৩) মেরুর পশ্চিম দিকে মেরু দ্রব্যের চতুর্থাংশ তিল রাশি স্থাপন করিবে, তদুপরি প্রচুর সুগন্ধি পিপ্পুল তরু, পূর্ব্বাভিমুখী হংস প্রতিমা রাজভবন, কতিপয় বস্ত্র, রৌপ্য কলস (দধিপূর্ণ) এবং প্রচুর পুষ্প ও বিলেপন স্থাপন করিবে।

(৪) মেরুর উত্তর দিকে মেরুদ্রব্যের চতুর্থাংশ মাষরাশি স্থাপন করিয়া, তদুপরি বটবৃক্ষ দক্ষিণাভিমুখী ধেনু প্রতিমা, মধুপর্ক এবং রাজভবন ও প্রচুর পুষ্প বিলেপন আরোপণ করিবে।

মেরুর ঊর্দ্ধদেশে বৃক্ষপঞ্চক আরোপণ করিতে হয়; ঐ ৫ বৃক্ষ এই যথা,——মন্দার পারিজাত, কল্পপাদপ, হরিচন্দন ও সন্তান। ঐ পাঁচ বৃক্ষ স্বর্ণনির্ম্মিত করিবে। ঐ বৃক্ষগুলিতে স্বর্ণনির্ম্মিত বহুবিধ বিহগ এবং বস্ত্রালঙ্কারাদি আরোপণ করিবে।

দেবতাসহিত উক্ত অচল পূজার্থে গন্ধ পুষ্পাদি। প্রচুর পরিমাণে পূজা সামগ্রী।

তিল, যব, ঘৃত, কুশ, ও সমিধ। অন্যান্য বহুবিধ উপকরণ। রাত্রিতে গীতবাদ্য আমোদ প্রমোদ জাগরণ।

দক্ষিণা ——৩৪, দশ, ৮, ৭ কিম্বা ৫টি গাভী আচার্য্যকে দিবে।

বচন যথা,—

গাস্ত দদ্যাচ্চতুস্ত্রিংশদথবা দশ শক্তিতঃ।
সপ্ত চাষ্টৌ তথা পঞ্চ প্রদদ্যাদপ্যশক্তিমান্॥

গুরুকে এক কপিলা দান করিবে। অভাবে অন্য গাভী। ঋত্বিকগণকে স্বুবর্ণ দক্ষিণা দিবে। তৎপর ইহাঁদের আজ্ঞা লইয়া কর্ম্মকর্ত্তা অক্ষার লবণ ভোজন করিবেন।

উক্ত ধান্যপর্ব্বত গুরু ও ঋত্বিকগণকে যথাভাগ দান করিবে।

উক্ত মেরুদানের সমস্ত উপকরণ ও দক্ষিণাদি সর্ব্ব-শৈল সাধারণ। কেবল শৈল নির্ম্মাণ ও দেবতাদি নির্ম্মাণ বিষয়ে কোনও কোনও স্থলে বিশেষ আছে, তাহা যথাস্থানে লিখিত হইবে।

২। লবণাচল দান।

ষোড়শদ্রোণ লবণে উত্তম, তদর্দ্ধে (দ্রোণে) মধ্যম, ৪ দ্রোণে অধম লবণাচল। যাঁহার যেরূপ শক্তি।

ঐ লবণের চতুর্থাংশে একটি বিষ্কুম্ভ পর্ব্বত করিবে। অন্যান্য সমস্ত পূর্ব্ববৎ। কেবল লোকপাল মূর্ত্তি স্বর্ণনির্ম্মিত।

৩। গুড়শৈল দান।

দশভার গুড়ে উত্তম, পাঁচভারে মধ্যম, তিন ভারে অধম। ইহার চতুর্দ্ধাংশে এক একটি বিষ্কুম্ভ পর্ব্বত। অন্যান্য অংশ ধান্যাচলবৎ।

৪। সুবর্ণাচল দান।

সহস্রপল সুবর্ণে উত্তম, পাঁচশতে মধ্যম, আড়াই শতে অধম। অন্যান্য ধান্যাচলবৎ।

৫। তিলশৈল দান।

দশদ্রোণ তিলে উত্তম, পাঁচদ্রোণে মধ্যম, তিন দ্রোণে অধম সমস্ত ধান্যপর্ব্বতবৎ।

৬। কার্পাসাচল দান।

বিংশভারে উত্তম, দশভারে মধ্যম, পাঁচ ভারে অধম। সমস্ত ধান্যাচলবৎ।

৭। ঘৃতাচল দান।

বিংশতি ঘৃতকুম্ভে উত্তম, দশ ঘৃতকুম্ভে মধ্যম, পাঁচ কুম্ভে অধম ঘৃতাচল হয়। চতুর্ভাগে বিষ্কুম্ভ পর্ব্বত। শালি তণ্ডুলপাত্র তদুপরি আরোপণ করিবে। ইক্ষুদণ্ড ও বস্ত্র সমূহ দ্বারা বেষ্টন করিবে। ফলাদি ও অন্যান্য ধান্যাচলবৎ।

৮। রত্নাচল দান।

সহস্র মুক্তাফলে উত্তম, পাঁচশতে মধ্যম, তিনশতে অধম। চতুর্থাংশে বিষ্কুম্ভ পর্ব্বত ৪। পূর্ব্বদিকে বজ্রগোমেদ, দক্ষিণে ইন্দ্রনীলক বিবিধ বর্ণের পুষ্পে গন্ধমাদন, পশ্চিমে বৈদুর্য্য ও প্রবাল। উত্তরে, সুবর্ণসহ পদ্মরাগ। অন্যান্য ধান্যপর্ব্বতবৎ।

৯। রৌপ্যাচল দান।

দশ সহস্রপল রৌপ্যে উত্তম, পাঁচ সহস্রপলে মধ্যম, আড়াইশত পল রৌপ্যে অধম রৌপ্যাচল। চতুর্থাংশে বিষ্কুম্ভ পর্ব্বত। দেবতাদি গঠন পূর্ব্ববৎ। অন্যান্য ধান্যাচলবৎ।

১০। শর্করাচল দান।

আট ভারে উত্তম, চারি ভারে মধ্যম, অর্দ্ধ ভারে অধম। চতুর্থাংশে বিষ্কুম্ভ পর্ব্বত। অন্যান্য ধান্যাচলবৎ। মন্দারে কামদেব, গন্ধমাদন শৃঙ্গে কুবের, বেদমূর্ত্তি ও সুরভি মূর্ত্তি। এই গুলি স্বর্ণ নির্ম্মিত।

উল্লিখিত দশগিরাচল দান রাজা জমিদার ভিন্ন সাধারণ অবস্থার লোকের সাধ্য নহে। ঐ সকল ক্রিয়াতে যে সকল বহুমূল্য মণি মুক্তা প্রভৃতি সামগ্রী ও উদ্যোগ আয়োজন প্রয়োজন হয়, তাহা উক্তবিধ ব্যক্তিরই সাধ্যায়ত্ত।

তুলাপুরুষ মহাদান।

দাতা সুবর্ণ দ্বারা একটি বিষ্ণু প্রতিমা প্রস্তুত করাইবেন।

পূর্ব্ব দিন যজমান ক্ষৌরকর্ম্মাদি করিয়া হবিষ্যাশী হইয়া থাকিবেন। পর দিন উপবাস, গুরুবরণ ১ প্রস্ত, গুরুও উপবাস করিবেন। সায়ংকালে বিষ্ণুপূজা ও অধিবাস সাধারণ উপচারে। তুলারও পূজা ও অধিবাস। তৎপর দিন প্রকৃত কর্ম্ম।

তুলার স্তম্ভ দ্বয় ৭ বা ৬ হাত দৈর্ঘ্যে; তৎকাষ্ঠের বিস্তার দ্বাদশাঙ্গুল। ঐ স্তম্ভ দ্বয়ের ২ হস্ত করিয়া অংশ ভূমিতে পুঁতিতে হইবে। প্রোথিত স্তম্ভ দ্বয়ের উপরিভাগে ১২ অঙ্গুলি বাদ দিয়া ৪ অঙ্গুলি বিস্তার একএকটি ছিদ্র করিবে। ঐ ছিদ্র দিয়া একটী কাষ্ঠ প্রবেশ করাইবে, উহা তুলাধারক কাষ্ঠ। উহা দৈর্ঘ্যে ৫ পাঁচ হাত হইবে, স্তম্ভ দ্বয়ের মধ্যস্থলে ঐ কাষ্ঠের ৩ হাত থাকিবে, এবং ১২ অঙ্গুলি করিয়া এক হাত কাষ্ঠ স্তম্ভের উভয় পার্শ্বে প্রবিষ্ট হইয়া রহিবে। ৪ হাত দীর্ঘ এবং ৪ অঙ্গুলি বিস্তার আর এক খানি কাষ্ঠ পূর্ব্বের তুলাধারক কাষ্ঠের সহিত সংলগ্ন করিয়া বাঁধিতে

হইবে। উহাই তুলাদণ্ড। অতঃপর ৪ অঙ্গুলি বেধ বিশিষ্ট ৪ বর্গ হস্ত অর্থাৎ সমচতুরস্র ২ খানি তক্তা, প্রত্যেকের কোণে লৌহ শৃঙ্খল আবদ্ধ করিয়া, পূর্ব্বোক্ত তুলাদণ্ডের উভয় প্রান্তে আটকাইয়া ঝুলাইয়া দিতে হইবে, ঐ লৌহ শৃঙ্খল ৪ হাত লম্বা হইবে। ইহারই নাম তুলা অর্থাৎ পরিমাপের কামান।

শক্তি অনুসারে মণ্ডপ ২০, ১৮, ১৬, ১৪, ১২, ১০ বা ৬ হস্ত বিস্তার করিতে হইবে, ঐ মণ্ডপ মধ্যস্থলে বেদী প্রস্তুত করাইতে হইবে।

অন্যান্য সামগ্রী।

পঞ্চগুণ্ডিকা, সাধারণ পূজোপকরণ প্রচুর। ষোড়শমাতৃকা পূজা কুশণ্ডিকা, বসুধারা, আভ্যুদয়িক শ্রাদ্ধ। গুরুবরণ ১ প্রস্ত, ঋক্‌, যজুঃ সাম ও অথর্ব্ববেদী ৪ জন ব্রাহ্মণ বরণ ৪ প্রস্ত। হোতা, আচার্য্য ও সদস্যের বরণ বস্ত্র।

পঞ্চগব্য, পঞ্চশস্য, ঘট, কলস, পঞ্চরত্ন, পঞ্চামৃত, বিষ্ণুর অধিবাস সামগ্রী (মহীগন্ধাদি); ষোড়শ উপচার, বিষ্ণু, সূর্য্য, ইন্দ্র, অগ্নি, যম বায়ু, কুবের, ঈশান, নৈঋত, ব্রাহ্মণ ও অনন্ত ইহাদের প্রত্যেকের এক এক প্রস্ত। বিষ্ণুর জন্য শ্বেত ও রক্ত পতাকা ২, সূর্য্যের পীত পতাকা ১, ইন্দ্রের রক্ত পতাকা ১, অগ্নির অগ্নিবর্ণ পতাকা, যম ও বায়ুর রক্ত পতাকা ২, ঈশান ও কুবেরের নীল পতাকা ২, অনন্তের নীল পতাকা ১।

সাধারণ হোম সামগ্রী, তিল হোমার্থ (পর্য্যাপ্ত), ঋত্বিক্‌গণকে স্বর্ণালঙ্কারাদি (যথাশক্তি) দান করিবে। তাহার দ্বিগুণ ঐ দ্রব্য গুরুকে দান। চন্দ্রাতপ বস্ত্র ১, পাতনের বস্ত্র ১, কর্ম্মীর নিজ দেহ পরিমাণ ওজনের স্বর্ণাদি দ্রব্য, তাহার আচ্ছাদন বস্ত্র ১।

ভূমিতে বস্ত্রোপরি স্বদেহ পরিমিত সুবর্ণাদি দ্রব্য স্থাপন করিয়া তথায়, বিষ্ণু প্রতিমা স্থাপন পূর্ব্বক সঙ্কল্প করিবে, এবং তুলাদ্রব্যের অর্দ্ধেক গুরুকে, অর্দ্ধেক ঋত্বিক্‌কে দিবে। অন্যের দক্ষিণা যথা।—

ব্রাহ্মণকে পূর্ণপাত্র, বা তদনুরূপ সুবর্ণ বা তন্মূল্য (মূলক্রিয়ার দক্ষিণা)। সঙ্কল্পিত অতিরিক্ত দ্রব্যের অর্দ্ধেক আচার্য্যকে, অর্দ্ধেক গুরুকে দিবে।

পরিশিষ্ট।

কতিপয় বিশেষ জ্ঞাতব্য কথা।

১। সংজ্ঞা প্রকরণে ষোড়শোপচারের প্রমাণ যথা, (সংজ্ঞা ১৯)

আসনং স্বাগতং পাদ্যমর্ঘ্যমাচমনীয়কং।
মধুপর্কাচমনং স্নানং বসনাভরণানিচ।
গন্ধপুষ্প ধূপ দীপ নৈবেদ্য বন্দনন্তথা॥

২। অন্নপ্রাশন ব্যবস্থা।——পুত্রের ষষ্ঠ বা অষ্টম মাসে, কন্যার ৫ম বা সপ্তম মাসে। (দশকর্ম্ম ৮)।

৩। দশকর্ম্ম ও যাগাদি যে কোন ক্রিয়া স্ত্রীলোক কর্ত্তৃক হইলে, তাহাতে আভ্যুদয়িক, ষোড়শমাতৃকা পূজা ও বসুধারা কর্ম্ম নাই।

৪। যে সকল ক্রিয়ায় বরণ আছে, তাহার প্রত্যেক ক্রিয়াটিতে বরণ আবশ্যক।

৫। পঞ্চগব্যের পরিমাণ তৎপ্রমাণ, যথা——

গোমূত্রৈকপলং দদ্যাদ্দধি ত্রিপলমুচ্যতে।
ক্ষীরং সপ্ত পলং দদ্যাদ্বৃদ্ধাঙ্গুষ্ঠেন গোময়ং।
আজ্যমেকপলং দদ্যাৎ পলমেকং কুশোদকম্॥

গোমূত্র ১ পল দধি ৩ পল, ক্ষীর ৭ পল, (একবারে) বৃদ্ধাঙ্গুষ্ঠাকৃত গোময়, ঘৃত একপল, কুশোদক ১ পল।

৬। প্রতিমা দিয়া পূজা করিলে, ষোড়শোপচারে করিতে হয়, ঘটে বা শালগ্রামে ষোড়শ এবং পঞ্চ যে কোন উপচারে হইতে পারে।

৭। ষোড়শে ভূমি দান——যে ভূমি দান করা হইবে, তাহা যদি সমধিক দূরবর্ত্তী হয়, তবে ঐ ভূমি হইতে ১ খণ্ড মৃত্তিকা আনিয়া, দানকালে এক খানি রেকাবে করিয়া রাখিতে হয়। যদি ভূমি দানে অশক্ত হয়, তাহা হইলে, তাহার মূল্য স্বরূপ কিছু রৌপ্য মুদ্রা দিতে হয়।

৮। চূড়াকরণে কাণ ফোঁড়ানের জন্য রূপার শলাকা একটি আবশ্যক। অভাবে ত্রিশ্বেতা শল্মলী।

৯। পরিভাষা,——

দ্রোণ — ৩২ (৩২) সের।

কর্ষ — ২ তোলা।

মাষা — ৵ আনা।

পল, — ১৬ তোলা।

ভার, — ১৬০০০ তোলা — ২০০ সের — ৫৲ মণ।

১০। দ্রব্য সংগ্রহের সময় নির্ণয়,——যে কোন ক্রিয়া উপস্থিত হইলে, প্রথমতঃ এই গ্রন্থোক্ত সেই সেই ক্রিয়ার বিবরণ পাঠ করিবেন এবং দেখিবেন যে কোন্ কোন্ দ্রব্য ক্রিয়ার পূর্ব্বে এবং কোন্ কোন্ দ্রব্য ক্রিয়ার দিন সংগ্রহ করিতে হইবে।

এই বিষয়টি সকলেই ঠিক করিয়া লইতে পারেন, তবে সুবিধার জন্য নিম্নে সংক্ষিপ্ত ভাবে তদ্বিষয় কিঞ্চিৎ বলা যাইতেছে,——

ক্রিয়ার পূর্ব্বে,——টাকা, পুরোহিত, ঘর দরোজা, মণ্ডপ, আসনাদির অন্তর্গত কতিপয় দ্রব্য, জ্বালানি কাষ্ঠাদি, ধান্য, চাউল, ডাল, মসলা, এবং যে কোন দ্রব্য বিশেষ অনুসন্ধানে ও পরিশ্রমে বা বিলম্বে সংগৃহীত হইবার সম্ভাবনা বুঝা যাইবে, তাহা। ক্রিয়ার কিছু পূর্ব্বে,—দধি, ঘৃত, চিনি, ময়দা, মধু, অধিক কি, নিম্ন লিখিত কয়েকটি ভিন্ন সমুদয় দ্রব্যই ২ দিনবা তাহারও পূর্ব্ব সময়েই সংগ্রহ রাখা উচিত, অন্যথা ক্রিয়া পণ্ড হইতে পারে।

ক্রিয়া দিনে পুষ্প, জল, বিল্বপত্র তুলসীপত্র, ঘসাচন্দন, দুগ্ধ এবং ঐ রূপ অন্যান্য দ্রব্য যাহা পর্য্যুষিত অর্থাৎ বাসি হইলে নষ্ট ও অব্যবহার্য্য হয় তৎ সমস্ত। সাধারণ মত দেবার্চ্চনাদিতে কোন২ সামগ্রী ক্রিয়ার দিনেই সংগ্রহ করিতে পারা যায়, করাও হইয়া থাকে। অসমর্থ ব্যক্তি পূর্ব্ব লিখিত প্রণালীমত ক্রমশঃ সংগ্রহ করিতে পারেন।

নানা কথা।

এই ভাগে ক্রিয়াকর্ম্মগুলির বিশেষ বিশেষ স্থলে মোটামুটি ব্যয়ের কথা এবং সঙ্গে সঙ্গে ঐ সকল জিনিষ সংগ্রহেরও উপায় লিখিত হইতেছে,

কেবলমাত্র ক্রিয়াটীতে যাহা ব্যয় আবশ্যক তাহারই উল্লেখ করা যাইতেছে, কর্ম্মকর্ত্তা নিজ অবস্থানুসারে ব্যয় বৃদ্ধি বা ব্যয় সংক্ষেপ করিয়া ক্রিয়া নির্ব্বাহ করিতে পারেন; ব্রাহ্মণাদি ভোজ ও অন্যান্য লোককে খাওয়ানের বিষয় লিখা নিষ্প্রয়োজন; স্থান, কাল ও অবস্থা অনুসারে তাহা করিতে পারেন। ভোজ দেওয়ার ফর্দ্দ অতঃপর, লিখা যাইতেছে।

প্রত্যেক ক্রিয়াকাণ্ডে আসনাদি, পঞ্চগব্য, পঞ্চামৃত, ইত্যাদি কতিপয় সামগ্রী আবশ্যক হয়, তন্মধ্যে আসনাদির অন্তর্গত দ্রব্যগুলি সর্ব্বদাই হিন্দুর ঘরে সংগৃহীত থাকা আবশ্যক। নতুবা অনেক সময় অন্যের নিকট হইতে চাহিয়া আনিয়া কার্য্য করিতে হয়। ঐ সমস্ত সামগ্রী প্রায় ব্রাহ্মণ এবং সম্পন্ন বনিয়াদি শূদ্রের ঘরে থাকে। আধুনিক অনেক নূতন গৃহস্থের ঘরে ঐ সকল জিনিষ খুঁজিয়া পাওয়া যায় না। যাহাহউক, যাঁহাদের ঘরে থাকে না, তাঁহারা প্রতিবেশীর নিকট হইতে সংগ্রহ করিয়া আনিতে পারেন, ক্রিয়াটি নির্ব্বাহ হইলেই তাহা প্রত্যর্পণ করিবেন। যেখানে নিতান্ত দুষ্প্রাপ্য, এরূপ অবস্থায় হিন্দু গৃহস্থ তাহা অবশ্য সংগ্রহ করিয়া রাখিবেন। ব্যয়ও অধিক নহে, দ্রব্যগুলি একবার করিয়া রাখিলে, বহুদিন তদ্দ্বারা কার্য্য চলে।

ব্যয় নিরূপণ।

কুশাসন (কেবল ক্রিয়াকাণ্ডের জন্য)	৪	৷০	হইতে	১৲
কম্বলাসন	১	৸০	„	২৲
কোসাকুশী টাট	২ প্রস্ত	২৲	„	৫৲
ধুপাতি	২	/০	„	৸০
চামুন	২	/০	„	/০
দীপাধার	১	৶০	„	৷৷০
পঞ্চ প্রদীপ	১	১৷৷০	„	২৷৷০
ঘণ্টা	১	৷০	„	৸০
শঙ্খ	১	৷৷০	„	১৲
ত্রিপদী	১	১৷৷০	„	২৲

জলশঙ্খ	২	॥৵০	,,	[illegible]
নৈবেদ্য স্থাপনের আধার অন্ততঃ ৫টা				
(কাষ্ঠময়) প্রত্যেক টা ।৵০ হিসাবে	৫	১৸৵০	,,	৫৲
ঐ ধাতু নির্ম্মিত	৫টা	৫৲	,,	১০৲
		১৪॥০		৩১।/০

একবারে সমুদয় গুলি ক্রয় করিতে অসমর্থ হইলে অসম্পন্ন গৃহস্থ ক্রমে ক্রমে ঐ গুলি অবশ্য সংগ্রহ রাখিতে পারেন।

অন্যান্য সামগ্রী।

ক্রিয়া উপস্থিত হইলে অন্যান্য সামগ্রী যাহা আবশ্যক হয়, তন্মধ্যে মোটা-মুটী কয়েকটির ব্যয় লিখিত হইতেছে ;——

"ঘটকাণ্ড"

ঘট তৈজস	১	১৲ হইতে		২৲
মৃণ্ময়	১	৴১০	,,	/০
পুষ্পপাত্র (কাংস্য বা তাম্র নির্ম্মিত থালা)	১	২৲	,,	৫৲
গন্ধ—অগুরু	/১	॥০		
সারচন্দন	/১	।৵০		
রক্তচন্দন	/১	।০		
		৪৵১০		৭/০

পঞ্চরত্ন—

স্বর্ণ, রৌপ্য ও প্রবাল কিছু না কিছু গৃহস্থের ঘরে থাকে। কেবল মণি মুক্তা সমৃদ্ধ ঘর হইতে সংগ্রহ করিতে হয়। অভাবে, অনুকল্প হরিতাল অবলম্বনীয়। পঞ্চরত্ন স্থলে স্বর্ণ রৌপ্যাদি অতি অল্প পরিমাণে থাকিলেই চলে।

সর্ব্বৌষধি—(বাজার) মূল্য সর্ব্ব সমেত

ষোড়শোপচার মধ্যে ক্রেয় সামগ্রী।

আসন—রক্তাসন		৵০	হইতে	১৲
কুশাসন		৴০	,,	।০
মধুপর্ক পাত্র, প্রত্যেকটা		৴১০	,,	।০
আহত বস্ত্র ১ খানা		৸০	,,	২৲
আভরণ—				
রৌপ্য অঙ্গুরী	১	৵০	,,	১৲
		[শক্তে স্বর্ণাঙ্গুরী ২০৲]		
শাঁখা		॥০	,,	২৲
সিন্দূর		৴১০	,,	৵০
দর্পণ (আয়না)		৵০	,,	১৲
ফাইল (পট্টসূত্র)	২	৴১০	,,	৵০
চিরুনি	১	৴১০	,,	।০
		১৸৴০		৮

সংক্ষেপ হোম সামগ্রী মধ্যে

তাম্রকুণ্ড	১	॥০	হইতে	২
কুশণ্ডিকার মধ্যে বিশেষ—				
ছায়ামণ্ডপ	১	১॥০	,,	৫৲
তন্মধ্যে চরুহোমার্থ আজ্যস্থালী—				
তাম্রকুণ্ড	১	॥০	,,	২৲
চরুস্থালী—				
হাতা, বগুনা, বাউলি, বেড়	১ প্রস্থ	২৲	[illegible]	৫৲
কাষ্ঠসামগ্রী—				
স্রুক্, শ্রুব, দর্ব্বী, মেক্ষণ ফরমাসমত ছুতার দ্বারা প্রস্তুত করাণ ও কাষ্ঠাদির মূল্য সর্ব্ব সমেত		১৲	,,	৫৲
		৫॥০		১৯

ঐ সকল কাষ্ঠ সামগ্রীর আকার ও অবয়ব সূত্রধরগণ অবগত আছে, কেহ না বুঝিলে, সংজ্ঞা প্রকরণোক্তমতে বুঝাইয়া দেওয়া আবশ্যক।

প্রতিমা।

স্বর্ণময়ী বা রৌপ্যময়ী প্রতিমা শক্তি অনুসারে সংগ্রহ করিবেন, যাঁহাদের শক্তি আছে, তাঁহারা যথাযোগ্য মূল্যে প্রস্তুত করাইয়া লইবেন।

স্থাপনার্থে প্রস্তরময়ী প্রতিমা পাওয়া যায়, নতুবা কাশী প্রভৃতি অঞ্চল হইতে ফরমাইসমত প্রস্তুত করাইয়া আনিতে হয়। মূল্য কারুকার্য্য বিবেচনায় ৫০৲ হইতে ১৫০ কি ২০০৲ টাকা পর্য্যন্ত হইয়া থাকে। ২ হস্ত পরিমিত একটি শ্যামা প্রতিমা ৫০৲। ৬০৲ টাকায় বিক্রী হয়।

মৃণ্ময়ী প্রতিমা——

দ্বিহস্ত পরিমিত একটি শ্যামা প্রতিমা ॥০। ১৲ টাকা। সুন্দর রূপে গঠিত ও চিত্রিত হইলে ঐ আকারের একটি প্রতিমার মূল্য ২৲ টাকা পর্য্যন্ত হইতে পারে। সময় ও অবস্থানুসারে যেরূপ ইচ্ছা করিতে পারেন। ঐ অনুপাতে দুর্গোৎসব ও জগদ্ধাত্রী প্রতিমার মূল্য কাঠামের কার্য্য সমেত ১০৲ হইতে ৪০। ৫০ টাকা পর্য্যন্ত হইয়া থাকে। উপরে কেবল প্রতিমারই মূল্য নির্ণীত হইল, তারকুলী, রাঙ্গের সাজ ও বস্ত্রাদিতে অবশ্য অতিরিক্ত ব্যয় পড়ে।

সাজের মূল্য।

অধম	মধ্যম	উত্তম
১০৲	২৫৲	৮০—১০০৲

শ্রীকৃষ্ণের দ্বাদশ যাত্রা

মধ্যে——

মঞ্চ, দোলা স্তম্ভ ইত্যাদি যে সকল যান, আসন ও আসবাবের উল্লেখ আছে, তাহা কাষ্ঠখচিত সামান্য প্রকারের হইলেও চলে, সুন্দর কারুকার্য্যময় বহুব্যয় সাধ্যও হইতে পারে। দোল যাত্রায় আবশ্যক দোলা ইত্যাদি, সাধারণ অবস্থায় সামান্য তৃণগৃহে মৃন্মঞ্চে হইতে পারে, সমৃদ্ধিশালীরা পাকা

মঞ্চ নির্ম্মাণ করাইয়া সিংহাসন ও দোলাদি সুন্দর কারুখচিত কাষ্ঠে ও রৌপ্যে নির্ম্মাণ করাইয়া লন। ব্যয় ১০ হইতে ১০০৲ এবং পাকা মঞ্চ ৪০০—৫০০৲

দোল, দুর্গোৎসব ও শ্যামা পূজার ব্যয়-নিরূপণ।

দুর্গোৎসব—

প্রতিমা	১০৲	হইতে	২০৲
ঐ সাজ	১০৲	,,	২৫৲
পূজোপকরণ বস্ত্র	১২৲		
কাইল চিরুণী আদি	১॥০		
কুশাসন	॥০		
কম্বলাসন	১৲		
চন্দন	।০		
মহাস্নান সামগ্রী সংগ্রহ ব্যয়	২৲		
প্রণস্তিবন্ধন সামগ্রী ব্যয়	১৲		
ঘট	॥৵০		
ছাগবলি	৯	,,	২০
মহিষবলি	১০	,,	২০
রোচনার্থে ফলমূলাদি	৫	,,	১০
দেবদেবীর জন্য (ভোগ) পরমান্ন পিষ্টক ও			
ভোজ ভোজ্যাদি ৩। ৪ দিনে	১৫	,,	৩০
প্রত্যহ ৫০টি লোককে খাওয়ানের ব্যয়	৪০	,,	৬০
মামুলি বস্ত্রাদি ও বাজে ব্যয়	২৫	,,	৮০
বাদ্য ঢাক ঢোল	৫	,,	১০
নৃত্য গীত	১৫	,,	১৫০
পুরোহিতের দক্ষিণা	১০	,,	২৫
	※১৯২দ৵০		※৪১২দ৵

※ এই শ্রেণীতে মামুলি বস্ত্রাদিতে ও লোক খাওয়ানেতে এবং পুরো-

শ্যামাপূজা।

প্রতিমা	॥০	হইতে	১
ষোড়শোপচার ১ প্রস্ত	১৸৹	„	১৮
পূজার উপকরণ	॥৹	„	৪
ছাগবলি	১॥৹	„	৪
দক্ষিণা (যথাশক্তি)			
দেবীর ভোগ সামগ্রী	১	„	২
২৫ জনের আহারের ব্যয়	৫	„	১০
	১০।০		২৯

দোলযাত্রা।

দোলা ও বেদী	২	হইতে	১০
বস্ত্র	২	„	৩
আবীর	১	„	২
অন্য উপকরণ	২	„	৫
ভোজভোজ্য	১৫	„	৫০
দক্ষিণা বস্ত্র্যুৎসব সহ (যথাশক্তি)			
	২২		৭০

দশকর্ম্ম।

বিবাহে।

পূজা সামগ্রী—দেবার্চ্চনাধ্যায়ে যেরূপ উল্লিখিত আছে, তদ্রূপ; যাঁহার

হিতের দক্ষিণা ইত্যাদি আরও অধিক ধরিলে, মোট ২০০৲ কিম্বা ২২৫ টাকাতে হয়।

* এই শ্রেণীর পূজা ৫০০ টাকাতে সুন্দর রূপ হয়।

মধ্যাবস্থার হিন্দু গৃহস্থের জন্য ঐ রূপ ব্যয় এবং দক্ষিণার পরিমাণ সহ এই ফর্দ প্রস্তুত হইল, সমৃদ্ধিশালীরা অবশ্য এতদপেক্ষা অধিক ব্যয় করিতে পারেন, করিয়াও থাকেন।

বেরূপ সাধ্য।

বরপূজা ও বরের যৌতুক

৩য় শ্রেণী		২য় শ্রেণী	
বস্ত্র ২জোড়	৪	পট্টবস্ত্র ১ জোড়	১৫
পাদুকা (২ প্রকার)	২	সাধারণ বস্ত্র ১ জোড়	২
জলপাত্র	৩	পাদুকা (২ প্রকার) কাষ্ঠ ও চর্ম্ম	৩॥০
অন্নাদি পাত্র ১ প্রস্ত	৫	জলপাত্র	৫
আংটি স্বর্ণনির্ম্মিত	৮	অন্নাদি পাত্র	১০
শয্যা ১ প্রস্ত	১৮	কলস	৪
কুশণ্ডিকা ব্যয়	১০	শয্যা ১ প্রস্ত	৩০
পুরোহিতের দক্ষিণা যথাশক্তি		ঘড়িচেন আদি	১০০
		ছত্র	১
বাদ্যভাণ্ড	১০	কুশণ্ডিকা	১০
নৃত্যগীত	২৫	বাদ্যভাণ্ড	২০
দেবার্চ্চনা	২০	নৃত্যগীত ২ মজলিশ	১০০
২০০ লোকের আহারীয়	৫০	দেবার্চ্চনা ২।৩টি	৩০
বস্ত্রাদি (জ্ঞাতিকুটুম্বার্থ)	৪০	৩০০ লোকের আহারীয়	৩০০
		বস্ত্রাদি (জ্ঞাতিকুটুম্বার্থ)	১০০
	১৮৭		৫৩০॥০

কন্যার জন্য,——

সাধারণ বস্ত্র ২ যোড়	৪	পট্টবস্ত্র ১ যোড়	১২
মজুর ব্যয়	৬	সাধারণ শুক্ল বস্ত্র	৫॥
	১৯৭	অতিরিক্ত চাকর চাকরাণী ও মজুর	১৫
		বাহকাদি	১০
		পারিতোষিক	১০
			৬৮৩

প্রায় ৭০০ টাকা।

উপনয়ন।

(চূড়াকরণ-বেদারম্ভ-সমাবর্ত্তন সহ)

বৃদ্ধিশ্রাদ্ধ ষোড়শমাতৃকা ও বসুধারার ব্যয়।

চরুহোম সামগ্রী

পাত্রাদি	৭॥	হইতে	১৯

ঘৃত ২, দধি ॥, মধু ৵, খৈ, কাপড় ৪ জোড়া ৮।

ষোড়শমাতৃকা পূজা ও বসুধারা

কলা, গুবাক, পান সহ	২	”	১৫
শ্রাদ্ধের কাপড় ২ জোড়	৩	”	৬
দধি, গুড় চিনি, মধু, ঘৃত	২॥	”	৫
কৌপীন বস্ত্র সহ আহত বস্ত্র ২ জোড়া	২	”	৪
পঞ্চশস্য	৴	”	৵০
বেড়ু বাঁশ পলাশ কাষ্ঠ	৵০	”	।০
কুণ্ডল			১২
ঝুলিবস্ত্র	॥০	”	১
নাপিত বিদায়	২	”	৪
নাপিতের বস্ত্র	১॥০	”	২॥
ব্রহ্মচারীর অলঙ্কার ১ প্রস্থ	৫	”	৫০
কাণ ফোড়ানের রূপার শলা (অভাবে ত্রিশ্বেতা শল্লকী)	॥০	”	৫॥০
কাষ্ঠ পাদুকা ১ জোড়	।০	”	৸০
চর্ম্ম পাদুকা ১ জোড়	১॥	”	৩
ছত্র	১	”	১॥০
চন্দ্রাতপ গামছা	।০	অষ্টবিধ	২

দক্ষিণা যথাশক্তি। উল্লিখিত তালিকার লিখিত ব্যয়ে চূড়াকরণ ও বেদারম্ভ সমাবর্ত্তনও হইতে পারে। এতদ্ব্যতীত অবস্থানুসারে দেবার্চনা (শ্যামাপূজা সুবচনী মঙ্গলচণ্ডী বনদুর্গা ইত্যাদি) এবং তাহার দক্ষিণা যথাশক্তি।

ব্রাহ্মণ ভোজ ও অন্যালোকের ভোজ তালিকানুসারে যথাশক্তি।

বৃদ্ধিশ্রাদ্ধ কুশণ্ডিকাদির ব্যয় পূর্ব্ববৎ। কেবল বালকের অলঙ্কার যথাশক্তি। মূলক্রিয়ার ব্যয় ধাত্রীর জোড়, বালকের জোড় ও অন্যান্য সামগ্রী ৫ ২৫ ১০০

অনুষক্ত ব্যয়— দেবার্চ্চনা ও ব্রাহ্মণভোজ যথাশক্তি।

বরপক্ষে পন্যাপক্ষীয়কে কন্যার জন্য অলঙ্কার এবং কন্যাপক্ষে বরপক্ষীয়কে পণদান ইত্যাদি যাহা লোকাচার আছে, তাহা এতদ্ব্যতীত আবশ্যক হয়। এস্থলে তদ্বিষয় লিখা নিষ্প্রয়োজন। অবস্থানুসারে তালিকার লিখিত ব্যয়ের ন্যূনাধিক্য করিতে পারেন। বাজার অনুসারে মূল্যের তারতম্য হইয়া থাকে।

অন্নপ্রাশন ও উপনয়নাদি কার্য্যে স্থান, কাল ও অবস্থানুসারে, এবং দেশাচার, লোকাচার ও কুলাচার মতে আবশ্যকমত দেবার্চ্চনা এবং লিখিত উপদেশ ক্রমে এবং পশ্চাল্লিখিত তালিকানুপাতে ব্রাহ্মণাদি ভোজ্য ও অন্যলোককে খাওয়াইতে পারেন। ফলতঃ যাঁহার যাহা করিতে ঐকান্তিকী ইচ্ছা এবং যাহা না করিলেই নয়, তাহা আর্থিক অবস্থানুসারেই করা কর্ত্তব্য। আড়ম্বরযুক্ত বহুব্যয়সাধ্য কার্য্য নিঃস্ব ব্যক্তির অবশ্যই সাধ্যাতীত। সময় ও অবস্থা বুঝিয়া ক্রিয়া কর্ম্ম করিতে পারেন; অশক্ত অবস্থায় আড়ম্বর করিতে যাওয়া বিড়ম্বনার হেতু।

শ্রাদ্ধকাণ্ডে —

ষোড়শ দান।

		নিম্নশ্রেণী।	মধ্যশ্রেণী।
১।	ভূমি, অশক্তে মূল্যসহ রেকাবে মৃৎখণ্ড	১	১০
২।	আসন, কুশাসন, কম্বলাসন	১	২
৩।	জলদান, তৈজস কলস	২	৫
৪।	বস্ত্রদান	২	৪
৫।	দীপ	॥৴	৩॥
৬।	অন্ন	২	৫
৭।	তাম্বূল	১	৩
৮।	ছত্র	১	১।৴
৯।	গন্ধ, চন্দনাদি	।০	॥০
১০।	মাল্য	৵০	।০
১১।	ফল	⁄০	৵০

১২।	শয্যা, লেপ, তোষক, বালিশ, মশারি ইত্যাদি সহ খাট ১ খানি	১৫	৪০
১৩।	পাদুকা ২ প্রকার	২	৪
১৪।	গাবৌ, সবৎসা গাভী ১টি	১৫	২৫
১৫।	কাঞ্চন (স্বর্ণ)	২	২০
১৬।	রজত, (রৌপ্য)	১	৫
		৪৫৸৴	১২৮৸০

উক্ত ষোড়শের প্রত্যেক দানের সঙ্গে এক এক খানি তৈজসাধার আবশ্যক হয়, তাহার মূল্য সর্ব্বসমেত (রেকাব হইলেই হয়)

৪	১০।০
৫৪	১৩৯

সময় ও বাজারঅনুসারে উল্লিখিত তালিকার মূল্যের তারতম্য হইতে পারে।

তৈজস সামগ্রীগুলি রূপার করিলে, তাহাকে "রূপার ষোড়শ" বলে। ৩০০ হইতে ১০০০ টাকা পর্য্যন্ত ব্যয়ে একটি রূপার ষোড়শ হইতে পারে। যতটি ষোড়শ করিতে ইচ্ছা, ততগুণ ব্যয়ও আবশ্যক হইবে।

বৃষোৎসর্গ।

	নিম্নশ্রেণী।	মধ্যশ্রেণী
বৃষ একটী পুষ্টাঙ্গ ও ক্ষত হীন	১	২৫
বৎসতরী (বকনা) ৪টি	১২	২০
বৃষের অলঙ্কার ১ প্রস্ত	২	৫
বৎসতরীর কাংস্যক্রোড়াদি	২	৫
বৃষাচ্ছাদন	১	৫
বৎসতরীর আচ্ছাদন বস্ত্র	২	৪
	২৯	৬৪

আদ্যশ্রাদ্ধ।

যজ্ঞমণ্ডপ	১৷৷০	
কাষ্ঠ সামগ্রী ও অন্যান্য সামগ্রীর ব্যয় ৮৭ পৃষ্ঠায় উল্লিখিত হইয়াছে। তাহা মোট	৬	১২
ষোড়শ ব্যয়	৫৪	১৩৯
	৯০৷৷	২২০

উল্লিখিত ষোড়শ, বৃষোৎসর্গ ও আদ্য শ্রাদ্ধে প্রত্যেক বৃত ব্রাহ্মণকে বরণ বস্ত্রাদি ও দক্ষিণা দিতে হয়। তাহা যিনি যেরূপ সংগ্রহ করিতে সক্ষম, তিনি তাহাই করিবেন। ফলতঃ প্রত্যেক বৃত ব্রাহ্মণকে ঐ সকল দিতে হয়। গীতা ও বিরাটও উহার অন্তর্গত করিয়া লইলে, ঐ বাবতে ব্যয়

ন্যূনাধিক	২৫	১০০

এতদ্ব্যতীত কাঙ্গালী ও অতীথি অভ্যাগত বিদায় ও ব্রাহ্মণাদি ভোজের ব্যয় কর্ম্মকর্ত্তা সাধ্যানুসারে করিবেন।

আহারীয় সংগ্রহ।

২৫ জন লোকের আহারোপযোগী।

ফলাহার।

জ্বালানিকাঠ	৷৷০	ময়দা ৷৫ সের	১৷০
চিনি ৴৩ সের	৸০	ঘৃত (গব্য) ৴৩৸ সের	৪০
ডাল ৴২ সের	৷০	তরকারী	৶০
মসলা	৶০	লবণ	৴০
সন্দেশ মেঠাই ৴৪ সের	২৲	দধি ক্ষীর	২০
পান তামাক	৶০		

মোট ব্যয় ৯৷০

অন্নভোজ্য।

১ম প্রকার—

কাঠ	॥৶.	উত্তম চাউল	১৲	আতপ	॥৹
দাইল	।৹	গুড়	৶৹	দুগ্ধ	২৲
দধি	॥৹	ঘৃত	।৹	তরকারী ইত্যাদি	৶৹
মসলা	৴৹	তৈল লবণ	।৹	পান তামাক	৶৹

মোট ব্যয় ৬

২য় প্রকার।

চাউল ২ প্রকার	১৸৹	দাইল	।৹
ঘৃত ৴১৸ সের	১৸৹	ময়দা ৴২ সের	৶৹
চিনি ৴১॥	।৶৹	গুড়	৶৹
দধি	॥৹	দুগ্ধ	১৲
মৎস্য	১॥৹	লবণ	৶
তৈল	।৹	হরিদ্রা লঙ্কা তরকারী	৶
মসলা	৶৹	পান তামাক	৶
সন্দেশ মিঠাই	২৲	(আবশ্যক হইলে মাংস)	

মোট ব্যয় ... ... ৯।৶

পলান্ন বা পোলাও।

২৫ জনের আহারোপযোগী।

পুরাতন সূক্ষ্ম চাউল	১	ঘৃত (পোলাও মাংসাদিতে	
ডাল দুই রকম	।	দিবার জন্য) ৴৩ সের	৬
তরকারি ১ প্রস্ত	৶	মৎস্য বা মাংস	২
তৈল হরিদ্রা লবণ	।৶	দধি ৴৫ সের	॥৶
পায়স পিষ্টক	১	সন্দেশ মেঠাই	২
মসলা কিসমিস বাদাম ইঃ	১	পান তামাক	৶

সাধারণ ফলাহার ভোজ।

দধি ॥ মণ	২॥	চিড়ে	॥৹
দৈ	৶	গুড়	॥৹
চিনি	।৶	মেঠাই	২
ময়দা	৮	ঘৃত (গব্য)	৯
মাহিষ ঘৃত	১	ফল মূল	।৹

মোট ব্যয় ... ৮।